আপনার প্রশ্ন আমার জবাব
খামোখা ঝগড়া করে কী লাভ?

পূন্যের সন্ধানে

মূল:

মাওলানা ইলিয়াস ঘুম্মান সাহেব দা.বা. পশ্চিম পাকিস্তান

অনুবাদ:

ইবাদুর রহমান

লক্ষ্য করুন!

পৃথিবীতে আপত্তিরও শেষ নেই, আপত্তিকারীরও অভাব নেই। নাউযুবিল্লাহ-লোকেরা সাহাবায়ে কেরামের উপর কতইনা আপত্তি তুলেছে। এমনকি আপত্তির ক্ষেত্রে নবী-রাসূলদেরকেও ছাড়েনি। পরিশেষে আল্লাহ তায়ালার উপরও আপত্তির ধৃষ্টতা দেখিয়েছে। জিহাদ ও মুজাহিদীনদের উপর আপত্তি তোলা নতুন কিছু নয়। বরং তা যুগযুগ ধরেই চলমান। মনে রাখবেন সব আপত্তির জবাব নেই, প্রত্যেক প্রশ্নেরই উত্তর দিতে আমরা বাধ্য নই। যারা ভাগ্যবান তাদের আল্লাহ তায়ালার একটি বাণীই যথেষ্ট। আর হতভাগাদের হাজারও আপত্তির জবাব দিয়েও কোন লাভ নেই। ইতিহাস যার জ্বলন্ত স্বাক্ষী।

بسم الله الرحمن الرحيم

হৃদয়ের আকুতি

আজ ২৬ জুমাদাল উখরা ১৪২২হি: মোতাবেক ১৫ সেপ্টেম্বর ২০০১ খৃ: রোজ শনিবার সময় বিকাল ৩টা। রাওয়াল পিন্ডি শহরের আড়াইয়ালাহ জেলের ৪ নাম্বার চৌকির তিন নাম্বার সেলে বসে বান্দা ইলিয়াস এক আরজু পেশ করছি। মুসলিম উম্মাহর কর্ণধার,হে ওলামা, খুতাবা, মুদাররিসীন, মুবাল্লেগীন ও মাশায়েখে কেরাম! আমি এক ব্যাথাতুর হৃদয় দিয়ে আপনাদের খিদমতে এক ফিকরী দাওয়াত পেশ করছি যে, আপনাদের সকল ব্যস্ততাই দ্বীন। ইনশা আল্লাহ এতে বিন্দু মাত্র সন্দেহ নেই। কিন্তু যদি দ্বীনের বুলন্দি এবং দ্বীনদারদের জান, মাল, ইজ্জত ও ঈমানের সংরক্ষণ এবং শাআইরুল্লাহর (পৃথিবীতে আল্লাহর নির্দেশনাবলী) মর্যাদা রক্ষা ও ইসলামের বিধানাবলীর প্রচলন এবং খিলাফতে ইসলামিয়ার পূণর্জীবন ও স্থায়ীত্ব আপনারা চেয়ে থাকেন। তাহলে নিজেদেরকে বর্তমান খিদমাতগুলোর পাশাপাশি জিহাদের জন্যও পেশ করুন। অন্যথায় নিজেদেরও মিটে যেতে হবে এবং পুরো মুসলিম উম্মাহ ও ইসলাম নিশ্চিহ্ন হবার অপরাধ কাঁধে নিয়ে হাজির হতে হবে ঐ আদালতে যেখান থেকে ঘোষনা হচ্ছে إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ।

অমূল্য বাণী

হযরত আকদাস মুফতি রশীদ আহমাদ লুধিয়ানভী দা.বা. এরশাদ করেন, আল্লাহ তা'য়ালা সকল মুসলমানকে বিশেষ করে ওলামাগনকে জিহাদের বুঝ দান করুক! কারন জিহাদ বিমুখতা ও উদাসীনতার লাঞ্চনা ও শাস্তি ওলামাগনের উপরই আসবে আল্লাহ তা"য়ালা বলেন :

وَلَيَحْمِلُنَّ أَثْقَالَهُمْ وَأَثْقَالًا مَّعَ أَثْقَالِهِمْ وَلَيُسْأَلُنَّ يَوْمَ الْقِيَامَةِ عَمَّا كَانُوا يَفْتَرُونَ (سورة العنكبوت:13)

নিশ্চই তারা নিজেদের বোঝার সাথে অন্যদের বোঝাও বহন করবে এবং ক্বিয়ামত দিবসে নিজেদের মনগড়া কথা সমূহের ব্যাপারে তাদেরকে জিজ্ঞাসা করা হবে। (সূরা আনকাবুত : (জাওয়াহেরে রশীদিয়া খ:১ পৃ:১৭)

একটি স্বপ্ন

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের উপর আমরিকা হামলা করার প্রায় এক বছর পূর্বের কথা। আমি তখন ভাওয়ালপুর সেন্ট্রাল জেলে বন্দি। একটি স্বপ্ন দেখলাম। স্বপ্নের ব্যাখ্যা জানতে চাইলাম, আহলে সুন্নাত ওয়াল জামা'আতের ইমাম শাইখুল হাদিস ওয়াত তাফসীর মাওলানা মোহাম্মদ সরফরায খান সফদর এর কাছে। হযরত ব্যাখ্যা দিলেন। কতিপয় বন্দুর পরামর্শে ও হযরতের নির্দেশে মুসলিম উম্মাহর প্রতি মহা সুসংবাদ হিসেবে ব্যাখ্যাটি এখানে পেশ করছি।

উস্তাদে মোহতারাম হযরত আকদাস মাওলানা মোহাম্মদ সরফরায খান সফদর সাহেব দা.বা. আল্লাহ তা'য়ালার কাছে আপনার পূর্ণাঙ্গ ও স্থায়ী সুস্থতা কামনা করছি। এবং আমাদের মত অযোগ্যরা আপনার মহান সত্তা থেকে বরাবর উপকৃত হবার তাওফিক চাচ্ছি।

হযরত ! আমি ভাওয়ালপুর জেলে থাকা অবস্থায় সামান্য বিরতি দিয়ে পরপর দুটি স্বপ্ন দেখলাম। হযরতের কাছে উভয় স্বপ্নের ব্যাখ্যা জানার আবেদন জানাচ্ছি।

এক.

আমি দেখলাম যে, দিনের বেলা স্বপ্নে দাজ্জালকে দেখলাম। অত:পর গ্রেনেড দ্বারা তার উপর আক্রমন করলাম। কিন্তু আমার গ্রেনেড হামলা থেকে সে বেঁচে গেল। আর আমার নিক্ষিপ্ত গ্রেনেডটি যমিনের একটি গর্তে ঢুকে গেল। যা মহিষের জন্য খুটা গাড়ার স্থান তৈরী হয়েছিল।

দুই.

পরবর্তিতে দেখলাম,হযরত ওমর রা.সামনে বেড়ে গ্রেনেডটি বের করতে লাগলেন। কিন্তু পাশে দাঁড়িয়ে থাকা সায়্যিদুনা সিদ্দীকে আকবার রা.তাঁকে এ থেকে বিরত রাখলেন। এবং একটি ফ্লাশের মাধ্যমে গ্রেনেডটি বের করতে লাগলেন।এ অবস্থা দেখে আমি তাৎক্ষণিক ভূপৃষ্ঠে লুটিয়ে পড়লাম। গ্রেনেডটি বের করতেই তা বিস্ফোরিত হলো। আমার মনে হল, এর কারণে আমি শাহাদাত বরণ করলাম

জবাব /স্বপ্নের ব্যাখ্যা

মহান আল্লাহ তা'য়ালাই প্রকৃত সমাধান দাতা। এই স্বপ্নের ব্যাখ্যা হলো, আফগানিস্থানের বর্তমান পরিস্থিতি, সেখানে আমেরিকা দাজ্জালের ভূমিকায় রয়েছে। এবং কিছু সংখ্যক মুজাহিদ শহীদ হবে। কিন্তু শেষ পরিণতিতে ইন্‌শাআল্লাহ তালেবানরাই বিজয় লাভ করবে।

আল্লাহ তা'য়ালাই সর্বজ্ঞ।

ابو زاهد محمد سرفراز خان

(১)

মাখদুমুল উলামা শাইখুল হাদিস মাওলানা যাকারিয়া কান্ধলভী রহ. এর সুযোগ্য খলিফা শাইখুল মাশাইখ ফযীলাতুশ শাইখ হযরাতুল আল্লাম আব্দুল হাফিজ মক্কী দা.বা. এর অভিমত।

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده
وعلى آله وأصحابه أجمعين أما بعد ،

স্নেহাষ্পদ মুহতারাম মাওলানা ইলিয়াস ঘুম্মান সাহেব তাঁর কিতাব جهاد في سبيل الله .... এর পান্ডুলিপি অধমের কাছে পেশ করলেন। যাতে এই গুনাহগার নিজের অভিমত ব্যাক্ত করে। তাঁর এই কিতাবে আকাবিরে উলামা ও বহু মাশায়েখের অভিমত ছিলো। তাদের অভিমত থাকা অবস্থায় এই গুনাহগারের অভিমত নেয়ার কোন প্রয়োজন ছিলো না। কিন্তু তাঁর সম্প্রীতি ও ভালোবাসা, অধিকন্তু অভিমত লিখাকে আপন সৌভাগ্য মনে করে বরকতের জন্য কয়েক লাইন লিখলাম।

জিহাদ ও ক্বিতাল কুরআনুল কারীমের শত শত আয়াত ও হাদিসে নববীর সহস্রাধিক ভাষ্য দ্বারা প্রমাণিত। যার ভিত্তিতে পূর্বাপর সমস্ত ওলামায়েকেরাম এর অস্বীকারকারীকে কাফের ও ইসলামের গন্ডি থেকে বহির্ভূত ফতোয়া দিয়েছেন।

কাদিয়ানীরা কাফের হবার কারণ সুমহের মাঝে একটি মৌলিক কারণ হল, জিহাদ অস্বীকার। সকল আলেম এ বিষয়টি উল্লেখ করেছেন ।

আবার অন্যান্য ইবাদতের ন্যায় জিহাদের জন্যও রয়েছে কিছু শর্ত, কিছু আদব, যে এগুলোর প্রতি লক্ষ্য না রাখবে বাহ্যত তার জিহাদ আল্লাহর দরবারে মাকবুল হবে না।

কুফুরী ও তাগুতি শক্তি সর্বদাই জিহাদ বন্ধ বা জিহাদের দূর্নাম রটানোর সর্বত প্রচেষ্টা করছে। ওলামায়ে ইসলামও সর্বদা এর মুকাবিলা বিভিন্ন ভাবে করছেন। ইলমী দলীল প্রমাণ দ্বারা জিহাদের বাস্তবতা ও উপকারিতা তুলে ধরছেন।

আল্লাহ তায়ালা হযরত মাওঃ ইলিয়াছ ঘুম্মানকে আপন শান মোতাবেক জাযায়ে খায়ের দান করুন। তিনি অত্যন্ত হৃদয় আগ্রহী হয়ে ও প্রমাণ ভিত্তিক আলোচনার দ্বারা জিহাদ ফি সাবীলিল্লাহর বাস্তবতা, প্রয়োজনীয়তা এবং উপকারীতা তুলে ধরছেন। এবং আপন পরের পক্ষ থেকে জিহাদ সংক্রান্ত যে সকল অভিযোগ ও সংশয় উত্থাপন করা হয় তার সন্তোষজনক জবাব দিয়েছেন।

আল্লাহ তায়ালা তার এই মহান প্রচেষ্টাকে স্থায়ী অনুগ্রহে কবুল করুন। এবং মুসলিম উম্মাহকে তাঁর এই কিতাব দ্বারা উপকৃত করুন। আমীন!

وصلى الله تعالى على خير خلقه وسيد رسله وخاتم أنبيائه ومولانا محمد وعلى آله وأصحابه وأزواجه وأتباعه وبارك وسلَّم تسليما كثيرا كثيرا –

রব্বে কারীমের রহমত প্রত্যাশী
আঃ হাফিয মক্কী
শুক্রবার ৪শাবান ১৪২৬হিঃ

(২)

বেফাকুল মাদারিসিল আরাবিয়্যাহ পাকিস্তানের সম্মানিত ছদর জামিয়া ফারুকিয়া করাচীর সুযোগ্য মুহতামিম ফযীলাতুশ শাইখ হযরত মাওলানা সলীমুল্লাহ খান সাহেব দা.বা.

بسم الله الرحمن الرحيم

জিহাদ প্রসঙ্গে উর্দূ ভাষায় অনেক কিতাব লেখা হয়েছে, প্রত্যেক লিখকের সামনেই একটা ভিন্ন দৃষ্টিভঙ্গি থাকে যেগুলো তিনি সুস্পষ্ট করতে চান।

আলোচ্য কিতাবের মধ্যে মাও: মাওলানা ইলিয়াস ঘুম্মান সাহেব জিহাদ বিষয়ে উত্থাপিত নতুন পুরাতন অনেক আপত্তি ও সংশয়ের সমাধান পেশ করেছেন। তিনি কোরআন সুন্নাহ ঐতিহাসিক প্রমাণাদীর আলোকে সন্তোষজনক উত্তর দিয়েছেন। তাঁর লিখনীর মাঝে এক ধরনের বিশেষত্ব ও আকর্ষণ রয়েছে যা কিতাবের শেষ পর্যন্ত পাঠকের কাছে আগ্রহ বজায় রাখবে।

আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা, তিনি যেন এই কিতাবকে তার সৃষ্টির জন্য উপকারী ও মকবুল বানান। আমীন !!

সলিমুল্লাহ খান
৬-৬-১৪২৬ হি:
১৪-৭-২০০৫ ইং

দারুল উলূম হাক্কানিয়ার মুহতারাম শাইখুল হাদিস মুরশিদুল মুজাহিদীন হযরত মাওঃ ডা. শের আলী শাহ দা.বা. এর অভিমত।

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى أما بعد

লাহোরের কতিপয় ফুযালার মাধ্যমে আমার এক শ্রদ্ধেয় বন্ধুবর হযরত মাওলানা ইলিয়াস ঘুম্মান সাহেবের পত্র পৌঁছেছে। এতে মাওঃ তার অনবদ্য সংকলন “জিহাদ ফি সাবিলিল্লাহ ......” এর উপর কিছু অভিমত লেখার নির্দেশ দিয়েছেন। কয়েক দিন যাবৎ আমি বিছানায় শায়িত কিছু পড়া ও লেখা কোনটাই সম্ভব নয়। কিন্তু হযরত মাওঃ আমাদের সাবেক আফগান জিহাদ ও জিহাদি কাফেলা সমূহের উজ্জল নক্ষত্র যারা সাওর, বাড়ি, তোরগোর, খোস্ত ও গরদীজ ইত্যাদী এলাকার ভয়াবহ অভিযান সমূহে কৃতিত্বের সাক্ষর রেখেছেন। আমার অন্তর পৃষ্ঠে আজো গেঁথে আছে সেই আলোকিত চেহারাগুলো। সেই পবিত্র গুণাবলির অধিকারী বীর বাহাদুর নওজোয়ান আর বৃদ্ধদের স্মৃতিগুলো।

বিশেষ করে হরকাতুল জিহাদের একজন বয়োবৃদ্ধ মুজাহিদের কথা আজও স্মরণে পড়ে। যখন রাশিয়ান একঝাঁক যুদ্ধ বিমান অনবরত বোমা বর্ষণ করে যাচ্ছিল তখন সে বৃদ্ধ বড় আনন্দ ও উদ্দীপনার সাথে তাকবীর ধ্বনি দিয়ে যাচ্ছিল। আর বলছিল দেখুন মাওলানা ! আমাদের বাদ্য বাজানো শুরু হয়ে গেছে। আমি এক কবিতা বললাম।

আসছে স্মরণ আজকে আমার স্মৃতিময় সেদিন.
ছাওর প্রান্তে হরকত নীড় বেধেছিল যেদিন।
চার দিকে দেখ আত্মা জাগানিয়া ইমানের পরিবেশ.
সুরে সুরে আজ ইসলামীগীত গেয়ে যাই বড় বেশ।
কোথায় পাবো তুমি বলো খোদা,বীর গাজীদের এ মানযার
জীবন যাদের তাকওয়ায় ভরা চেহারাতে ছিল পূর্ণ নূর।

মুহতারাম মুহা. ইলিয়াছ ঘুম্মান সাহেবের সাথে জিহাদী সম্পর্কের মাধ্যমে এই কিতাব খানা মুতালার (পড়ার) তাওফিক হয়। ফলে এ বিষয়ে অনেক কিছু জানার সৌভাগ্য হয়।

মুহতারাম মাওঃ ঘুম্মান সাহেব দা.বা. জেল জুলুমের সংকীর্ণ ও তমসাছন্ন এক পরিবেশে বসে আযীমুশ শান এই জিহাদী খিদমাত আঞ্জাম দিয়ে ফক্বীহুল উম্মত আল্লামা সারাখসী রহ. এর ইতিহাস তাজা করে দিলেন। (দেখুন-আল-মাবসুত লিস সারাখসী খন্ড:১পৃ:৫) আল্লামা সারাখসী রহ. অন্ধকার কুয়ার নির্যাতন ক্লীষ্ট এ পরিবেশের মাঝে “আল-মাবসুত” এর মত এক মহাগ্রন্থ সংকলন করেছেন। যা ৩০ খন্ডে সমাপ্ত। চাঁদনী রাতের আবছা আলোতে তার শাগরেদরা মধ্যরাতে এসে কুয়ার আশ পাশে জমা হত। আর আল্লামা সারাখসী রহ. গভীর কুয়ার মধ্য হতে তাদের দিয়ে লেখাতেন।

মাশাআল্লাহ অধ:পতনের এযুগেও এমন মহা মানব পাওয়া যায়। যারা জেলখানার নির্যাতন ক্লীষ্টপরিবেশে বসেও “কলমী জিহাদ” আঞ্জাম দিয়ে যায়। জিহাদ বিষয়ে আব্দুল্লাহ বিন মোবারক রহ. এর যমানা হতে আজ পর্যন্ত হাজারের অধিক কিতাব লেখা হয়েছে। কিন্তু আমাদের গৌরব মাওলানা ইলিয়াস ঘুম্মান সাহেবের কিতাব এক বিশেষ তা’ছীরী আন্দাযে লেখা হয়েছে। যা পাঠ করলে হৃদয় মনে এক ভিন্ন অনুভূতি ও তৃপ্তীময় আনন্দ উপলব্ধি হয়।

কবির ভাষায়

প্রতিটি ফুলেই রয়েছে ভিন্ন রুপ ভিন্ন ঘ্রাণ।

বক্ষমাণ কিতাবটি এমন এক বিপদসংকুল অবস্থায় লেখা হয়েছে যখন চারদিকে শুধু অত্যাচার নির্যাতন, হিংস্রতা, বর্বরতা, কুফুরী ফেৎনা ও তাগুতী শক্তির ঘুটঘুটে অন্ধকারে আচ্ছন্ন সমগ্র ইসলামী জগত। দিকে দিকে শুধু হতাশা আর হতাশা। ভালো ভালো নির্ভীক বক্তা যারা জিহাদের উপর উদ্দমতা সৃষ্টিকারী বক্তৃতার মাধ্যমে

শ্রোতাদের মুখ হতে "আল জিহাদ" "আল জিহাদ" "আল ক্বিতাল" "আল ক্বিতাল" এর শ্লোগান বের করে আনতেন আজ তারাও "জিহাদ" শব্দ উচ্চারণ করতে ভয় পাচ্ছেন। কিছু কিছু ছাত্র তাদের উস্তাদগণের খেদমতে উপস্থিত হয়ে অভিযোগের সুরে আরজ করে যে, হযরত! আমরা এমন কোন কবিরা গুণাহে লিপ্ত হলাম যে আগের মত আমরা আর আপনাদের মোবারক সাক্ষাতে ধন্য হতে পারি না। এবং আমাদের সাক্ষাতভীতি আপনাদের এতটাই গ্রাস করেছে যে, এক ধরণের لا مساس এর ভূমিকা নিয়ে আপনারা চলতে থাকেন। এমন অবর্ণনীয় পরিস্থিতিতে জিহাদ বিষয়ে হযরত ইলিয়াস ঘুম্মান সাহেবের লেখনীর মত কোন জানদার ও আত্মাজাগানিয়া কিতাবের অত্যন্ত প্রয়োজন ছিল। যা দ্বারা মৃতপ্রায় অন্তর ও আশাহত হৃদয়গুলোতে প্রাণের স্পন্দন ফিরে আসবে। এবং তাতে জিহাদের জুশ ও জযবা উদ্বেলিত হবে।

দোয়া করি আল্লাহ তা'য়ালা এই আযীমুশ শান দ্বীনি ইলমী ও জিহাদী খিদমতকে কবুল করুন। এবং এই অমুল্য তোহফা দ্বারা বিশিষ্ট, সাধারণ সকলকে উপকৃত করুন।

আমীন-আমীন একবার নয় বার বার,
তৃপ্ত নহে আত্মা আমার যদি না হয় হাজার বার।

শের আলী শাহ
খাদিমুত ত্বলাবা দারুল উলূম হাক্বানিয়া
আকুড়া খটক
১৭জুমাদাল উলা ১৪২৬হি.

রঈসুল মুনাযিরীন হযরত মাও. আবুদস সাত্তার সাহেব তিউনুসুয়ী দা. বা. এর অভিমত।

بسم الله الرحمن الرحيم

মুহতারাম হযরত ইলিয়াস ঘুম্মান সাহেব “জিহাদ ফী সাবীলিল্লাহ আওর এ’তেরাযাত কা ইলমী জায়েযা” এই বিষয়ে যে বিশ্লেষণধর্মী কিতাব লিখেছেন আমার ধারণায় তা একটি নযীরবিহীন কিতাব। কিতাবটি তার পাঠকের জন্য ব্যাপক কল্যাণ বয়ে আনবে। আল্লাহ তায়ালা হযরত মাওলানার মেহনত কবুল করুন। আমীন ছুম্মা আমীন।

মুহা. আ. সাত্তার তিউনুসুয়ী

১৩ জুমাদাল উলা ১৪২৬

(৫)

হযরত মাওলানা মুফতি হামিদুল্লাহ জান সাহেব দা. বা. এর অভিমত।

بسم الله الرحيم الرحيم
نحمده ونصلي علي رسوله الكريم

ক্বিতাল ফি সাবীলিল্লাহ সম্পর্কে কুরআনুল কারীমে শত শত আয়াত ও হাজার হাজার হাদীস এবং রাসূলে কারীম সা. এর দশ বৎসরের মাদানী জীবনে এমন সুস্পষ্ট ও অকাট্য দলির-প্রমাণ রয়েছে যা অস্বীকার করা প্রখর রোদ্রে দাঁড়িয়ে সুর্যকে অস্বীকার করার নামান্তর। এবং এটা ইচ্ছায় বা অনিচ্ছায় কুফরের শক্তি বৃদ্ধি বৈ কিছু নয়। মাওলানা ইলিয়াস ঘুম্মান সাহেব "জিহাদ ফী সাবীলিল্লাহ আওর এ'তেরাযাত কা ইলমী জায়েযা" নামে কিতাবটি এমন এক সময়ে রচনা করেছেন যখন একদিকে কুফরি শক্তি বর্বরী তাণ্ডবের ফলে এ বিষয়ে কলম ধরাই মহাপাপ। অপরদিকে মুসলিম ঘরাণার কিছু লোক জ্ঞানগত ও রাজনৈতিক বিভিন্ন দ্বিধা ও সংশয় সৃষ্টি করে জিহাদের পথে বাধা সৃষ্টি করছে। মাওলানা ঘুম্মান সাহেব অত্যন্ত সতর্কতার সাথে দুধারী কলমের তলোয়ার ব্যবহার করে উভয় পক্ষের উত্তম মোকাবেলা করেছেন। আল্লাহ তায়ালা তার এই মেহনতকে কবুল করে উম্মতে মুসলিমার জন্য পথের প্রদীপ বানিয়ে দিন। আমীন! ছুম্মা আমীন!!

হামিদুল্লাহ জান
খাদিমুল হাদীস ওয়াল ইফতা
জামিয়া আশরাফিয়া লাহোর
৭/১২/২৫ হি.

(৬)

হযরত মাওলানা মুহা. ইউসুফ যাই দা. বা. এর অভিমত।

بسم الله الرحمن الرحيم
الحمد لله وحده والصلوة والسلام علي من لا نبي بعده

এক. প্রথম শতাব্দী তথা নববী যুগ ও সাহাবা যুগের প্রতি ঐতিহাসিক দৃষ্টিকোন থেকে তাকালে এ বাস্তবতা দোদিপ্যমান হয় যে, পৃথিবীতে ইসলাম পবিত্র জিহাদের মাধ্যমেই ছড়িয়েছে। আর স্থির থেকেছে মাদারিস-মাসজিদ ও ওলামাগণের মাধ্যমে।

দুই. যখন থেকে মুসলমানরা জিহাদ বিমুখ হয়েছে তখন থেকেই ইসলামের সম্প্রসারণ থেমে গিয়েছে। আর যে ভূখণ্ড থেকে মাদারিস মাসাজিদ ও ওলামাগণ হারিয়ে গেছেন, সেখান থেকে ধীরে ধীরে ইসলাম ও বিদায় নিয়েছে। স্পেনের ইতিহাস আজো আমাদের সামনে, এ কারণেই আল্লাহ তায়ালা যেমনিভাবে ইসলামকে কিয়ামত অবধি শ্বাশত দ্বীন হিসেবে নির্ধারণ করছেন তেমনিভাবে জিহাদকেও শ্বাশত বিধানরূপে নির্দেশ দিয়েছেন।

তিন. জিহাদ হল মুসলমানদের ইবাদত, মুয়ামালা, মুআশারাহ ও ইয্যত-আব্রু সহ সকল ধর্মীয় শি'য়ারের ব্যবস্থা। তাগুত ও কুফরী বাহিনী এ ব্যবস্থা ভেঙ্গে দিতে চায়। আল্লাহ না করুন যদি এ ব্যবস্থা ভেঙ্গেই গেল, তাহলে মুসলমানরা তাদের মর্যাদার উপর আর টিকে থাকতে পারবেনা, এমনকি ইসলামের স্বচ্ছ পরিচয়টুকুও দুনিয়া থেকে মুছে যাবে।

চার. জিহাদ আর সন্ত্রাসের মাঝে রয়েছে বিস্তর পার্থক্য। যারা জিহাদকে সন্ত্রাস বলে তারা হয়তো কাফের না হয় মুনাফিক। প্রকৃত পক্ষে সকল বিশৃঙ্খলা, নৈরাজ্য ও সন্ত্রাস ইসলাম ও মুসলমানদের মর্যাদা। ১৪শ' বছরের ইতিহাস এর স্বাক্ষী।

পাঁচ. কুরআন অবতীর্ণের সময় কালে যারা জিহাদ থেকে গা বাঁচিয়ে রেখেছে বা জিহাদ প্রসঙ্গে দ্বিধা সংকোচ ও আপত্তি তুলেছে মহান আল্লাহ তাদেরকে মুনাফিক আখ্যা দিয়েছেন তাঁর রাসূলের যবানে। প্রকৃত মুমিন আর ভেজাল মুমিন নিরূপণের কষ্টিপাথর হল জিহাদ।

ছয়. কুরআন-হাদীস ও মুসলমানদের ইতিহাসের মাধ্যমে জিহাদ আমাদের সামনে দ্বিপ্রহরের ন্যায় ভাস্বর। এতে বিন্দু মাত্র সন্দেহের অবকাশ নেই। কিন্তু যেহেতু জিহাদ

মানে জীবনের বাজী লাগানো। বিপদসংকুল কন্টকাকীর্ণ পথে নিজেকে সোপর্দ করা। এ কারণে হীনমন্য আর কাপুরুষের দল সর্বদা জিহাদ থেকে পালানোর চেষ্টা করে থাকে। আর "নিজে বদলে কোরআন বদলাও" এ মূলনীতির আলোকে জিহাদ বিষয়ে বিভিন্ন ধরনের সংশয় সৃষ্টি করতে থাকে। যদি তাদের দিলে জিহাদের সামান্য জযবাও থাকত তাহলে তারা সংশয় সৃষ্টির পরিবর্তে সৃষ্ট সংশয়ের জবাব খুঁজতো। কিন্তু এমনটা তাদের থেকে কখনোই হয়নি। এ কারণে অত্যন্ত প্রয়োজন ছিল কোন এক মর্দে মুমিন এই ময়দানে আসবে এবং 'লাওমাতা লাইম' এর আশংকা ঝেড়ে ফেলে এই মহান ফরজ বিধানকে সংশয় সৃষ্টির হাত থেকে রক্ষা করবে। আলহামদুলিল্লাহ এই মহান খেদমতের তাজ আল্লাহ তায়ালা মাও. ইলিয়াস গুম্মানের মাথায় রেখেছেন। যিনি এই ময়দানেরই শাহসওয়ার এবং বিভিন্ন দিক সম্পর্কে জ্ঞাত। তিনি "জিহাদ ফী সাবীলিল্লাহ আওর এ'তেরাযাত কা ইলমী জায়েযা" নামে এক অত্যন্ত মূল্যবান সংকলন উম্মতের সামনে পেশ করেছেন। মাশা-আল্লাহ সুস্পষ্ট এবং সাবলীল ভাষায় দলিল ভিত্তিক তিনি এই বিষয়ের হক্ব আদায় করেছেন। আল্লাহ তার এই কারনামাকে কবুল করুক। এবং আখেরাতে নাজাতের উসীলা বানান। আমীন!

ফজল মুহা. বিন নূর মুহা. ইউসুফ জাই

উস্তাদ, জামিয়াতুল ইসলামীয়া বিননূরী টাউন করাচী, পাকিস্তান।

৯-১০-১৪২৫ হি.

(৭)

মুফতি আবু লুবাবাহ শাহ মানছুর এর অভিমত।

ইসলামী খিলাফত প্রতিষ্টা করা মুসলমানদের একটি সামষ্টিক দায়িত্ব। এ দায়িত্ব এতই গুরুত্বপূর্ণ যে, সাহাবায়ে কেরাম রাসূলসা. এর কাফন দাফনের উপর একে অগ্রগণ্য করেছেন। অতিতে খিলাফত প্রতিষ্ঠা একমাত্র জিহাদের মাধ্যমেই হয়েছে। আর ভবিষ্যতেও জিহাদের মাধ্যমেই হবে। এবং সৌভাগ্যবান মুজাহিদ বাহিনীই হযরত ঈসা ও মাহদী আ. এর সাথে মিলিত হয়ে কুফরী শক্তিকে পরাস্ত করবে। এবং একচ্ছত্র ইসলামী খিলাফত কায়েম করবে। এ কারণে কেউ মানুক বা না মানুক জিহাদই হলো নির্যাতিতদের নিরাপত্তা ও অধিকার বঞ্চিতদের অধিকার আদায়ের একমাত্র মাধ্যম। কুরআন-সুন্নাহ, আকল-নক্বল এবং তাজরেবা ও তারীখ এর সাক্ষী। কিন্তু দুঃখের বিষয় হল, যখন থেকে মুসলমানদের ইতিহাসে অধঃপতনের ধ্বস নামল তখন থেকে ইসলামের নেতৃত্ব দান কারী ব্যাক্তিবর্গ গোলামীর জিঞ্জির থেকে মুক্তির জন্য শাশ্বত জিহাদের পথ ছেড়ে বিভিন্ন কর্মপন্থা ও নুসখা অবলম্বন করতে লাগলেন। অপর দিকে মুসলিম উম্মাহর জ্ঞানীগুণীজন ইসলামী জিহাদকে কেন্দ্র করে এমন সব অভিযোগ-আপত্তি এবং ধুম্রজাল সৃষ্টি করতে লাগলেন, যার ফলে জিহাদের গুরুত্ব আর প্রয়োজনীয়তার কথা আর কি বলব, জিহাদের বৈধতা ই পশ্নবিদ্ধ হয়ে গেল।

আফগান জিহাদের সৌভাগ্যবান বীর মুজাহিদগণ জিহাদের এ মৃতপ্রায় বৃক্ষটির গোড়ায় সঠিক সময়ে রক্ত সিঞ্চন করলেন। অত:পর তালেবানদের নজীরবিহীন কুরবানীর বরকতে যেই গাফলতীর পর্দা বিদীর্ণ হল যা জাতিকে সঠিক বিষয় জানা থেকে আড়াল করে রেখেছিল। ফলে আপনরা জিহাদের অপপ্রচার করছিল না বুঝে সরলতার কারণে। আর অপররা করে যাচ্ছিল তাদের ধূর্ততার কারনে। এ তো ছিল আমলী কোরবানীর মাধ্যমে এ ময়দান পরিস্কার করা। কিন্তু এর সাথে সাথে এও প্রয়োজন ছিল যে, একটি ইলমী ও গবেষণাধর্মী কাজের মাধ্যমে এই কাঁটাগুলো বের করা। এবং এই বিষাক্ত আগাছাগুলো পরিস্কার করা, যা মুজাহিদগণের রক্তে সিঞ্চিত এই পবিত্র বৃক্ষের আশ পাশে জন্ম নিয়েছে।

বিশিষ্ট, সাধারন সবাইকে এই কিতাবের প্রকাশক, পাঠক, থেকে শুরু করে এর সাথে যৎসামান্যও সংশ্লিষ্ট সবাইকে আনন্দ বোধ করা উচিৎ যে, আমাদের বন্ধুবর

মুহা. ইলিয়াস গুম্মান সাহেব এই "অতি প্রয়োজন" কাজটাকে অত্যন্ত সুন্দর রুপে আঞ্জাম দিয়েছেন। তাঁর এ কর্মের পূর্ণতা ও সৌন্দর্য দেখে মনের অজান্তে প্রশংসা বানী বের হয়ে আসছে। অধম বান্দা কোন কিতাবের উপর কিছু লেখা থেকে সর্বদাই দূরে থেকেছে একাধিক কারণে। কিন্তু জনাব মাসউদ আযহার (দা.বা.) এর পর এটাই হল ২য় কিতাব যার জন্য এই নীতি ভঙ্গ করতে হয়েছে। প্রথম কিতাব ছিল খিলাফত সংক্রান্ত। লাহোরের এক নওজোয়ান আলেমের লেখা। এখন তার নাম স্মরণ নেই। আর বক্ষমান কিতাবটি তো আপনাদের হাতেই রয়েছে। উভয় কিতাবের বৈশিষ্ট্য ও সৌন্দর্য কাছাকাছি।

একে তো এই বিষয় বস্তুই এমন যে এর স্বপক্ষে কিছু লেখা থেকে বিরত থাকা "فرار من الزحف" জিহাদ থেকে পলায়ন" এর মত মনে হয়। ২য় তো লেখকের অজস্র কুরবানী ও এই মিশনের সাথে আন্তরিক সম্পৃক্ততা এবং জিহাদ ও তাসাউফ এর যৌথ মেহনত, রিয়ামুক্ত বিনয় নম্রতা, সুউচ্চ আখলাক ও অনন্য ব্যক্তিত্ব এসব কিছু এমন বিষয় যা দু'এক কলম লেখা থেকে বিরত থাকার অনুমতি দিচ্ছিলনা। ৩য় তো অধম নিজে যখন কিতাবখানা দেখলো তখন এক বিস্ময়কর আনন্দ দিল ও দেমাগে ছেয়ে গেলো। ফলে নিজের অনিচ্ছায়ই যেন কিছু লিখে দিতে বাধ্য হলাম। পৃথিবীতে কিতাব হাজারো লেখা হয়েছে, তবে গুম্মান সাহেব এ কিতাব লিখে একটি অতি জরুরী কিন্তু আমাদের সমাজে অবহেলিত একটি দায়িত্ব আঞ্জাম দিয়েছেন। যুগের বড় একটি চাহিদা পূরণ করেছেন। সাথে সাথে আলোচনার ভাবভঙ্গি ছিল পূর্ণ। সাহিত্যের মানদণ্ডে পূর্ণ অধিষ্ঠিত। শুধু কি তাই? তিনি তার এ লেখনিতে প্রতিটি আপত্তির জবাব দেয়ার ক্ষেত্রে বিতর্কের পন্থা অবলম্বন করার পরিবর্তে গ্রহণ করেছেন একজন দরদী কল্যাণকামী দায়ীর পন্থা। কোথাও কোথাও একটু "খোঁচা" অবশ্য আছে। তবে তাও এতটাই কোমল ভাবে যে, প্রতিপক্ষের মাঝে উত্তেজনা সৃষ্টির পরিবর্তে ভালবাসা সৃষ্টি হবে। শঠতা দূর হয়ে দেমাগের বাধন খুলবে। ইনশা-আল্লাহ তায়ালা। "বর্শার আঘাতের মাঝেও কোমল ছোঁয়া" এ গুণটি সেই রূহানী নিসবতেরই ফলাফল যা সম্মানিত লেখক আউলিউল্লাহ থেকে অর্জন করেছেন। কিতাবের শুরুতে

জিহাদ ফী সাবীলিল্লাহ কে তার প্রকৃত অর্থে ফিরিয়ে আনার প্রচেষ্টা এবং শেষে "দুআ" নামক কবিতা উভয়টাই বড় আকর্ষনীয়।

আমাদের আকাবিরগণের যে সকল খিদমাত 'বন্দী জীবনে' সম্পাদিত হয়েছে বাস্তবতায় দেখা গেছে তার সবগুলোই বড় মাকবুল হয়েছে। জেলখানার ব্যারাক সমূহ যেখানে ইলমী কোন উপকরণ নেই, চারদিকে শুধু অস্থিরতা আর জঞ্জালে ভরা সেখানে বসে এমন একটি জটিল ও অস্পৃশ্য বিষয়ের এত সুন্দর ও সফল সংকলন তৈরী করা শুধুই ইখলাস, কোরবানী আর মিশনের সাথে আন্তরিক সম্পৃক্ততারই বরকত। আল্লাহ তায়ালা লেখকের ন্যায় সকল পাঠককে এই বরকতের অংশীদার বানান। এবং এই কিতাবকে তাহরীকে জিহাদ ও ইহয়ায়ে খিলাফত এর প্রচেষ্টা সমূহের মোবারক ও মাকবুল অংশ বানান যা গাযওয়ায়ে ফিলিস্তিনের জন্য মুজাহিদ তৈরীর কাজ আঞ্জাম দিবে।

আসসালাম
আবু লুবাবাহ শাহ মানছুর
২১ শাওয়াল ১৪২৫

(৮)

শাইখুল কুরআন উস্তাজুল উলামা মাও. মো. আসলাম শেখপুরী দা. বা. এর অভিমত।

বেরাদার মাও. ইলিয়াস গুম্মানকে আল্লাহ তায়ালা বহু গুণাবলী এবং বৈশিষ্টের অধিকারী করেছেন। তিনি একদিকে যেমন যোগ্য আলেম তেমনি যোগ্য মুদাররিস। তেজস্বী বক্তা, আবেগ উতল করা কবি। যোগ্য সমাজ সেবক। ওফাদার দোস্ত এবং আনুগত্য প্রবণ শাগরেদ। এসব ছাড়াও তিনি এমন মুজাহিদ যিনি ময়দানে জান-মাল শরীর-মন সব কিছুর বাজী লাগাতে বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করেন না। আরেফ বিল্লাহ হযরত মাও. শাহ হাকিম আখতার রহ. এর ইযাযত প্রাপ্ত খলিফা। প্রাণহীন কাগজ-কলমেও বক্তৃতার প্রাণ সঞ্চার করার যোগ্যতা তার অতুলনীয়। কিন্তু সবচে বড় ও উল্লেখযোগ্য যে বিষয় তা হল তিনি তার সিনায় লালন করেন একটি " দিলে দরদমান্দ" ব্যাথাতুর হৃদয়।

"দরদে দিল" এমন একটি মহান দৌলত যা থেকে এই উম্মত আজ বঞ্চিত। ধন দৌলতের প্রাচুর্য, আসবাব উপকরণের আধিক্য, রোড ভর্তি গাড়ী, সুউচ্চ ভবন, নিত্য নতুন সামগ্রী তৈরীকারী ফ্যাক্টরী কোন কিছুতেই কমতি নেই। আর বাস্তবেও এ সকল বিষয়ের কমতি উম্মতের অধঃপতনের কারণ নয়। আসল কারণ হল দরদে দিল না থাকা। অন্তরে দ্বীনের দরদ না থাকা।

শব্দের ফুলঝুড়ি দিয়ে মনোমুগ্ধকারী কবি, হাজার হাজার জনতার মাঝে জযবার উত্তাল সৃষ্টি কারী বক্তা, ক্ষুরধার লেখনি দিয়ে অন্তর বিজয়কারী কলামিষ্ট আর ভিতর বাহিরে সাজুয্যহীন বড় বড় মুসলিম নেতাতো বেশুমার, একজন খুজলে হাজার পাওয়া যাবে। কিন্তু বাস্তবতা হলো এই বিপুল সংখ্যক নামধারী "মহান" ব্যক্তিত্বের মাধ্যমে চায়ের কাপ, রকমারী খাবার ভর্তি দস্তরখান, হোটেল, ক্লাব আর আড়ম্বরপূর্ণ অফিস ও হলরুম গুলোতে বিপ্লব আসতে পারে কিন্তু এই উম্মতের মাঝে কোন বিপ্লব আসবে না। এই ইনকিলাবের জন্য প্রয়োজন এমন হিম্মত ওয়ালা জিম্মাদার যার দরদে দিল তাকে এমন কঠিন পরিস্থিতিতে ও জিহাদের একটি অস্পৃশ্য বিষয়ে কলম তুলতে উৎসাহিত করে।

এই মহান লেখনি কর্মের উপর অভিমত লেখার নির্দেশ এমন ব্যক্তিকে দেয়া হয়েছে, অগ্নিবর্ষণকারী আকাশ আর গুলি বৃষ্টির পরিবেশে যার এক মুহুর্ত কাটানোর ও তাওফীক হয়নি।

অধম অল্প সময়ে মোটামুটি ভাবে কিতাব খানা দেখেছি। আশা করি এই কিতাব শুধু মুজাহিদ নয় বরং তার আসপাশের লোকেরাও পড়বে। এবং বার বার পড়বে যাতে তার দ্বিধা স্বংশয় সব দূর হয়ে যায়। এবং জিহাদের ব্যাপারে তার বক্ষ উন্মোচিত হয়।

মুহতাজে দুয়া
মোহা. আসলাম শেখপুরী।

(৯)

জামেয়া ফারুকীয়া করাচীর উস্তাযুল হাদিস এবং প্রকাশনা বিভাগের প্রধান, মাসিক বেফাকুল মাদারিস এর সম্পাদক হযরত মাও. ইবনুল হাসান আব্বাসী দা. বা.।

নাম থেকেই বুঝা যাচ্ছে যে, এই কিতাবটি জিহাদ এবং তদসংক্রান্ত আপত্তি ও সংশয় নিরসনে লেখা। কিতাবখানা এমন এক আলেমের সংকলন যিনি আমলী জিহাদের ময়দান সমুহের একজন সফল ও নিবেদিতপ্রাণ মুজাহিদ। তিনি আমার মত শুধু মসী যোদ্ধাই নন, অসির যোদ্ধাও। জিহাদ আর সন্ত্রাসকে নিয়ে ইসলামের দুশমনরা এমন ধুম্রজাল সৃষ্টি করেছে যে, উভয়ের মাঝে পার্থক্য করাই অনেকের জন্য মুশকিল হয়ে গেছে। অথচ সন্ত্রাস হল পৃথিবীর বুকে বিপর্যয় সৃষ্টি করা, পক্ষান্তরে জিহাদ হল সে বিপর্যয় খতম করে ধরনীর বুকে শান্তি প্রতিষ্ঠার একমাত্র শরয়ী ব্যবস্থা। এই কিতাবের মধ্যে উভয়ের মাঝে অত্যন্ত সুন্দর ভাবে পার্থক্য তুলে ধরা হয়েছে। সাথে সাথে শ্রদ্ধেয় মাও. সে সকল আপত্তি সমূহের জবাব দিয়েছেন যা উত্থাপিত করা হয় অমুসলিমদের পক্ষ্য হতে। এ বিষয়ে এর আগেও আরবী-উর্দূ ভাষায় কিতাব লেখা হয়েছে এবং ছাপাও হয়েছে। তা সত্ত্বেও বক্ষমান কিতাবটিতে এমন কিছু অভিযোগ ও সংশয়ের জবাব দেয়া হয়েছে যা ইদানিং কালে সৃষ্ট।

ইবনু হাসান আব্বাসী

২৫ শাওয়াল ১৪২৫

(১০)

হযরত মাও. আ: হামীদ দা. বা. শাইখুল হাদীস ও নাযেমে তালিমাত জামেয়া বিননূরী সাইট, করাচী এর অভিমত।

চক্রান্তবাজ সম্প্রদায় ইংরেজরা যেদিন থেকে তাদের অপবিত্র পা হিন্দুস্তানের বুকে রাখল সেদিন থেকে অত্যন্ত চাতুরতার সাথে তারা ইসলামের উপর হামলা চালাতে লাগল। ইসলামের বিধি বিধানের উপর বিভিন্নমুখী খোড়া আপত্তি উত্থাপন করে মুসলমানদের স্বচ্ছ ধর্মীয় অনুভুতিকে কলুষিত করতে লাগল। ফলে ঐক্যের প্রতীক মুসলিম জাতি দুটি প্লাটফর্মে বিভক্ত হয়ে গেল। একগ্রুপ, যারা ঐ সকল অভিযোগে প্রভাবিত হয়ে ইসলামের অকাট্য বিধানগুলোর মাঝে মনগড়া ব্যাখ্যা দাড় করাতে লাগল এবং সংশ্লিষ্ট আয়াত ও হাদিস এর এমন ব্যাখ্যা করল যা ইংরেজদের মনঃপুত হয়। এদেরই অগ্রভাগে ছিলেন স্যার সৈয়্যদ আহমাদ খান। ২য় গ্রুপে ছিলেন ঐ সকল উলামায়ে কেরাম যারা এ সকল অভিযোগের জ্ঞানগর্ভ জবাব দিয়েছেন এবং আহকামে ইসলামের উপর কোন আচড় লাগতে দেননি। এই জামাতের চূড়ামনি ছিলেন হযরত মাও. মুহা. কাসেম নানুতবী রহ. । যিনি এ সকল অভিযোগের বিপক্ষে এমন ইলম ও যুক্তি নির্ভর জবাব ও দলিল-প্রমাণ পেশ করে গেছেন যা থেকে আগামী একশত বছর পর্যন্ত আমরা উপকৃত হতে থাকবো।

ইংরেজদের অভিযোগের থাবায় আক্রান্ত হওয়া আহকামগুলোর মাঝে জিহাদ হল সবচে বেশি নির্যাতিত। ভালো ভালো দ্বীনদার শিক্ষিত শ্রেণী এ ক্ষেত্রে পদস্খলনের শিকার। কবির ভাষায় “ নিজে বদলানোর নাম নাই/ সবাই মিলে কুরআন বদলাই।”

আমার উস্তাযে মুহতারাম পীর ও মুর্শিদ ইমামুল মাকুলাত ওয়াল মানকুলাত হযরত মাও. আব্দুল কারীম কোরায়শী (মৃ-১৪১৯) এ ব্যাপারে বড় সজাগ ছিলেন। এবং অধিকাংশ মজলিসে জিহাদের প্রকৃত অবস্থা নিয়ে আলোচনা করতেন। হযরত জিহাদ বিষয়ে দুইটি কিতাব লিখেছেন যা ছাপাও হয়েছে এবং আলহামদুলিল্লাহ আমাদের জন্য হিদায়াতের আলোকবর্তিকা প্রমাণিত হয়েছে।

শ্রদ্ধেয় ভাই ইলিয়াস গুম্মানকে আল্লাহ তায়ালা জাযায়ে খায়ের দান করুন তিনি আলোচ্য বিষয়ের স্পর্শকাতরতা উপলব্ধি করে কলম তুলেছেন এবং “জিহাদ ফী সাবীলিল্লাহ আওর এ’তেরাযাত কা ইলমী জায়েযা” এ নামে একটি বিশ্লেষণধর্মী

কিতাব সবার সামনে রেখেছেন। যার দ্বারা সাধারন লোকদের উপকার তো হবেই, ওলামায়ে কেরামও উপকৃত হবেন। আল্লাহর দরবারে প্রার্থনা, তিনি কিতাবখানাকে ব্যাপক ভাবে কবুল করেন এবং এর মাধ্যমে ইসলামের দুশমনদের চক্রান্ত নস্যাৎ করেন।

আ: হামীদ

২০ শাওয়াল ১৪২৫ হি.

জামিয়া বিননূরী সাইট, করাচী।

(১১)

হযরত মাও. মুফতী শহীদ আতিকুর রহমান সাহেব, উস্তাযুল হাদিস জামিয়া বিননূরী সাইট, করাচী-এর দোয়া ও অভিমত।

الحمد لله رب الشهداء والمقاتلين والصلوة والسلام علي امام الأنبياء والمجاهدين وعلي اله الطيبين

الطاهرين وأزواجه أمهات المؤمنين وأصحابه أجمعين وعلي كل من حذا حذوهم إلي يوم الدين وبعدُ

ইসলাম ধর্মের মূল শক্তি ও স্থিতির চাবিকাঠিই হল জিহাদ। এর মাধ্যমে যেমনি ভাবে ইসলামের শান শওকত প্রকাশ পায় তেমনি ভাবে ইসলামের শত্রুরাও ভয়ে তটস্থ থাকে। ফলে ইসলামের বিরুদ্ধে চক্রান্তমূলক কর্মকাণ্ড করা থেকে বিরত থাকে। এ কারনেই প্রত্যেক যুগের বাতিল গোষ্ঠিই ভিন্ন ভিন্ন আঙ্গিকে চেষ্টা চালিয়ে গেছে, যাতে জিহাদের দূর্নাম করা যায়। এবং জিহাদের সাথে মুসলমানদের সম্পৃক্ততার অবসান ঘটানো যায়। নিকট অতিতে কাদিয়ানী ধর্মমত নামে এক অপবিত্র বৃক্ষের গোড়ায় ইংরেজ কর্তৃক পানি সিঞ্চন করা হয়েছে এ দুরভিসন্ধি বাস্তবায়ন করার লক্ষ্যেই। ফলে মির্জা কাদিয়ানী মিথ্যা নবুয়্যতের উপর ভর করে ঘোষণা করে ছিল-

যুদ্ধ-জিহাদ হারাম এ যুগে সন্দেহ নেই তাতে

দিলটাকে তাই করো মুক্ত জিহাদ ভাবনা থেকে

কিন্তু মিথ্যা নবুওয়াতের দাবী করাই ছিল তার সবচে বড় দূর্বলতা। ফলে মুসলিম সমাজে তার দৃষ্টিভঙ্গি ব্যাপক করতে সে ব্যর্থ হয়েছে। হক্বানী আলেমদের অনবরত প্রচেষ্টার বরকতে কাদিয়ানীদের জিহাদ বিরোধী আন্দোলন হাওয়ায় মিলে যায়। এবং জিহাদ অস্বীকৃতিই তাদের শবাধারে সর্বশেষ কীলক হিসেবে প্রমাণিত হয়।

বাতিল নতুনভাবে পাঁয়তারা শুরু করল। মুসলমানদের কাতারে এমন এক নতুন গোষ্ঠির জন্ম দিল যাদের পরিচয় ছিল, ইসলামী চিন্তাবিদ, মুক্ত চিন্তার অধিকারী, মধ্যপন্থায় বিশ্বাসী ইত্যাদি চমকপ্রদ উপাধী সমূহ। কিন্তু বাস্তবে দেখা গেছে এই লোকগুলো জ্ঞান বহন করার পরিবর্তে জ্ঞান বিক্রি কারী আর দিমাগ ব্যবহার করার পরিবর্তে উদর পূর্ণকারী হিসেবে প্রমানিত হয়েছে। বিনিময়ে তারা নিজেদের জ্ঞান আর ইলমের সওদা করতে কুণ্ঠাবোধ করেনি। ফলে একটি স্বচ্ছ ও শ্বাশত বিধান জিহাদের

পথে বড় ধরণের বাধা সৃষ্টি করতে না পারলেও সংশয় সন্দেহের ধুলা উড়িয়ে সহজ সরল মুসলমানদের মনে দুর্বোধ্যতা ও জটিলতা সৃষ্টি করতে পিছিয়ে থাকেনি।

ইসলামের শত্রুদের আশির্বাদে সকল প্রকার মাধ্যমগুলো ছিল এই "জ্ঞানীগুণী"দের সহজ বাহন। ফলে পর্দা বেষ্টিত নারী সমাজও তাদের চক্রান্তের বেড়াজালে আটকা পড়েছে। এত কিছুর পরও সবচে বড় দুঃখজনক হলো তাদের এ নোংড়া দৃষ্টিভঙ্গিগুলোর প্রভাব শুধু আম সাধারণের মাঝেই সীমাবদ্ধ থাকেনি বরং পৃথিবীর সবচে পবিত্র ও সুউচ্চ স্থান মিম্বার ও মেহরাব অলংকৃতকারী উলামাগণও এর দ্বারা প্রভাবিত হতে থাকলেন। এমনকি কতিপয় জুব্বা পরিহিত পাগড়ীধারী ব্যক্তি এতুটুকু পর্যন্ত বলতে লাগলেন যে, বর্তমান পরিস্থিতিতে ইসলামের সুরক্ষার জন্য সশস্ত্র সংগ্রাম আত্নহত্যার নামান্তর। আর এই আন্তঘাতি মুসলিম সমাজে উগ্রতা ও বাড়াবাড়ির জন্ম দিচ্ছে। আরো বলছে যে, ইসলামের শত্রুদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নেয়া জায়েয নেই যতক্ষন না রাষ্ট্রের শাসকবর্গ এর অনুমতি দেয়। যাদের পরিচয় হল ব্যাভিচারী, শরাবখোর, লম্পট, চরিত্রহীন নামমাত্র মুসলমান। তারা এ সকল বিষয়ে তো বড় বড় "ফতোয়া" ছাড়ছে কিন্তু একথাটা বলতে রাজি নয় যে, এহেন নাযুক পরিস্থিতিতে মুসলমানদের কী করণীয়।

তাই বর্তমান সময়ের নিতান্ত প্রয়োজন যে, উলামায়ে রব্বানিয়্যিনগণ আগে বেড়ে উম্মতের রাহনুমায়ী করবেন। বাতিল পুজারীদের দ্বিধা সংশয়ের কালো পর্দা বিদীর্ন করে জিহাদের প্রকৃত ও বাস্তব চিত্র দুনিয়ার সামনে তুলে ধরবেন।

মাও. ইলিয়াস গুম্মান সাহেব দা. বা. একজন আল্লাহর পথের মুজাহিদ ও প্রসিদ্ধ গাযী। বিভিন্ন যুদ্ধ ক্ষেত্রে তিনি বীরত্বের পরিচয় দিয়েছেন, এবং হক্ব কথা বলার দায়ে কারা নির্যাতনও ভোগ করেছেন। তিনি জিহাদ প্রসঙ্গে উত্থাপিত আপত্তি ও সংশয় সমূহের বড় চমৎকার জবাব দিয়েছেন এবং পেট পুজারী আর অর্থলোভীদের সমুচিত শিক্ষাও দিয়েছেন।

আশা করি কিতাবখানা অনেক পথহারা "বিজ্ঞজনের" জন্য আলোক মিনার হবে। ব্যক্তি স্বার্থের গ্যাড়াকলে অবরুদ্ধদের জন্য স্বাধীনতার পয়গাম হবে এবং সাধারন জনগনের জন্য উত্তম পথ প্রদর্শক হবে। আল্লাহ তায়ালা কিতাবখানাকে ব্যাপক ভাবে কবুল করুন। এবং লেখক ও পাঠক সকলের নাজাতের উসীলা বানান।

মুফতী আতিকুর রহমান

২৪শাওয়াল ১৪২৫

(১২)

দারুল উলম রেঙ্গুন, বার্মার-উস্তাযুল হাদীস, আরেফ বিল্লাহ হাকীম মো: আখতার সাহেবের খলিফা মাও. মুফতি ইদরীস দা. বা. এর দোয়া ও অভিমত।

الحمد لله وكفي وسلامٌ على عباده الذين اصطفي أما بعدُ

১৪২৫ হি. রমজানুল মোবারকের শেষ দশক স্বীয় শাইখ আরেফ বিল্লাহ হযরত আক্বদাস শাহ হাকীম মো: আখতার দা. বা. এর খানকায় কাটানোর তাওফীক

হয়েছে। এই সময়ে এক মর্দে মুজাহিদ বিজ্ঞ আলেম হযরত মাও. ইলিয়াস গুম্মান সাহেবের সাথে সাক্ষাত এর সুযোগ হয়েছে। তিনি হযরত ওয়ালার খলিফাও। তার ব্যাক্তিত্বের দিকে তাকালে সাহাবাদের স্মরণ তাজা হয়। সর্বদা ভাবনায় ডুবন্ত। বিশেষ করে মজলুম মুসলিম জাতির জন্য দিনরাত চিন্তামগ্ন। তিনি “জিহাদ ফী সাবীলিল্লাহ আওর এ'তেরাযাত কা ইলমী জায়েযা” নামক একটি কিতাব সংকলক করেছেন। কিতাবের পাণ্ডুলিপি বান্দাকে দেখিয়ে অভিমত সরুপ কিছু কথা লিখে দেয়ার আবেদন করলেন। বান্দা পাণ্ডুলিপি পড়ে তো অবাক। এখানে সব অভিযোগ আপত্তির এমন এমন আকলী (যৌক্তিক) নকলী (কোরআন সুন্নাহ ভিত্তিক) জবাব দেয়া হয়েছে যা অধমের কল্পনাতেও আসেনি কোনদিন।

আজ জিহাদ ফী সাবীলিল্লাহ র প্রকৃত অর্থ না বুঝার কারণে অপাত্রে এর ব্যাবহার ঘটিয়ে করে এই মহান সাফল্যের পথ থেকে অধিকাংশ মানুষ বঞ্চিত হচ্ছে। এরচে' বড় আফসোস হল কিছু মানুষ তো ঐ সকল মুজাহিদগণকেও নিন্দার পাত্র বানাচ্ছে যারা সকল অভিযোগ-আপত্তি পিছনে ফেলে আপন জান মাল নিয়ে আল্লাহর রাস্তায় বেরিয়ে গেছে। আল্লাহর দরবারেই সকল অভিযোগ।

من مات ولم يغز ولم يحدث به نفسه مات على شعبة من نفاق.

এসকল নিন্দুকরাই এই হাদীসের যোগ্য প্রয়োগক্ষেত্র। যে মুসলিম দুনিয়া ত্যাগ করলো কোন দিন জিহাদে গেল না, যাওয়ার আকাংখাও পোষন করলনা সে এক প্রকার নেফাকীর উপর মৃত্যু বরণ করলো। সুতরাং জিহাদের মাসআলা বুঝা এমন জরুরী ঈমানের মাসআলা বুঝা যেমন জরুরী। কেননা ফুক্বাহায়ে কেরাম লিখেছেন, যে ব্যক্তি জিহাদ অস্বীকার করে সে কাফের। ছোট্ট একটা সুন্নত নিয়ে ঠাট্টাকারী কখনও মুসলমান থকতে পারে না। তাহলে জিহাদ যা সরাসরী আল্লাহর কালামে বর্ণিত তা অস্বীকারকারী কিভাবে মুমিন থাকতে পারে।

দোয়া করি আল্লাহ তায়ালা এই কিতাব খানার মাধ্যমে মুসলিম জাতিকে জিহাদের সঠিক অর্থ বুঝার তাওফীক দান করুন এবং মুসলিম জাতিকে এই মহান কাজে জানমাল খরচ করার সৌভাগ্য নসীব করুন। সাথে সাথে লেখকের দিলের আশা পুরা করে একে উভয় জাহানে সফলতার মাধ্যম বানান।

মো: ইদ্রিস

উস্তাযুল হাদীস, দারুল উলুম রেঙ্গুন, বার্মা।

সূচীপত্র

(কিতাবের কম্পোজ পূর্ণ হওয়ার পর ঐখান থেকে কপি/পেষ্ট করে বসাতে হবে)

উৎসর্গ

- হক্কের ঝাণ্ডা তুলে যুদ্ধরত ঐ সকল মুজাহিদগণের নামে যারা কুফুরী শক্তির ব্যারাকসমূহে সর্বদা বজ্রপাত ঘটাচ্ছে।
- ময়দানে জিহাদ থেকে গ্রেফতার হওয়া সকল মুজাহিদের নামে যারা পৃথিবীর যে কোন তাগুতি কারাগারে বসে সাহায্যের প্রহর গুনছে।
- আল্লাহর পথের ঐ সকল মুজাহিদদের নামে যাদের দাস্তাঁন শুনে অধঃপতনের এ যুগে খানসা ও খাওলার ঘটনা স্মরণ হয়ে যায়।
- জিহাদের সর্বোচ্চ প্রাপ্তি অর্জনকারী ঐ সকল শুহাদায়ে কেরামের নামে যারা ইসলামের সোনালী ভবিষ্যতের জন্য নিজেদের বর্তমান বিসর্জন দিয়ে জান্নাতে চলে গেছেন।

মুহা. ইলিয়াস গুম্মান।

কিছু আবেদন

এ কিতাব লেখার উদ্দেশ্য একটাই যে, জিহাদ ফি সাবীলিল্লাহর উপর উত্থাপিত আপত্তি সমূহের যৌক্তিক ও ইতিবাচক জবাব প্রদান করা। যাতে জিহাদ ফি সাবীলিল্লাহ্‌র প্রকৃত অবস্থান ও আপন চিত্র উম্মতের সামনে ফুটে উঠে। এবং কুফরীচক্র সমূহ নস্যাৎ হয়। ফলে সাধারণ জনগণ ও ভবিষ্যত প্রজন্ম এ সকল দ্বিধা সংশয়ের শিকার হয়ে কোন ভুল বুঝাবুঝিতে নিপতিত না হয়। হঠকারিতা ও গোড়ামীর চশমা নয় যদি প্রকৃত বিষয় বুঝার নিয়তে কেউ বই খানা পড়ে তাহলে ইনশা-আল্লাহ সে উপকৃত হবে। অন্যথায় হঠকারীতার চিকিৎসা তো আমার কাছে নেই। হ্যা, আমি শুধু দোয়া করতে পারি। এ ক্ষেত্রে আমি কোন কার্পণ্য করবো না।

ওযরখাহী

এই বইয়ে কোন বিশেষ ব্যাক্তি বা দলের খণ্ডন করা হয়নি। বরং জিহাদ সংক্রান্ত মৌলিক আপত্তি সমূহেরই খণ্ডন করা হয়েছে। তা সত্ত্বেও যদি এ বইয়ের

কারণে কোন ব্যাক্তি বা দলের সদস্যদের মনে আঘাত লাগে তাহলে ক্ষমা চাওয়ার কোন প্রয়োজন না থাকলেও আমি অগ্রীম ক্ষমা চেয়ে নিচ্ছি।

"সংক্ষেপন"

আমি শুরু থেকে শেষ পর্যন্ত এ ব্যাপারে যথেষ্ট খেয়াল রেখেছি যাতে কোন আলোচনা অতি দীর্ঘ না হয়ে যায়। যা পাঠকবর্গের বিশেষত আমার হৃদয়মনি মুজাহিদ ভাইদের মূল্যবান সময় নষ্টের কারণ হয়। বরং যথাসাধ্য চেষ্টা করেছি দু'একটি দলিলের

মাধ্যমে প্রকৃত বিষয়টি বুঝিয়ে দেয়ার। আর বাকী দলিল গুলো নিজেই খুঁজে নেবে কিংবা জিহাদের ময়দানে কর্মরত ওলামায়ে কেরাম থেকে জেনে নিয়ে আমলে লেগে যাবে।

এই সংক্ষেপনের কারনেই এ বইয়ে জিহাদের ফাযায়েল, মাসায়েল ও জিহাদ না করার উপর দুনিয়া আখেরাতের ক্ষতি সমূহ আলোচনা করা হয়নি। অধিকন্তু এ সকল বিষয়ে বাজারে আলহামদুলিল্লাহ অনেক বই ছাপা হয়েছে। যদিও কোন কোন জায়গায় কিছু ফাযায়েলের আলোচনাও এসে গেছে কিন্তু তা কিতাব সংকলনের উদ্দেশ্যের মধ্যে ছিল না।

"স্বীকারোক্তি"

ইসলামের স্বার্থে কারাবন্দীর জীবনে এই কিতাব লেখা হয়েছে। তাই যে সকল কিতাবের প্রয়োজন ছিল তা সব পাওয়া যায়নি। আর জেলের অবস্থাও ছিল এমন যে, দীর্ঘ সময় করার সুযোগ নেই। কারণ যে কোন সময় তল্লাশীর নামে সব কিছু বাজেয়াপ্ত করতে পারে। যে কয়েকটি কিতাব আমার সামনে ছিল তা এখানে উল্লেখ করছি:

১. তাফসীরে উসমানী
২. তাফসীরাতে আহমাদীয়্যাহ

৩. মাআরেফুল কোরআন
৪. মুজিহুল কোরআন
৫. কানযুল উম্মাল
৬. আল জামেউস্‌সগীর
৭. যাদুত তালিবীন
৮. মেশকাত শরীফ
৯. মুখতাসারুল কুদুরী
১০. উসুলুশ শাশী
১১. মানশুরুল কোরআন

আমার আকাবিরগণের যে সকল কিতাব ও রেসালা থেকে উপকৃত হয়েছি তাদের নামও নিচে তুলে ধরছি।

১. হযরত আকদাস মুফতি রশিদ আহমদ লুধিয়ানভী
২. উস্তাযে মুহতারাম মুফতি আ: রহীম সা.
৩. উস্তাযে মুহতারাম মাও. মুহা.আসলাম শেখপুরী দা. বা.
৪. উস্তাযে মুহতারাম মাও. মুহা.যাহেদ আর রাশেদী দা. বা.
৫. মুহা.রফী উসমানী দা. বা.
৬. মুফতী মুহা.মাসুম আফগানী দা. বা.
৭. মুফতী মুহা.ইব্রাহীম সাদেকাবাদী দা. বা.
৮. মুফতী মুহা. আবু রায়হান কাশ্মিরী দা. বা.
৯. মাও. ফযল মো. ইউসুফ যাই দা. বা.
১০. সুফী মো. ইকবাল (মদিনা মুনাওয়ারা, সাউদী) দা. বা.
১১. শাইখুত তাফসীর ওয়াল হাদীস মাও. মুহা. ইদরীস কান্ধলভী দা. বা.
১২. শাইখুত তাফসীর ওয়াল হাদীস মাও. মুহা. আ: করীম কুরাইশী দা. বা.

ইহা ছাড়াও ও অনেক আগের বিশেষত ছাত্র যমানার মোতায়ালা থেকে যা কিছু স্মরণে ছিল তা দ্বারাও বিশেষ উপকৃত হয়েছি।

সমস্ত প্রশংসা মহান আল্লাহ্‌র।

“আবেদন”

এ জন্য আমার আবেদন হল, এ কিতাবের যে কথাটি উপকারী ও ভাল মনে হবে, তা আমার আকাবিরগণের সাথেই সম্পৃক্ত হবে। আর যদি কোন কথা অর্থহীন ও ভুল সাব্যস্ত হয়, তার সম্পর্ক হবে আমার সাথে। এই কিতাব দ্বারা যদি কেউ সামান্যও উপকৃত হয় তাহলে সে যেন আকাবীর ও আমার জন্য মঙ্গলের দোয়া করে। পক্ষান্তরে কারো যদি সামান্যও আঘাত লাগে তাহলে সে যেন এতে শুধু আমাকেই অভিযুক্ত করে। আর আমি তো আমার পূর্বোক্ত ওযরখাহীর ভিত্তিতে ক্ষমার যোগ্য হয়ে গেছি। যদি কেউ ক্ষমা করে তবে তার প্রতি কৃতজ্ঞ থাকবো।

"অপেক্ষা"

বাস্তবেও যদি এ বইয়ে কোন ভুল কথা এসে যায়, তাহলে আমি অপেক্ষায় থাকলাম। যাতে এ বিষয়ে আমাকে অবগত করা হয়। আমি নিঃসংকোচে ভুল মেনে নেবো। এবং তাওবা করতঃ পরবর্তী এডিশনে তা শুধরিয়ে নেবো। ইনশা-আল্লাহ। তবে শর্ত হল যে আপত্তিই হবে তা দলিল ভিত্তিক হতে হবে।

কৃতজ্ঞতা জ্ঞাপন।

আমি সর্ব প্রথম আমার মালিক মহান আল্লাহ্ তায়ালার শুকরিয়া জ্ঞাপন করছি যে, তিনি স্বীয় অনুগ্রহে আমাকে জিহাদ বিষয়ে কলম ধরার তাওফীক দিয়েছেন।

وما توفيقي الا بالله العلي العظيم

হাদীসে পাকে এসেছে

من لم يشكر الناس لم يشكر الله

যে মানুষের শুকরিয়া আদায় করলোনা সে আল্লাহর শুকরিয়াও আদায় করলোনা।

তাই এই হাদীসের উপর আমল করতঃ এ সকল কল্যাণকামী বন্ধুবর্গের শুকরিয়া আদায় করছি যারা বন্দী জীবনে এ কিতাব লেখা ও প্রকাশের ক্ষেত্রে সামান্যও সহযোগিতার হাত বাড়িয়েছে।

جزاهم الله تعالي أحسن الجزاء في الدنيا والاخرة

দোয়া

আল্লাহ তায়ালা এই কিতাবকে আমভাবে ও খাস ভাবে কবুল করুন। একে ধর্মীয় কল্যানের মাধ্যম বানান। আমার নিজের বাবা-মা, ভাই-বেরাদার, পরিবার-পরিজন,

সন্তান-সন্ততি, উস্তাদ-মাশায়েখ, দোস্ত-আহবাব সকলের জন্য এ কিতাবকে আখেরাতের সম্বল বানান। আমীন

ভূমিকা

ইসলামী শরীয়ত মানবতার সফলতার জন্য জীবনের সকল ক্ষেত্রে ভিন্ন ভিন্ন বিধান দিয়েছে। এ বিধানগুলো এতটাই পরিচ্ছন্ন ও সুস্পষ্ট যে, তাতে অতিরিক্ত কোন ব্যাখ্যা বিশ্লেষনের প্রয়োজন নেই। তবে হ্যা, কোন কোন সময় কারো কাছে শরয়ী জ্ঞানের অপ্রতুলতার কারনে আগের বিধানগুলোকে যুগের বর্তমান অবস্থার উপযোগী মনে হয়না। তখন কিছু হতভাগা নিজের অজ্ঞতা ও জ্ঞানদৈন্যের স্বীকার না করে শরীয়তের বিধানাবলীর উপর আপত্তি তুলতে থাকে। আর এক বিঘত লম্বা জিহবাটা বের করে উদরস্থ মন্দ কথাগুলোর উদগীরণ করতে থাকে। এর মোকাবেলায় প্রতিটি যুগের উলামায়ে কেরাম العلماء ورثة الأنبياء। এর মানসাবে বসে সে সকল আপত্তি সমূহের আকলী ও নকলী জবাব দিয়ে আসছেন। এবং এর খণ্ডনে অত্যন্ত

জোরালো ও যুক্তিনির্ভর কিতাবাদী রচনা করে আসছেন। فجزاهم الله أحسن الجزاء

পবিত্র শরীয়ত প্রতিটি ইবাদতের জন্য পৃথক নাম, পৃথক হুকুম নির্ধারণ করেছে। শুধু ইবাদতই নয় পারস্পরিক লেনদেনের বিষয়েও প্রতিটি ক্ষেত্রের পৃথক নাম ও হুকুম বর্ণনা করেছে। যাতে একটা আরেকটার সাথে মিশে না যায়। হুকুমের মাঝে কোন জটিলতা অস্পষ্টতা সৃষ্টি না হয়।

সুতরাং জরুরী হল আল্লাহ তায়ালা যে ইবাদতের জন্য যে নাম নির্বাচন করেছেন সে নামটি সে ইবাদতের ক্ষেত্রেই ব্যবহার হবে। আসুন এই নীতিমালার আলোকে আমরা কয়েকটি ইবাদত নিয়ে পর্যালোচনা করি।

কিন্তু আলোচনা শুরু করার পূর্বে আবারও আবেদন করছি আপনি সব ধরণের হঠকারীতা গোড়ামী ক-ধারণা ও বাড়াবাড়ি থেকে মুক্ত হয়ে আমার আলোচনা পড়ুন। এক একটি শব্দ গভীর মনোযোগ দিয়ে পড়ুন ইনশা-আল্লাহ আমার কথা বুঝতে এটা অনেক সহায়ক হবে। আমার লক্ষ্য তো শুধু একটাই যে, সাধারণ মুসলমান যাতে করে নাম সর্বস্ব “চিন্তাবিদদের” প্রপাগাণ্ডায় প্রভাবিত হয়ে বাস্তবতা থেকে দুরে সরে না যায়।

আমাদের জন্য এটা কতবড় সৌভাগ্য যে, শরীয়ত কুরআন-সুন্নাহর মাধ্যমে সকল ইবাদতের নাম, আহকাম, ফাযায়েল, মাসায়েল এবং না পালনে ক্ষতি ও শাস্তির নির্দিষ্ট দিকগুলো পৃথক পৃথক বর্ণনা করে দিয়েছে। উদাহরণত:

নামাজ

নামাজ একটি গুরুত্বপূর্ণ ইবাদত। যার জন্য শরীর কাপড় এবং নামাজের স্থান পবিত্র হওয়া ও কিবলামুখী হওয়া শর্ত। এর মধ্যে রয়েছে তাকবীরে তাহরীমা, কিয়াম, রুকু, সিজদা এবং তাশহহুদ ইত্যাদী। কুরআন-সুন্নায় নামাজের জন্য যে সকল

ফাযায়েল বর্ণিত হয়েছে তা কেবল ঐ ইবাদতের জন্যই, যার মাঝে এ সকল শর্তাবলী ও রুকন পাওয়া যাবে।

সাওম

সুবহে সাদিক থেকে শুরু করে সুর্যাস্ত পর্যন্ত নিয়তসহ খানা পিনা ও স্ত্রী সহবাস থেকে বিরত থাকার নাম। রোযার যে সকল ফাযায়েল বর্ণিত হয়েছে তা শুধু এই বিধানটার সাথেই সীমাবদ্ধ।

হজ্জ

ইহরাম, তালবীয়া, তাওয়াফ, আরাফা-মুযদালিফায় অবস্থান, মিনায় প্রস্তর নিক্ষেপ, মাথা মুণ্ডন, সাফা-মারওয়ায় সাঈ ইত্যাদি আমল দ্বারা সম্পাদিত একটি ইবাদতের নাম। এ সংক্রান্ত ফাযায়েলগুলোও এর মাঝেই সীমাবদ্ধ।

জিহাদ ফী সাবীলিল্লাহ

শারীরীক কসরত, তীর-তরবারী চালনা, বর্শা-বল্লম নিক্ষেপ, বর্ম পরিধান, ঘোড়া ব্যাবহার আর বর্তমান যামানা হিসেবে মেশিনগান, পিস্তল, ক্লাশিনকোভ, গ্রেনেড, ট্যাংক, বোমা, ক্ষেপনাস্ত্র, যুদ্ধ জাহাজ ইত্যাদি চালনার মাধ্যমে সম্পাদিত একটি আমল। যার মধ্যে মুসলমান কাফেরকে হত্যা করলে গাজী হয়, আর কাফের কর্তৃক নিহত হলে শহীদ হয়। কাফেরের মাল ছিনিয়ে আনতে পারলে কিংবা যুদ্ধক্ষেত্র থেকে পরাজিত কাফের বাহিনী থেকে লব্ধ হলে সবচে পবিত্র রিযিক তথা গনিমত হিসেবে গন্য হয়। কাফেরদের বন্দি সৈন্য পুরুষ হলে গোলাম আর মহিলা হলে বাদী হয়। বিবাহ ব্যতীত এদের সাথে সঙ্গম বৈধ। এ সব কিছু আল্লাহর পক্ষ হতে মুসলমানদের প্রতি বিশেষ দান। এ সকল বিষয় যেখানে পাওয়া যাবে তাকেই বলে ইসলামের

ভাষায় কোরআনের ভাষায়, হাদীসের ভাষায় এবং দেড় হাজার বছরের মুসলমানদের গৌরবজ্জল ইতিহাসের ভাষায় " জিহাদ ফী সাবীলিল্লাহ"।

এমনি ভাবে যে সকল ইবাদত ইসলামের রুহ যা ব্যতীত ইসলাম কল্পনাও করাই অসম্ভব সে সকল ইবাদতের মাঝে শরীয়ত স্তর নির্ধারণ করে দিয়েছে। এক ইবাদতকে আরেকটির উপর প্রাধান্য দিয়েছে। যদি ও প্রতিটি ইবাদত আপন অবস্থানে সঠিক সময়ে ও নির্ধারিত ক্ষেত্রে আদায় কাই হল মূল ফযিলতের বস্তু ও কামালিয়্যাত অর্জনের মাধ্যম। কিন্তু এ বিষয়টি তো দিবালোকের ন্যায় স্পষ্ট যে, কোন ইবাদতের সাওয়াব কম বেশী হবার সাধারণ মাপকাঠি হল ঐ ইবাদত সম্পাদনে কষ্ট কম-বেশী হওয়া। অর্থাৎ যে ইবাদতে যে পরিমান কষ্ট মোজাহাদা হবে তার সাওয়াবও সে পরিমান বেশী হবে। আর দুনিয়াতে সবচে' মূল্যবান হল মানুষের জীবন, তারপর সম্পদ। এ কথা থেকে সুস্পষ্ট রূপে জানা গেল, যে আমলে এ উভয়টা-জান-মাল উৎসর্গ করতে হবে সে আমলটাই অন্যান্য সকল আমলের থেকে মর্যাদা, ফযীলত ও সাওয়াবে বেশী হবে।

এখন আসুন আমরা দেখি সে কোন আমল যার মধ্যে জান-মাল উভয়টা কোরবানী করতে হয়। আমাদের যদি ইনসাফের দৃষ্টি থাকে তাহলে দেখতে পাবো সে আমল হল " জিহাদ ফী সাবীলিল্লাহ"। এ আমল সম্পাদনে কোথাও জানের প্রয়োজন বেশী হয় কোথাও মালের প্রয়োজন বেশী হয়। অথবা এভাবে বলা যায়, মানুষের স্বভাব অনুযায়ী কারো কাছে জানের মুহাব্বাত বেশী আবার কারো কাছে মালের মুহাব্বাত বেশী। কেউ সম্পদের খাতিরে জীবন লুটিয়ে দেয়। কেউ আবার জীবনের তাগীদে সম্পদ লুটিয়ে দেয়। এই স্বভাবজাত পার্থক্যের কারনেই মহান আল্লাহ তায়ালা জিহাদের আয়াত সমূহে কোথাও জানকে আগে উল্লেখ করেছেন আবার কোথাও মালকে আগে উল্লেখ করেছেন। সর্বোপরি জিহাদ সম্পাদনে যেহেতু জান মাল উভয়টাই উৎসর্গ করতে হয় তাই শরীয়তে এই মহান ইবাদতকে ذروة سنام لاسلام। ইসলামের সর্বোচ্চ চূড়া বলে ঘোষণা দেয়া হয়েছে। অর্থাৎ যেমনি ভাবে উটের সকল অঙ্গ হতে তার কুজ্বটাই সবচে উচু তেমনি ভাবে ইসলামের সকল

আহকাম হতে জিহাদের হুকুমটি সবার উচ্চে। জিহাদ ফী সাবীলিল্লাহর মধ্যে একদিন একরাত বরং এক সকাল বা এক বিকাল সময় কাটানো দুনিয়া ও দুনিয়ার সকল কিছু হতে উত্তম।

عن أنس بن مالك رضي الله عنه : عن النبي صلى الله عليه و سلم قال : لغدوة في سبيل الله أو روحة خير من الدنيا وما فيها

- الصحيح للبخاري:392/1 باب الغدوة والروحة في سبيل الله وقاب قوس أحدكم من الجنة. رقم الحديث: 2792 ، - الصحيح لمسلم :134/2 باب فَضْلِ الْغَدْوَةِ وَالرَّوْحَةِ فِى سَبِيلِ الله. رقم الحديث:4836 ، - سنن الترمذى:294/1 باب باب في الغدو و الرواح في سبيل الله. رقم الحديث:1640 ، - المصنف لإبن أبي شيبة:227/10 باب ما ذكر في فضل الجهاد والحث عليه. رقم الحديث:19649

অপর হাদীসে এসেছে,

عن سلمان قال سمعت رسول الله -صلى الله عليه وسلم- يقول « رباط يوم وليلة خير من صيام شهر وقيامه وإن مات جرى عليِ عمله الذى كان يعمله وأجرى عليه رزقه وأمن الفتان ».

-الصحيح لمسلم: 142/2 باب فضل الرباط فى سبيل الله عز وجلّ. رقم الحديث:4901

-المسند للإمام أحمد : 212/6 رقم الحديث:6653 - المعجم الكبير للطبرانى : 6178

আল্লাহর পথে একদিন একরাত পাহারাদারী করা মাস ভর সিয়াম পালন ও কিয়াম সাধন থেকে উত্তম।

অপর হাদীসে এসেছে,

عن ابن عباس قال : سمعت رسول الله صلى الله عليه وسلم يقول : (عينان لا تمسهما النار : عين بكت من خشية الله ، وعين با تت تحرس في سبيل الله) .

-سنن الترمذى:293/1 باب ما جاء في فضل الحرس في سبيل الله . رقم الحديث:1631 - شعب الإيمان للبيهقى:796 باب في الخوف من الله تعالى _

আল্লাহর ভয়ে ক্রন্দনকারী চোখ ও জিহাদের ময়দানে পাহারাদারী করে জাগ্রত থাকা চোখদ্বয়কে জাহান্নামের আগুন কখনো স্পর্শ করবে না। আরো বর্ণিত হয়েছে,

عن عقبة بن عامر قال : سمعت رسول الله صلى الله عليه و سلم يقول " إن الله عزوجل يدخل بالسهم الواحد ثلاثة نفر الجنة صانعه يحتسب في صنعته الخير والرامي به ومنبله

-سنن أبي داؤود:340/1 باب في الرمي. رقم الحديث:2513 - سنن النسائى: 49/2 باب فضل من أنفق زوجين في سبيل الله . - المسند للإمام أحمد : 332/13 رقم الحديث:17233

আল্লাহ তায়ালা একটি তীরের বিনিময়ে তিনজনকে জান্নাতে প্রবেশ করাবেন। ভালোর নিয়্যতে তীর তৈরী কারী, তীর নিক্ষেপকারী ও তীর মেরামত কারী।

অন্য হাদীসে এসেছে

عن سالم أبي النصر مولى عمر بن عبيد الله وكان كاتبه قال كتب إليه عبد الله بن أبي أوفى رضي الله عنهما : أن رسول الله صلى الله عليه و سلم قال (واعلموا أن الجنة تحت ظلال السيوف)

صحيح البخارى : 395/1 باب الجنة تحت بارقة السيوف رقم الحديث : 2718 - المصنف لإبن أبي شيبة 342/10 ما ذكر في فضل المجاهد رقم الحديث : 19856

জেনে রাখ! নিশ্চই জান্নাত তরবারীর ছায়ার নিচে।

এই মোবারক আমলে এক মিনিট অংশগ্রহণ কারীর জন্য জান্নাত প্রস্তুত করে দেয়া হয়।

"من قاتل في سبيل الله فواق ناقة وجبت له الجنة"

-سنن الترمذى:294/1 باب في الغدو والرواح في سبيل الله . رقم الحديث: 1643- السنن لأبي داؤود: 344/1 باب فيمن سأل الله تعالى الشهادة . رقم الحديث:2541 - سنن النسائى: 48/2 باب ثواب من قاتل في سبيل الله فواق ناقة.

যুদ্ধের ময়দানের সামান্য সময় অবস্থানকে ঘরে বসে ষাট বছর রিয়ামুক্ত ইবদতের থেকে উত্তম বলা হয়েছে:

عن أبي أمامة ولمقام أحدكم في الصف خير من صلاته ستين سنة

المسند للإمام أحمد : 2234- المعجم الكبير للطبراني: 7868

এই মোবারক আমলে প্রবাহিত রক্ত থেকে কাল হাশরের মাঠে মেশ্‌কের খুশবু ছড়াবে

عَنْ عَبْدِ الله بْنِ ثَعْلَبَةَ قَالَ قَالَ رَسُولُ الله صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ لِقَتْلَى أُحُدٍ زَمِّلُوهُمْ بِدِمَائِهِمْ فَإِنَّهُ لَيْسَ كَلْمٌ يُكْلَمُ فِي الله إِلَّا يَأْتِي يَوْمَ الْقِيَامَةِ يَدْمَى لَوْنُهُ لَوْنُ الدَّمِ وَرِيحُهُ رِيحُ الْمِسْكِ ---سنن النسائى:49/2 باب من كلم في سبيل الله عز وجل ، - المسند للإمام الأحمد:67/17 رقم الحديث:23547 ، -الصحيح لمسلم: رقم الحديث:4825 - مصنف لإبن أبي شيبة:19506

এই মোবারক আমলে ব্যবহৃত তলোয়ার যেমনি ভাবে পৃথিবী থেকে কুফরকে মিটিয়ে দেয় তেমনি ভাবে মুজাহিদের গুণাহকেও মিটিয়ে দেয়

عن عتبة بن عبد السلمي وكان من أصحاب النبي صلى الله عليه و سلم :قال رسول الله صلى الله عليه وسلم: ان السيف محاء للخطايا

-مسند أحمد: 454/13 رقم الحديث:17588 ، - صحيح لإبن حبان: 519/10 رقم الحديث:4663 ، - الجهاد لإبن المبارك: 62

শুধু গুণাহ থেকে পবিত্রই করেনা বরং হত্যাকারী মুসলিম আর নিহত কাফের উভয়কে চিরতরে পৃথক করে দেয়। এমনভাবে পৃথক করে যে, উভয়ে আখেরাতেও কোন দিন একত্রিত হবে না। কাফের তো নিহত হয়ে জাহান্নামে চলে যায়। আর মুজাহিদ হত্যা করে জান্নাতের উপযুক্ত হয়ে যায়।

عن أبي هريرة أن النبي صلى الله عليه و سلم قال : لا يجتمع الكافر وقاتله من المسلمين في النار أبدا

- مسند أحمد: 7/9 رقم الحديث:8801 ، - صحيح لإبن حبان: 521/10 رقم الحديث:4665

বরং যদি মুজাহিদ নিজেই কাফেরের হাতে শহীদ হয় তাহলে সফল। সুবহানাল্লাহ! কেমন সফলতা যে, রক্তের প্রথম ফোটা যমীনে পড়ার সঙ্গে সঙ্গে সকল গুনাহ মাফ।

عن المقدام بن معدي كرب الكندي قال سمعت رسول الله صلى الله عليه و سلم يقول إن للشهيد عند الله تسع خصال أنا أشك يغفر الله ذنبه في أول دفعة من دمه

রুহ বের হবার আগেই জান্নাতের প্রাসাদ সমূহ পরিদর্শন। ويرى مقعده من الجنة ঈমানের চোখজুড়ানো পোষাক ويحلى بحلية الإيمان কবরের আযাব হতে মুক্তি ويجار من عذاب القبر হুরে ইন (আনত নয়না ডাগর চক্ষু বিশিষ্ট মাতাল করা সুন্দরী রমনী) দের সাথে বিবাহ ويزوج من الحور العين হাশরের ময়দানের ভয়াবহতা হতে নিস্কৃতি و يؤمن من الفزع

لأكبر। তার মাথায় সম্মানের মুকুট পরানো হবে যার একটি ইয়াকুত পাথর দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু আছে তারচে উত্তম। ويوضع على رأسه تاج الوقار كل ياقوته خير من الدنيا وما فيها বাহাত্তরটি হুরের সাথে বিবাহ হবে। ويزوج ثنتين وسبعين زوجة من حور العين

নিজে তো জান্নাতের যাবেই। সাথে সাথে আত্মীয়দের মধ্য হতে সত্তর জনের ব্যাপারে তার সুপারিশ কবুল করা হবে

ويشفع في سبعين إنسانا من أقاربه .

- مصنف عبد الرزاق :265/5 رقم الحديث:9559 باب أجر الشهادة

- سنن الترمذي 295/1 رقم الحديث:1653، -باب ما جاء أي الناس أفضل ، - المسند للإمام أحمد:293/13 رقم الحديث:17116

সারকথা:

ইমাম ইবনে তাইমিয়্যাহ আলাইহির রাহমাহ এর কলম থেকে শুনুন,

جهاد الكفار من أعظم الاعمال بل هو أفضل ما تطوّع به الإنسان

কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা সবচে বড় আমল। বরং ফারায়েজ ব্যতীত মানুষ যত আমল করে তার মধ্যে জিহাদই সর্বশ্রেষ্ঠ। (মাজমুআ ফাতাওয়া শাইখুল ইসলাম পৃ: ১৯৭ খ: ১১)

এসব ফাযায়েল ছাড়াও এ মোবারক আমলকে ঈমান ও নেফাকের মাপকাঠি বানানো হয়েছে।

وَلِيَعْلَمَ الْمُؤْمِنِينَ وَلِيَعْلَمَ الَّذِينَ نَافَقُوا

(আল্লাহ জিহাদের নির্দেশ দিয়েছেন) যাতে জেনে নেন কারা মুমিন আর কারা মুনাফিক।

আর যে ব্যাক্তি নিজে এই মোবারক আমলে শরীক হলনা বা কোন মুজাহিদের পরিবারের খোঁজ রাখলনা এবং কোন মুজাহিদকে জিহাদের ব্যাপারে সহায়তা করলনা তাকে মৃত্যুর আগে কোন না কোন কঠিন মসিবতে আক্রান্ত হবার ধমকি দেওয়া হয়েছে।

عن أبى أمامة ، عن النبي صلى الله عليه وسلم قال : " من لم يغز أو يجهز غازيا أو يخلف غازيا في أهله بخير أصابه الله بقارعة " قال يزيد بن عبد ربه في حديثه : قبل يوم القيامة .

- سنن أبي داوود:339/1 باب كراهية ترك الغزو . رقم الحديث:2503 ، - السنن الكبرى للبيهقى:92/9 باب النفير وما يستدل به على أن الجهاد فرض على الكفاية . رقم الحديث:17942،

যে ব্যাক্তি এই মোবারক আমলে শরীক হলনা আর শরীক হবার আকাংখা না নিয়েই মারা গেল তার মৃত্যুকে মুনাফেকীর উপর মৃত্যু সাব্যস্ত করা হয়েছে।

عن ابى هريرة قال قال رسول الله صلى الله عليه وسلم من مات ولم يغز ولم يحدث به نفسه مات على شعبة من نفاق.

- الصحيح لمسلم :141/2 باب ذَمٍّ مَنْ مَاتَ وَلَمْ يَغْزُ وَلَمْ يُحَدِّثْ نَفْسَهُ بِالْغَزْوِ . رقم الحديث:4894 - المسند للإمام أحمد :29/9 رقم الحديث:8851 ، - سنن أبي داوود:339/1 باب كراهية ترك الغزو . رقم الحديث:2502

যে ব্যাক্তি জিহাদের কোন ক্ষত, আঘাত বা জিহাদের কোন কাজে শরীক হওয়া ছাড়াই দুনিয়া থেকে বিদায় নিল তার ব্যাপারে ঘোষনা করা হয়েছে যে, সে হাশরের ময়দানে আল্লাহর দরবারে এমন ভাবে দাঁড়াবে যে, তার গায়ে এক ধরণের ক্রুটি পরিলক্ষিত হবে বা তার দ্বীনদারিত্বে কমতি দেখা যাবে।

عن أبى هريرة قال : قال رسول الله صلى عليه وسلم : (من لقى الله بغير أثر من جهاد لقى الله وفيه ثلمة) .

سنن الترمذى: 296/1 رقم الحديث: 1657- مستدرك للحاكم : 79/2 ،

মূল আলোচনায় আসি

এই সংক্ষিপ্ত আলোচনায় আমার জিহাদের ফাযায়েল ও মর্যাদা বয়ান করা উদ্দেশ্য নয়। বরং এই গুটি কয়েক ফাযায়েল ও ধমকি বার্তা উল্লেখ করার দ্বারা আমার উদ্দেশ্য হল এটা বুঝানো যে, এই মোবারক আমলটি শরীয়তের দৃষ্টিতে কত মহান। তাই এই মোবারক আমলে অংশগ্রহণকারী সৌভাগ্যবান মুজাহিদীনে কেরাম বরং সায়্যেদুল মুজাহিদীন নাবীয়্যুস্ সাইফি ওয়ার্ রাহ্মাহ্ (সা.) এর সুপুত্রদের উপর যে পরিমানই ইর্ষা করা হবে তা কমই বলতে হবে। আল্লাহ তায়ালা আপন অনুগ্রহে আমাদেরকে এতে পূর্ণ অংশ গ্রহনের তাওফীক দিন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

জিহাদ এবং আরবী ভাষা

এতো ছিল বরকতময় আমল জিহাদ ফী সাবীলিল্লাহের হাক্বীকত। কিন্তু জিহাদ শব্দটি যেহেতু আরবী শব্দ আর আরবী ভাষায় এর অর্থ হল চেষ্টা করা, খুব মেহনত করা । আমি ইহাও সামর্থন করি যে, কুরআনে কারীমেও কোন কোন স্থানে এ আভিধানিক অর্থেই ব্যবহৃত হয়েছে, বরং শরীয়ত অধিকাংশ সময় জিহাদ জিহাদ ফী সাবীলিল্লাহ এর গুরুত্ব ও মাহাত্বের প্রতি লক্ষ্য করে উৎসাহ ও উদ্দিপনা যোগানোর

উদ্দেশ্যে অন্যান্য কিছু ইবাদতের উপর রূপক অর্থে জিহাদ শব্দটি প্রয়োগ করেছে। এতে প্রত্যেক স্বল্প জ্ঞানী বরং (আফসোসের সাথে বলতে হচ্ছে) কিছু সংখ্যক আহলে ইলম ও লেখক সাহেবানও এর দ্বারা ধোকায় পড়ে গেছেন। আর তারা দ্বীনের প্রত্যেক কাজ যার মধ্যে নূন্যতম চেষ্টা-প্রচেষ্টা বা কষ্ট-মেহনত রয়েছে তাকে জিহাদ বলে দিচ্ছেন। অথচ ইহা সরাসরি বে-ইনসাফী ও বাড়াবাড়ি। কারণ, শরীয়ত যখন প্রতিটি আমল ও প্রতিটি ইবাদতের জন্য যথাযোগ্য ভিন্ন ভিন্ন নাম নির্ধারণ করে দিয়েছেন। তাহলে আমাদের কী প্রয়োজন দেখা দিলো যে, আমরা খামোখা বিভিন্ন আমল ও ইবাদতের নাম ও আহকামের মধ্যে পরস্পরে গড়মিল করে ফেলবো।

দেখুন, যদি কোন মজদুর জুন মাসের গরমে অথবা আগষ্টের শ্বাসরুদ্ধকর পরিস্থিতিতে লোহার ফ্যাক্টরীতে বা ইটের ভাটায় কাজ করে অথবা কৃষক তীব্র গরমের মৌসুমে গম ইত্যাদি কাটার কাজ করে এবং পিপাসার কাতরতা বরদাশত করে ও ক্ষুধার তীব্রতা সহ্য করে। কিন্তু এতদসত্ত্বেও নামাজ কেন রমজানের রোযাকেও কাযা করা সমীচিন মনে করে না। অথবা কোন ব্যবসায়ী বেঈমানী ও সুদখোরীর সাগর থেকে নিজেকে বাচিয়ে রাখে। আর বাজারের বেহায়াপনা ও অশ্লীলতার মধ্যে দৃষ্টির হেফাযত করে এবং প্রচণ্ড কর্মব্যস্ততার সময়ও যোহর বা আসরের আযান শুনেই দোকান বন্ধ করে আল্লাহ তায়ালার দরবারে উপস্থিত হয়। অথবা কোন ব্যক্তি শীত বা প্রচণ্ড গরমের মৌসুমে কাঁধে বিছানা নিয়ে নিজ বাসস্থান ছেড়ে সফরে বেরিয়ে, দিলে আল্লাহর দ্বীনের ফিকির নিয়ে ও যবানে আল্লাহর যিকির করতে করতে প্রথভ্রষ্ট গোনাহগার মানবজাতির সম্পর্ক সৃষ্টিজীব থেকে বিচ্ছিন্ন করে আল্লাহর সাথে জুড়ে দেওয়ার কাজে সচেষ্ট। এবং মানুষের তিক্ত কথা বার্তা ও অসহনীয় মন্তব্য অপদস্থতার চরম সীমা পর্যন্ত বরদাস্ত করেও মদদ ও নুসরতের আশায় ঘরে ঘরে দ্বীনের দাওয়াত নিয়ে যাচ্ছে।

অথবা কোন মুসলিম বোন ইউরোপের অশ্লীল, উলঙ্গ ও দুর্গন্ধময় পরিবেশে পরিস্থিতির মোকাবেলা করে পর্দা করছে এবং নিজের ইজ্জত আব্রুর হেফাজতের জন্য পঙ্কিলতা থেকে নিজেকে রক্ষা করছে এবং গুণাহের আগত বাধা বিপত্তিকে উপেক্ষা

করে এক আল্লাহর সন্তষ্টির উদ্দেশ্যে সারা দুনিয়ার নারাজি ও অসন্তুষ্টি সয়ে নিচ্ছে। তাহলে এ কারনামাটি নি:সন্দেহে শত প্রশংসাযোগ্য ও ঈর্ষণীয়। বরং অনুসরণযোগ্যও বটে। ইহা অনেক বড় কুরবানী ও লিল্লাহিয়্যাত আর এ দ্বিগুন কষ্ট-ক্লেশ সহ্য করার কারণে তার সওয়াব নি:সন্দেহে সাধারণ নামাযীদের থেকে বেশি, সাধারণ রোযাদারদের থেকে বেশি এবং সাধারণ ব্যবসায়ীদের থেকে বেশি এবং সাধারণ মহিলাদের পর্দার চেয়ে কয়েকগুন বেশি হবে। এই ব্যবসায়ী এ কাজের জন্য কিয়ামতের দিবসে আম্বিয়ায়ে কেরামের সঙ্গে থাকবে রবং সম্ভাবনা রয়েছে যে, কষ্ট-ক্লেশ সহ্য ও লিল্লাহিয়াতের উপর ভিত্তি করে তার সওয়াব অনেক ক্ষেত্রে মুজাহিদ এবং গাজীদের চেয়েও বেশি হবে। কিন্তু এতোদসত্ত্বেও এই দিনমজুর ও কৃষকের ইবাদত, রোযা এবং ব্যবসায়ীর নামায এবং এই দায়ীর দাওয়াত ও তাবলীগ অথবা উক্ত মহিলার সতিত্ব ও পর্দাকে আমরা জিহাদ নামে আখ্যায়িত করব, তা অসম্ভব।

এ সকল অবস্থা সত্ত্বেও পর্দা-পর্দাই থাকবে, রোযা-রোযা, নামাজ-নামাজ, আর দাওয়াত-দাওয়াতই থাকবে। এ সকল ব্যক্তিদের এই বরকতময় আমলকে জিহাদ নামে আখ্যায়িত করা শরীয়তের সাথে বাড়াবাড়ি ও বে-ইনসাফী এবং দ্বীনের মধ্যে বিকৃতিসাধন হবে। যা একজন মুসলমানের জন্য অসহনীয় বিষয়। বরং আমরা তো জিহাদ ফী সাবীলিল্লাহ এর নাম দিবো শহীদ হওয়াকে। অথবা এমন মাল খরচ করা এবং দাওয়াত দেওয়াকে যা আল্লাহর রাস্তায় জিহাদ করার জন্য সহায়ক হবে।

শাইখুল হাদীস হযরত মাও. যাকারিয়া রহ. এর পত্র।

ইহা আমার ব্যক্তিগত খেয়াল নয়। বরং আমাদের আকাবিরদের আদর্শ এবং শরীয়তের ফয়সালা। সর্বোপরি ইহা স্পষ্ট রূপে সবার সামনে আসার জন্য শাইখুল হাদীস হযরত মাও. যাকারিয়া কান্ধলভী রহ. এর একটি চিঠি পেশ করছি। এর সংক্ষিপ্ত পটভূমি হলো এই, মাযাহিরুল উলূম সাহারানপুর মাদ্রাসার এক উস্তাদ আবুল আলা মওদুদীর দ্বারা প্রভাবিত হয়ে জামায়াতে ইসলামীতে যোগদান করেন। হযরত শাইখুল হাদীস রহ. তাহার ইসলাহ ও সংশোধনের উদ্দেশ্যে একটি পত্র লিখলেন যার

মধ্যে আবুল আলা মওদুদীর দৃষ্টিভঙ্গি ও চিন্তা-চেতনা সবিস্তারে বর্ননা করেছেন। এই পত্রটি যদিও অনেক দীর্ঘ কিন্তু মওদূদীর দৃষ্টিভঙ্গি বোঝার জন্য অত্যন্ত উপকারী। যারা পুরো পত্রটি দেখতে চান তারা শাইখুল হাদীস রহ. এর বিশিষ্ট খলীফা সূফী মুহাম্মাদ ইকবাল হুশিয়ারপূরী রচিত مودودی اور انکے تحریرات کے متعلق چند مضامین নামক কিতাবটি পড়ে নিন। বরং আমরা পরামর্শ তো এই যে, ইহা অবশ্যই পড়া চাই।

এতে হযরত শাইখুল হাদীস রহ. ইবাদত সম্পর্কে মওদূদীর দৃষ্টিভঙ্গি বর্ণনা করে এর উপর পর্যালোচনা করতে গিয়ে বলেন, “আপনি নিজেই খেয়াল করুন যে, ইবাদতের মর্মার্থের গুরুত্ব মেনে নেওয়ার পরও যখন সে ইবাদতকে ইবাদত নয় এমন জিনিসের সাথে মিলিয়ে ফেলেন তাহলে ইবাদতের মর্মার্থের গুরুত্ব জামায়াতের মধ্যে কীভাবে বাকী থাকবে। আমার দৃষ্টিতে এই বিষয়টি অনেক গুরুত্বপূর্ণ। যখন মানুষের দৃষ্টি থেকে ইবাদতের বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র চলে যেতে থাকবে তখন নি:সন্দেহে ইবাদতের গুরুত্বও চলে যেতে থাকতে থাকবে। এখন ইহা লক্ষ্য করুন যে, তিনি (মওদূদি সাহেব) ইবাদতের নতুন ব্যখ্যা কী করেছেন? তিনি লিখেছেন, “ ঐ ব্যক্তি ভুল বলে যে বলে, ইবাদত শুধু তাসবীহ ও মুসল্লা এবং মসজিদ ও খানকাহ পর্যন্ত সীমাবদ্ধ। নেককার একজন মুমিন ব্যক্তি শুধুমাত্র ঐ সময়ই ইবাদত রত থাকে যখন সে দিনে পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে বার মাসের একমাস রোযা রাখে, বৎসরে একবার যাকাত প্রদান করে সারা জীবনে একবার হজ্ব করে। বরং তার সারাটা জীবন শুধু ইবাদতই ইবাদত যখন সে ব্যবসা বানিজ্যে হারাম ছেড়ে হালাল রুজীর উপর সন্তুষ্ট থাকে, তখন কি তার এটা ইবাদত হয় না? যখন সে মুআমালাতে যুলুম ও মিথ্যা, প্রতারণা ও ধোকাবাজি হতে বিরত থেকে ইনসাফ ও ন্যায়পরায়ণতার সাথে কাজ সম্পাদন করে তখন ইহা কি ইবাদত হবে না।?

চুড়ান্ত সত্য ইহাই যে, আল্লাহ তায়ালার কানুনের পাবন্দী এবং তার শরীয়তের অনুসরণের মাধ্যমে মানুষ দুনিয়া ও আখেরাতের যে কাজই করুক তা সারাসরি ইবাদত বলে গণ্য হবে। এমনকি বাজরে ক্রয়-বিক্রয় পরিবার পরিজনের সাথে তার

আচার আচরণ এবং নিজের পার্থিব কর্মব্যস্ততায় মনোনিবেশও ইবাদত। এরপর শাইখুল হাদীস রহ. এর মন্তব্য লক্ষ্য করুন, “বাহ্যিক দৃষ্টিতে আলোচনাটি অত্যন্ত সুন্দর এবং দ্বীনের গুরুত্ব সৃষ্টিকারী। কিন্তু আপনি চিন্তা করে দেখুন ইবাদতকে এমন জিনিসের সাথে মিশিয়ে দেয়া হয়েছে যা ইবাদত নয়। হাদীস পড়ুয়া সর্বনিম্নস্তরের একজন ছাত্রও এ পার্থক্য নিরুপণ করতে পারে যে, ইবাদত এবং মুআমালাত দুটি ভিন্ন ভিন্ন জিনিস। হাদীস এবং ফিক্বাহের কিতাবসমূহ শুরু থেকে শেষ পর্যন্ত এই পার্থক্য দ্বারা ভরপুর যে, ইবাদত ও মুআমালাত ভিন্ন দুটি বস্তু।

(যদি আল্লাহর বিধি নিষেধের প্রতি লক্ষ্য রাখা হয় এবং এর দ্বারা আল্লাহর সন্তুষ্টি কামনা করা হয় তাহলে এ কারনে এই কাজ দ্বারা ইবাদতের মতো সওয়াব পেয়ে যাওয়া ভিন্ন কথা আর নি:সন্দেহে সওয়াব পাবেও। এই আজর ও সওয়াবের কারণে নুসূস তথা শরীয়তের নির্দেশমালার কোন কোন জায়গায় ইহার উপর রুপক অর্থে ইবাদত শব্দ ব্যবহার করা হয়েছে। কিন্তু শুধু এ কারণে যে, ইহার দ্বারাও আজর ও সওয়াব পাওয়া যায় ইহা কি ইবাদতের মধ্যে শামিল হয়ে যাবে?)

ইহাতো এমন যেমন রাসূল সা. বলেছেন:

عن زيد بن خالد الجهني : عن رسول الله صلى الله عليه و سلم أنه قال (من جهز غازيا في سبيل الله فقد غزا ومن خلفه في أهله بخير فقد غزا)

-الصحيح لمسلم:137/2 باب فضل إعانة الغازي في سبيل الله بمركوب وغيره وخلافته في أهله بخير . رقم الحديث:4865- مسند أحمد-60/16 رقم الحديث:21577، - صحيح ابن حبان-490/10 ذكر التسوية بين الغازي وبين من خلفه في أهله بخير في الأجر. رقم الحديث:4631 ،

অর্থাৎ যে ব্যক্তি মুজাহিদদের সামানের ব্যবস্থা করে দিলো অবশ্যই সে জিহাদ করলো আর যে ব্যক্তি মুজাহিদের পরিবার-পরিজনের ভাল-মন্দ খোঁজ খবর রাখলো এবং তাদের সহযোগিতা করলো নিশ্চয় সে জিহাদ করলো।

হাদীস বুঝে এমন একজন সাধারন ব্যক্তিও কি এই হাদীস থেকে ইহা বুঝবে যে, কোন মুজাহিদকে সহযোগীতা করা বা তার পরিবার-পরিজনের খোজখবর নেওয়াই প্রকৃত জিহাদ।

আল্লাহর তায়ালার বাণী: إِنَّ اللهَ اشْتَرَى مِنْ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ

উক্ত আয়াতে তো স্পষ্ট, ক্রয়-বিক্রয় দ্বারা এখানে প্রকৃত ক্রয় উদ্দেশ্য নয়। বরং রূপক অর্থ উদ্দেশ্য। যেমনটি ব্যাখ্যা করেছেন ইমাম সারাখসী রহ. মাবসূত নামক কিতাবের ২য় খণ্ডের ২৪৮ পৃষ্ঠায়। এমনি ভাবে সওয়াবের প্রত্যেক কাজের উপর রূপক অর্থে ইবাদত শব্দটির ব্যবহার তার শরীয়ত প্রদত্ত মৌলিকতাকে পরিবর্তন করতে পারে না।

مودودی صاحب اور انکی تحریرات کے متعلق چند اہم مضامین صفحہ 213-215

সুপ্রিয় পাঠক-পাঠিকা! আপনারা গভীর দৃষ্টিতে শাইখুল হাদীস রহ. এর ইবারতকে বার বার পড়লে এ অধমের অবস্থান বুঝতে আপনাদের মোটেও দেরী লাগবে না। আমার আবদার হল এই যে, আমার অবস্থানটি মাথায় রেখে শাইখুল হাদীস রহ. এর ইবারতের রেখা টানা অংশটুকু বার বার পড়ুন। আমি ইহাই বলেছি যে, কোন দ্বীনি কাজে কষ্ট ও মেহনতের কারণে জিহাদের সওয়াব পেয়ে যাওয়া অথবা রূপক অর্থে এর উপর শরীয়ত কর্তৃক জিহাদ শব্দ ব্যবহার করে ফেলা আর এই সমস্ত আমলকে প্রকৃত জিহাদ হিসেবে গণনা করা দুটো ভিন্ন ভিন্ন জিনিস।

হে আল্লাহ! তুমি আমাদের কে সঠিক আমল ও শুভবুদ্ধি দান কর। আমীন!

দুটি স্তর

প্রথম স্তর:

জিহাদ ফী সাবীলিল্লাহ অর্থে ব্যাপকতা সৃষ্টিকারী দুটি স্তর। এক স্তরের সদস্যরা তো প্রবৃত্তির ক্ষুধার্ত চাহিদার গোলাম, কাপুরুষতার শীর্ষে সমাসীন এবং অকর্মণ্য ও

অলস। যারা নিজেরাও জিহাদের নাম শুনে ভয় পায়, অন্যদেরও ভয় দেখায় এবং জিহাদের নাম শুনে এমন ভয় পায় যেমন শয়তান আযানের শব্দ শুনে বায়ূ ছাড়তে ছাড়তে পলায়ন করে। এ সকল লোক ইসলাম এবং মুসলমানদের চরম শত্রু। কুরআনে হাদীসে অপব্যাখ্যাকারী বেদ্বীন ও মুনাফিকদের ঐ গ্রুপ যারা ইসলামকে নি:শেষ করার জন্য ইসলামের পোশাক পরিধান করে মুসলমানদের কাতারে ঢুকে পড়েছে। এরা পারলে কুরআন-হাদীস থেকে জিহাদের আয়াত গুলোকে খুটিয়ে খুটিয়ে তুলে পরিস্কার করে দিতো। কিন্তু শোকর শত শোকর! যে, কুরআন এবং হাদীসের শব্দ এবং এর ব্যাখ্যা সংরক্ষনের দায়িত্ব খোদ আল্লাহ তায়ালা নিয়ে নিয়েছেন। কিন্তু এদের কামনা এই যে, তাদেরকে ইসলামের হিরো, মুফাক্কিরে ইসলাম, মুদাক্কিকে ইসলাম ইত্যাদি নামে ডাকা হোক এবং তাদের অসৎ চেষ্টা-প্রচেষ্টাগুলোকে মুসলমানদের জন্য আলোর মিনার সাব্যস্ত করা হোক এবং যারা জুতার সমতুল্য তাদেরকে উম্মতের রাহবার মেনে নেওয়া হোক এবং তাদের ধংসাত্মক দুষ্কর্মগুলোকে তাজদীদি কারনামা তথা নবায়নমূলক কৃতিকর্ম হিসেবে স্মরণ করা হোক বরং তাদেরকে জিহাদের নেতা ও রাহবার মেনে নিয়ে ইসলামের বিজয়ীদের মতো তাদের গলায় মালা পরিয়ে সব জায়গায় তাদেরকে ইস্তেকবাল জানানো হোক, অভ্যর্থনা করা হোক। কিন্তু *ایں خیال است ومحال است وجنوں* এদের ব্যাপারেই বলা যেতে পারে

لا تَحْسَبَنَّ الَّذِينَ يَفْرَحُونَ بِمَا أَتَوا وَيُحِبُّونَ أَنْ يُحْمَدُوا بِمَا لَمْ يَفْعَلُوا فَلا تَحْسَبَنَّهُمْ بِمَفَازَةٍ مِنْ الْعَذَابِ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ - (سورة آل عمران - 188)

অনুবাদ: যারা তাদের কৃতকর্মের প্রতি খুশি হয় এবং যা তারা করেনি তা নিয়ে প্রশংসিত হতে পছন্দ করে, তুমি তাদেরকে আযাব থেকে মুক্ত মনে করো না। আর তাদের জন্যই রয়েছে যন্ত্রণাদায়ক আযাব।

উক্ত আয়াতের তাফসীরে শাইখুল ইসলাম মাওলানা শাব্বীর আহমাদ উসমানী রহ. বলেন যে, ইয়াহুদীরা মাসআলা বলতো, সুদ-ঘুস গ্রহণ করতো, জেনে

বুঝে পয়গম্বর সা. এর গুণাবলী এবং সুসংবাদ সমূহকে লুকাতো আর খুশি হতো যে, আমাদের চালাকী কেউ ধরতে পারে না। এবং আশা রাখতো যে, লোকেরা আমাদের প্রশংসা করে বলবে যে, অনেক বড় আলেম, দ্বীনদার এবং হক্বের পতাকাবাহী। অন্যদিকে মুনাফিকদের অবস্থাও এর সাথে সামঞ্জস্যশীল ছিলো। যখন কোন জিহাদের সময় আসতো তখন চুপচাপ ঘরে বসে থাকতো এবং নিজেদের এই কৃতকর্মের উপর খুশি হতো যে, দেখ কীভাবে জীবন বাচিয়েছি। যখন রাসূল সা. জিহাদ থেকে ফিরে আসতেন তখন অনুপস্থিতির কারণ হিসেবে মিথ্যা অজুহাত পেশ করে চাইতো যে, রাসূল সা. এর দ্বারা নিজেদের প্রশংসা করিয়ে নিবে।

এদের সবাইকে বলে দেওয়া হয়েছে যে, এ ধরনের কথা বার্তা দুনিয়া ও আখেরাতে আল্লাহর শাস্তি থেকে মুক্তি দিতে পারবে না। প্রথমত এ ধরনের লোক দুনিয়াতেই লাঞ্ছিত হয়। আর কোন কারণে দুনিয়াতে বেচে গেলেও আখেরাতে মুক্তি পাওয়ার কোন রাস্তা নেই।

সতর্কতা!!! এই আয়াতে যদিও ইয়াহুদী এবং মুনাফিকদের কথা আলোচনা করা হয়েছে কিন্তু মুসলমানদের শিক্ষা দেওয়া হচ্ছে যে, খারাপ কাজ করে খুশি হয়ো না, ভাল কাজ করে অহংকার করো না। আর যে ভাল কাজ করোনি তার উপর প্রশংসা প্রাপ্তির অভিলাষ রেখো না। (তাফসীরে উসমানী- আল ইমরান)

এদের এই ভ্রান্ত ফিকির এবং অসদুদ্দেশ্যের উপর মেহনতের ফলাফল এই হয়েছে যে, দুনিয়াতে প্রত্যেক ব্যক্তি মুজাহিদ হয়ে আছে। যে ব্যক্তি দুই লাইন বক্তৃতা করে ফেললো সে বলছে আমিও মুজাহিদ। যে ট্যাক্সি চালায় সে বলছে আমিও মুজাহিদ। যে বাচ্চা লালন করে সে বলছে ইহাও জিহাদ। বুঝে আসেনা, গোটা উম্মত জিহাদে লিপ্ত এরপরেও উম্মতের লাঞ্চনা ও অপদস্থতা দূর হচ্ছে না। অথচ ইজ্জত-সম্মান তো জিহাদের অনিবার্য ফলাফল। জিহাদ হবে তো সম্মান আসবে। জিহাদ হবে খেলাফত প্রতিষ্ঠিত হবে। আজ সবদিকে শুধু মুজাহিদ আর মুজাহিদ। কেউ নিজেকে জিহাদের

নিম্নস্তরটিতেও যেতে রাজি নয়। এরপরও কেন উম্মত জুলুমের স্বীকার? মুসলমানদের খুপড়ীগুলো কেন চূর্ণ-বিচুর্ণ? কুরআন শরীফগুলোকে কেন জ্বালিয়ে দেওয়া হচ্ছে? মসজিদগুলো কেন মাটির সাথে মিশিয়ে দেওয়া হচ্ছে। বায়তুল মুকাদ্দাস কেন অভিশপ্ত ইয়াহুদীদের হাতে? হারামাইন শরীফাইনের আশে-পাশে কেন মার্কিন-ইয়াহুদী সেনারা তাবু গেড়ে রেখেছে? মুসলমানরা নিজেদের দেশেও কেন স্বীয় ফয়সালা গ্রহনে স্বাধীন নয়? আসল আলোচনা এই স্তরের লোকদের সাথে নয়। কেননা এরা তো প্রবৃত্তির দাস এবং নফসের গোলাম। এদের বুঝানো আমার কলমের ক্ষমতার উর্ধ্বে। বাস্! আল্লাহকে হাযির নাযির জেনে তার কুদরাতী পায়ে ললাট ছুয়ে (সিজদা করে) দোয়া করি হে আল্লাহ সবাইকে সত্যের পথ দেখাও এবং তাতে চালাও।

দ্বিতীয় স্তর:

হ্যাঁ, একটি স্তর এমনও রয়েছে যারা মুখলিছ, দ্বীনের প্রতি মমতাশীল, জিহাদ এবং মুজাহিদদের প্রতি আক্বিদত ও মুহাব্বাত পোষন করে। যাদের ইখলাছের ব্যাপারে সন্দেহ পোষণ করাটাও হয়তো নিজেকে ঈমানহারা করে ফেলার নামান্তর। এ সকল লোক যদিও জিহাদের ময়দান থেকে দূরে কিন্তু তাদের অন্তর সব সময় মুজাহিদদের সাথে সম্পৃক্ত থাকে। এবং যদি তাঁদের ইলমী, ইসলাহী এবং দ্বীনি ব্যস্ততা না থাকতো তাহলে সম্ভবত বরং নি:সন্দেহে এসকল লোক প্রথম সারির বরং মুজাহিদদের সিপাহসালারের ভূমিকা পালন করতো। তাদের ইলমি এবং ইসলাহী চেষ্টা-প্রচেষ্টাগুলো নি:সন্দেহে ইসলাম ধর্মের প্রতিটি শাখার জন্য খুব জরুরী এবং খোদ জিহাদ এবং মুজাহিদদের জন্য উপকারী।

আল্লাহ তাআ'লা এ সকল হযরতদের ইখলাছ, তাক্বওয়া এবং ইলমী ও ইসলাহী চেষ্টা-সাধনা থেকে আমাকেও পরিপূর্ণ হিসসা দান করেন। আমীন! তাঁদের জুতাগুলো আমার মাথার মুকুট, তাদের পদধূলী আমার চোখের সুরমা, তাঁদের দোয়া এবং নেক নজরই পূঁজি- আমার জন্য এবং উম্মতে মুসলিমার জন্য।

সুতরাং এই ধরণের লেখক ও আহলে ইলম হযরতদের অবস্থানকে ধাক্কা দিয়ে নাকচ করে দেওয়ার পরিবর্তে তাদের মানসিক হতবুদ্ধিতাকে সামনে এনে দলীল এবং যুক্তির মাধ্যমে পরিস্কার করে দেওয়া জরুরী। এবং আল্লাহর অনুগ্রহে প্রার্থনা করছি যে, হে আল্লাহ তুমি স্বীয় অনুগ্রহে এই বিষয়টিকে পরিপূর্ণতায় পৌছানোর তাওফীক আমাকে দান কর। এবং আমাকে আমার মাকসাদে কামিয়াবী দান কর। এবং আমার এই সামান্য মেহনতকে কবুল করে উম্মতে মুসলিমার জন্য উপকারী বানিয়ে দাও। আমীন! ইয়া রব্বাল আলামীন!

আমি সর্বপ্রথম নিজের দাবী উত্থাপন করব। এরপর ইহার দলিল ও প্রমাণসমূহ পেশ করব। অত:পর ধারাবাহিকভাবে আপত্তিগুলো উল্লেখ করে সবিস্তারে এর উত্তর প্রদান করব। ইনশা-আল্লাহ।

দাবী

জিহাদ ফী সাবীলিল্লাহ শুধু আর শুধু আল্লাহর রাস্তায় যুদ্ধ করার নাম। অথবা প্রত্যেক ঐ আমল যা আল্লাহর রাস্তায় যুদ্ধ করার জন্য উদ্বুদ্ধকারী হয় এবং এর দ্বারা জিহাদেরই সমর্থন পাওয়া যায়। চাই তা মুখের দ্বারা হোক বা কলমের দ্বারা বা অর্থ দ্বারা। সুতরাং যদি কারো কলম এজন্য লেখে চলে যে, এর দ্বারা হক্ব-বাতিলের লড়াইয়ের চিত্র অংকন করবে, যুদ্ধের ময়দানের জন্য মুজাহিদীন তৈরী হবে, মুজাহিদদের উৎসাহ প্রদান করা হবে আর কাফেরদের সাহস দমিয়ে দেওয়া হবে, গাজী এবং শহীদের অবস্থা সাধারণ মুসলমান পর্যন্ত পৌছানো হবে তাহলে এই কলমের চেষ্টা-প্রচেষ্টাও নি:সন্দেহে জিহাদ ফী সাবীলিল্লাহ এর সংজ্ঞাভুক্ত হবে। তদ্রুপ মুখের ভাষা যদি এ জন্য প্রয়োগ করা হয় যে, এর দ্বারা মুসলিম উম্মাহর অন্তরে আবেগ ও জযবার ঝড় সৃষ্টি করে যুবক শ্রেণীকে ময়দানে ও জিহাদের দিকে উদ্বুদ্ধ করা হবে। এবং পদ্য ও গদ্য, কবিতা ও কবিত্ব এবং ওয়াজ ও বক্তৃতার মাধ্যমে মুসলমানদের রক্তকে উষ্ণ করা হবে তাহলে ইহাও নি:সন্দেহে জিহাদেরই একটি শাখা। তদ্রুপ যদি অর্থের মাধ্যমে যুদ্ধাস্ত্র ক্রয় করা হয়, মুজাহিদদের জন্য অন্ন-বস্ত্রের

ব্যবস্থা করা হয় এবং গাজী ও শহীদদের পরিবার পরিজনের দেখা-শোনা করা হয় তাহলে নি:সন্দেহে ইহাও জিহাদ বলে গণ্য হবে। তবে এক্ষেত্রে শর্ত হলো এ সব কিছু আমীরের অনুসরণেই হতে হবে। রূপক অর্থে এগুলোকে জিহাদও বলা যেতে পারে কিন্তু এগুলোকে প্রকৃত জিহাদ গণ্য করা যাবে না। আর যদি কলম দিয়ে ইসলাম ধর্মের বিষয়ে লিখে যাওয়া হয় এবং মুখের ভাষা উম্মতের ইসলাহ ও রাহনুমায়ীর জন্য ব্যবহার করে যাওয়া হয় অথবা অর্থ দিয়ে মাদরাসার ভবন নির্মাণ ও উন্নতি প্রদান করা হয় তাহলে ইহাকে একটি নেক কাজ তো বলা যাবে আর নি:সন্দেহে ইহা নেক কাজই। কিন্তু ইহাকে কস্মিনকালেও জিহাদ ফী সাবীলিল্লাহ বলা যাবে না।

اللهم ارنا الحق حقًّا وارزقنا اتباعه وارنا الباطل باطلاً وارزقنا اجتنابه

দলিল-১

لا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنْ الْمُؤْمِنِينَ غَيْرُ أُوْلِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ ّالله بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فَضَّلَ ُ ّالله الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ عَلَى الْقَاعِدِينَ دَرَجَةً وَكُلاًّ وَعَدَ ُ ّالله الْحُسْنَى وَفَضَّلَ ُ ّالله الْمُجَاهِدِينَ عَلَى الْقَاعِدِينَ أَجْراً عَظِيماً - دَرَجَاتٍ مِنْهُ وَمَغْفِرَةً وَرَحْمَةً وَكَانَ ُ ّالله غَفُوراً رَحِيماً (سورة النساء-95- 96)

অনুবাদঃ বসে থাকা মুমিনগণ, যারা ওযরগ্রস্থ নয় এবং নিজদের জান ও মাল দ্বারা আল্লাহর রাস্তায় জিহাদকারীগণ এক সমান নয়। নিজদের জান ও মাল দ্বারা জিহাদকারীদের মর্যাদা আল্লাহ বসে থাকাদের উপর অনেক বাড়িয়ে দিয়েছেন। আর আল্লাহ প্রত্যেককেই কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন এবং আল্লাহ জিহাদকারীদেরকে বসে থাকাদের উপর মহা পুরস্কার দ্বারা শ্রেষ্ঠত্ব দান করেছেন।

উক্ত আয়াতে দু'ধরণের লোকের আলোচনা করেছেন (قاعدون) তথা ঘরে বসে থাকা লোক ও (مجاهدون) তথা জিহাদকারী লোক। আর (مجاهدون) কে

(قاعدون) এর মোকাবেলায় উল্লেখ করাটা একথার দলিল যে, জিহাদ অর্থ শুধুমাত্র যুদ্ধ করা। কেননা (قاعدون) এর মধ্যে রয়েছে ঐ সকল লোক যারা দ্বীনের কোন কাজ করে কিন্তু জিহাদ করে না। চাই সে তাদরীসের কাজ করুক বা তাসনীফের কাজ করুক, খানক্বায় আত্মশুদ্ধির দায়িত্বে নিয়োজিত থাকুক কিংবা নামাজ রোজার দাওয়াত নিয়ে মানুষের ঘরে ঘরে বেড়াক।

এজন্য আমি বিশেষভাবে এসকল হযরতদের কাছে দরখাস্ত করব যারা দাওয়াত ও তাবলীগের কাজ করে যাচ্ছেন, আর মা-শা-আল্লাহ অত্যন্ত পূণ্যময় কাজে লিপ্ত। কিন্তু তারা তাদের একাজকে জিহাদ ফী সাবীলিল্লাহ বরং এর চেয়ে বড় মর্যাদা দিয়ে থাকেন, আর দ্বীনের অন্য কোন কাজ সম্পাদনকারীকে এমনকি মুজাহিদদেরও আসল দ্বীনের জন্য মেহনতকারী মনে করেন না। তারা যেন এই আয়াতের তাফসীরের জন্য মাওলানা মুহাম্মাদ ইহতেশামুল হাসান রহ. রচিত مسلمانوں کی موجودہ پستی کا واحد علاج তাবলীগ জামাতের প্রতিষ্ঠাতা ও সর্বপ্রথম আমীর হযরতজী মাও. মুহাম্মাদ ইলিয়াস রহ. এর নির্দেশে লিপিবদ্ধ করেছেন। তার উক্ত পুস্তিকাটি এখন ফাযায়েলে আ'মাল এর অংশ।

হযরত মাও. ইহতেশামুল হাসান রহ. লিখেছেন যদিও এই আয়াতে জিহাদ দ্বারা উদ্দেশ্য কাফেরদের মোকাবেলায় দৃঢ়পদ থাকা যেন ইসলামের বাণী সুউচ্চ থাকে আর কুফর ও শিরক পরাজিত ও অপদস্ত হয়। কিন্তু যদি দূর্ভাগ্যবশত আজ আমরা এই মহা সৌভাগ্য থেকে বঞ্চিত থাকি তাহলে এই মাকসাদের জন্য যতটুকু চেষ্টা প্রচেষ্টা করা আমাদের পক্ষে সম্ভব তাতে তো কখনই অবহেলা করা উচিত নয়। আবার আমাদের এই সামান্য কাজ ও চেষ্টা-প্রচেষ্টা আমাদেরকে সামনে অগ্রসর করে দিবে।

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا (سورة العنكبوت:٦٩)

অর্থাৎ যে সকল লোক আমার দ্বীনের জন্য চেষ্টা প্রচেষ্টা করে আমি তাদের জন্য আমার রাস্তা খুলে দেই। রেখা টানা বাক্যটি মনোযোগ সহকারে আরো একবার পড়ে নিন।

আল্লাহ তা'আলা আমাদেরকে শুভবুদ্ধি দান করুন। বুযুর্গতো জিহাদকে "মহা সৌভাগ্য" আর এই দাওয়াতের কাজকে "সামান্য প্রচেষ্টা" আখ্যা দিচ্ছেন। কিন্তু আমরা ইহাকে গোটা দ্বীনের দাওয়াত, আসল কাজ, তারতীবে নবুওয়াত এবং আরো না কী কী উপাধিতে ভূষিত করছি। এবং আমাদের বুযুর্গ যেটাকে মহা সৌভাগ্য বলছেন আমরা তা থেকেই পালিয়ে যাচ্ছি। এবং অন্যকেও এর কাছে যেতে দিচ্ছি না।

বুযুর্গ আরেকটু অগ্রসর হয়ে يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ এর অধীনে বলেন, অন্য একটি বিষয় যা আমাদের কাছে মাতলূব বা প্রাপ্য তা হলো জিহাদ। আর মূলত জিহাদ যদিও কাফেরদের সাথে যুদ্ধ বিগ্রহ এবং মোকাবেলার নাম। কিন্তু প্রকৃতপক্ষে জিহাদেরও মূল উদ্দেশ্য হলো ইলায়ে কালিমাতুল্লাহ বা আল্লাহর বাণীকে সমুন্নত করা। এবং খোদায়ী বিধান চালু করা ও তা প্রয়োগ করা। আর ইহাই আমাদের আন্দোলনের মূল উদ্দেশ্য।

দলিল-২

عن بشير بن الخصاصية قال: أتيت رسول الله صلى الله عليه وسلم لأبايعه فقلت: علام تبايعني؟ يا رسول الله! فمد رسول الله صلى الله عليه وسلم يده فقال: تشهد أن لا إله إلا الله وحده لا شريك له وأن محمدا عبده ورسوله، وتصلي الصلوات الخمس لوقتها، وتؤدي الزكاة المفروضة، وتصوم رمضان، وتحج البيت وتجاهد في سبيل الله، قلت: يا رسول الله! كلا نطيق إلا اثنتين فلا أطيقهما: الزكاة، والله مالي إلا عشر ذود هن رسل أهلي وحمولتهن، وأما الجهاد فإني رجل جبان ويزعمون أنه من ولى فقد باء بغضب من الله وأخاف إن حضر القتال أن أخشع بنفسي فأفر فأبوء بغضب من الله، فقبض رسول الله صلى الله عليه وسلم يده ثم حركها ثم قال: يا بشير! لا صدقة ولا جهاد فبم إذن تدخل الجنة؟ قلت: يا رسول الله! ابسط يدك أبايعك، فبسط يده فبايعته عليهن كلهن.

- كنز العمال: 36865 حرف الفاء ، - السنن الكبرى للبيهقى: 40/9 رقم الحديث:17796 ، - المستدرك للحاكم :80/2

অনুবাদঃ হযরত বশির বিন খাসাসিয়াহ রা. বলেন আমি রাসূল সা. এর কাছে বাইয়াত হওয়ার জন্য তাঁর খেদমতে হাযির হলাম। আমি জিজ্ঞাসা করলাম হে আল্লাহর রাসূল আপনি আমাকে কোন কোন বস্তুর উপর বাইয়াত করাবেন? তিনি স্বীয় হস্ত মুবারক বাড়িয়ে দিলেন এবং বললেন তুমি একথার সাক্ষী দাও যে, আল্লাহ এক তাঁর কোন শরীক নেই। তিনি ছাড়া কোন উপাস্য নেই। এবং হযরত মুহাম্মাদ সা. আল্লাহ তা'য়ালার বান্দা ও রাসূল। এবং পাঁচ ওয়াক্ত নামায সময় মত আদায় করবে, ফরয যাকাত আদায় করবে, রমযানের রোযা রাখবে, বাইতুল্লাহর হজ্ব করবে এবং আল্লাহর রাস্তায় জিহাদ করবে। আমি বললাম হে আল্লাহর রাসূল! আমি দুটি কাজ ছাড়া সব কাজ করতে পারবো। একটি হলো যাকাত। কেননা আমার নিকট দশটি উট-উষ্ট্রি রয়েছে। এগুলোর দুধের মাধ্যমেই আমার পরিবার পরিজনের ভরণ পোষণ হয়ে থাকে। দ্বিতীয়টি হলো জিহাদ। কেননা আমি দূর্বল মনের অধিকারী, কাপুরুষ। আর লোকেরা তো বলে, যে ব্যক্তি যুদ্ধের ময়দান থেকে পৃষ্ঠপ্রদর্শন করবে সে আল্লাহর অসন্তুষ্টি সাথে নিয়ে ফিরে যাবে। আমার ভয় হয় যে, যদি দুশমনদের সাথে যুদ্ধ শুরু হয়ে যায় আর আমি ঘাবড়ে গিয়ে যুদ্ধের ময়দান থেকে পালিয়ে যাই তাহেল তো আমি আল্লাহর অসন্তুষ্টি নিয়ে ফিরে আসবো, রাসূল সা. স্বীয় হাত পিছনে টেনে নিলেন এবং হাত নাড়িয়ে নাড়িয়ে বললেন যে, হে বশির! যখন তুমি না তো যাকাত দিবে আর না তো জিহাদ করবে। তাহলে কোন আমলের দ্বারা তুমি জান্নাতে যাবে। আমি বললাম হে আল্লাহর রাসূল সা. আপনি আপনার হাত বাড়িয়ে দিন আমি বাইয়াত হব। অতএব, তিনি হাত বাড়িয়ে দিলেন এবং আমি এই সব আমলের উপর রাসূল সা. এর কাছে বাইয়াত হয়ে নিলাম।

আমার ভাই দোস্ত এবং বুযুর্গ! যদি জিহাদের অর্থ ক্বিতাল তথা যুদ্ধ করা ছাড়া অন্য কোন কিছুও হতো তাহলে বশির বিন খাসাসিয়া রাযি. কেন বললেন আমি

কাপুরুষ। এবং যুদ্ধ থেকে পালিয়ে আসার আশংকা কেন পেশ করলেন। অথবা নাউযুবিল্লাহ যদি সাহাবী জিহাদের অর্থ না-ই বুঝে থাকেন তাহলে রাসূল সা.-ই বলে দিতেন যে, জিহাদের অর্থ শুধু যুদ্ধ করা নয়। তুমি দ্বীনের অন্য কোন কাজ কর যাতে কষ্ট-ক্লেশ রয়েছে এ সবগুলোই জিহাদ। সুতরাং হে দোস্ত! রাসূল সা. এবং বশির রাযি. এর এই আমল একথার সাক্ষি যে, জিহাদ এর অর্থ শুধু ক্বিতাল তথা যুদ্ধ করা অন্য কিছু নয়।

দলিল-৩

রাসূল সা. এর যুগে মদীনা মুনাওয়ারায় যখন حي على الجهاد বলে জিহাদের প্রতি আহ্বান করা হতো তখন এসে দেখুন যে, সাহাবায়ে কেরাম রাযি. এর মুবারক আমল কি ছিল? যদি তখন নারী-শিশুসহ সকল সাহাবায়ে কেরাম জিহাদের অর্থ যুদ্ধ করাই বুঝে থাকেন এবং এই ঘোষণায় তরবারী এবং তীর-কামান নিয়ে রাসূলসা. এর খেদমতে দৌড়ে থাকেন, তাহলে তো জিহাদের অর্থ শুধু আর শুধু যুদ্ধ করাই হতে পারে। অন্যথায় কোন একট উদাহরণ তো এমন মিলতো যে, রাসূল সা. এর মুবারক যমানায় حي على الجهاد এর ঘোষণা হয়েছে আর কোন সাহাবী তো দূরের কথা কোন মুনাফেকও ইহা বলেছে যে আমি স্ত্রীর হক্ক আদায়ে লিপ্ত এও তো জিহাদ। আমার ইমান তো এখনও পরিপূর্ণ হয়নি; আমি স্বীয় ইমানের মজবুতির জন্য মুজাহাদা করে যাচ্ছি আর ইহাও তো জিহাদ। আমি তো মদীনা এবং মদীনার আশপাশে লোকদের কে দ্বীনের দাওয়াত দিচ্ছি; ইহাও তো জিহাদ। যদি একটি উদাহরণও এমন না পাওয়া যায়; আর সুনিশ্চিত পাওয়া যাবেও না, তাহলে তো ইয়াক্বীন করে নেওয়া চাই যে, জিহাদের অর্থ শুধু আর শুধু যুদ্ধ করা।

অথচ সাহাবায়ে কেরামের অবস্থা তো ছিল এমন যে, কেউ পয়সা নিয়ে বাজারে গেছেন এবং বিয়ের জন্য প্রয়োজনীয় বাজার- সদাই করার সময় حي على الجهاد এর ঘোষণা শুনে ফেলেছেন তাহলে এই পয়সা দিয়েই তরবারী ও নেযা কিনে নিয়েছেন। এবং কেউ রাতে স্ত্রী সহবাস করার পর ভোরে গোসলের ইচ্ছা

করেছেন আর حي على الجهاد ঘোষণা শুনে এ অবস্থাতেই যুদ্ধের ময়দানে ছুটে চলেছেন।

দলিল-৪

ফুক্বাহায়ে কেরাম জিহাদের সংজ্ঞা কি করেছেন

১. আল্লামা ইবনে হাজার রহ. বলেন بذل الجهد في قتال الكفار (فتح البارى : ৬/৪) অর্থ, কাফেরদের হত্যা করতে নিজের পূর্ণ ক্ষমতা ব্যয় করা।

২. মোল্লা আলী ক্বারী রহ. বলেন الجهاد شرعا بذل المجهود في قتال الكفار (مرقات المفاتيح) অর্থ, কাফেরদের সাথে মোকাবেলা করতে নিজের পূর্ণ শক্তি ব্যয় করার নাম জিহাদ।

শাইখুত তাফসীর ওয়াল হাদীস মাওলানা মুহাম্মাদ ইদরীস কান্ধলভী রহ. বলেন, ইবনে আব্বাস, আবু হুরাইরা, আয়েশা সিদ্দীকা এবং আবু বকর রাযি., যুহরী, সাঈদ ইবনে যুবায়ের, মুজাহিদ, উরওয়া ইবনে যুবায়ের, যায়েদ ইবনে আসলাম, ক্বাতাদাহ, মুকাতিল ইবনে হাইয়্যান এবং অন্যান্য আকাবির হযরত থেকে বর্ণিত যে, জিহাদের অনুমতি প্রদান করে যে আয়াত প্রর্বপ্রথম নাযিল হয়েছে তা হলো এই,

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا (سورة الحج - 39)

ঐ সকল লোকদের জিহাদ এবং ক্বিতালের অনুমতি দেওয়া হলো যাদের সাথে কাফেররা যুদ্ধ করে। এই অনুমতি এ জন্য দেওয়া হলো যে, এরা বড়ই নির্যাতিত, নিপীড়িত। (এখন তো স্পষ্ট হয়ে গেল যে, জিহাদের অনুমতি দেওয়া এবং ক্বিতালের আয়াত নাযিল করা একথার দলিল যে, জিহাদের অর্থ কেবল যুদ্ধ করা।-লেখক)
তিনি একটু পরেই লিখেন,

সারকথা:

সারকথা হলো এই যে, আল্লাহ তা'য়ালার আনুগত্যশীলদের আল্লাহ তা'য়ালার অবাধ্যচারীদের সাথে যুদ্ধ করা এবং তাঁর রাস্তায় সর্বচ্চো জানবাজি দেয়া। এবং দু:সাহসিকতা দেখানোর নাম জিহাদ। একটু অগ্রসর হয়ে আরো বলেন, খোলাসায়ে কালাম তথা কথার সারমর্ম হলো এই যে, ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য যে যুদ্ধ করা হয় তার নাম জিহাদ। (এখন হযরতের এসকল উক্তির পরও কি অন্য কিছু উদ্দেশ্য নেওয়ার সুযোগ থাকে? সর্বোপরী আরয এই যে, কোন একজন ফক্বীহও এমন অতিবাহিত হননি যিনি জিহাদের পারিভাষিক সংজ্ঞা ক্বিতাল তথা যুদ্ধ করা দিয়ে করেন নি।-লেখক)

দলিল-৬

আমি সর্বশেষে ঐ দলিলটি পেশ করব যেটিকে যদিও প্রথমেই উল্লেখ করা উচিৎ ছিল কিন্তু ইহা স্বয়ং ছাহেবে শরীয়ত ও সর্বশেষ নবী রাসূলপাক সা. কর্তৃক প্রদত্ত জিহাদের ব্যাখ্যা। আর হুযুর সা. প্রদত্ত ব্যাখ্যার পরে অতিরিক্ত অন্য কিছুর কোন অবকাশই বাকী থাকে না। এজন্য ইহাকে আলোচ্য বিষয়ের চুড়ান্ত দলিল হিসেবে পেশ করছি।

عن عمرو بن عبسة قال قال رجل يا رسول الله..... وما الجهاد قال أن تقاتل الكفار إذا لقيتهم قال فأي الجهاد أفضل قال من عقر جواده وأهريق دمه.

-مصنف عبد الرزاق:127/11 باب الإيمان والإسلام . رقم الحديث:20107، - مسند أحمد : 242/13 رقم الحديث:16964

হযরত আমর ইবনে আবাসা রাযি. বলেন যে, রাসূল সা. এর খেদমতে আরয করা হলো হে আল্লাহর রাসূল সা. জিহাদের অর্থ কী? রাসূল সা. উত্তর দিলেন যুদ্ধের ময়দানে কাফেরদের সাথে যুদ্ধ করা আবার কেউ জিজ্ঞাসা করে বসলো, সর্বোত্তম

জিহাদ কোনটি? রাসূল সা. ইরশাদ করলেন, যে যুদ্ধে মুজাহিদ বাহিনীর পা কেটে ফেলা হয় এবং মুজাহিদদের রক্ত প্রবাহিত করে দেওয়া হয়।

আপনিই চিন্তা করুন এরপরও কি কোন অবকাশ থেকে যায় যে, আমরা জিহাদের অর্থ যুদ্ধ করা নেব না। বরং জিহাদের অর্থে ব্যপকতা প্রদান করে অন্যান্য পূণ্যময় কাজগুলোকে নিজের পক্ষ থেকে জিহাদ আখ্যা দেব। ইহা রাসূল সা. প্রদত্ত জিহাদ ফী সাবীলিল্লাহর অর্থের সাথে বাড়াবাড়ি নয় কি? হে আল্লাহ তুমি আমাদের সঠিক বোধশক্তি দান কর। আমীন!

গাযওয়া এবং সারিয়া

গাযওয়া: ঐ যুদ্ধকে বলে যাতে রাসূল সা. স্বশরীরে অংশ গ্রহণ করেছেন।

সারিয়া: ঐ যুদ্ধসফরকে বলা হয় যাতে রাসূল সা. স্বশরীরে অংশগ্রহণ করেননি। বরং সাহাবায়ে কেরাম রাযি. কে প্রেরণ করেছেন। যেমন হাদীসে এসেছে:

أن أبا هريرة رضي الله عنه قال : سمعت النبي صلى الله عليه و سلم يقول (والذي نفسي بيده لولا أن رجالا من المؤمنين لا تطيب أنفسهم أن يتخلفوا عني ولا أجد ما أحملهم عليه ما تخلفت عن سرية تغزو في سبيل الله والذي نفسي بيده لوددت أن أقتل في سبيل الله ثم أحيا ثم أقتل ثم أحيا ثم أقتل ثم أحيا ثم أقتل) .

- الصحيح للبخاري :392/1 باب تمني الشهادة. رقم الحديث:2797 ، - مصنف عبد الرزاق: 254/5 باب فضل الجهاد. رقم الحديث:9532 - الصحيح لمسلم:133/2 باب فَضْلِ الْجِهَادِ وَالْخُرُوجِ فِى سَبِيلِ ّاللهِ. رقم الحديث:4822

হযরত আবু হুরাইরা রাযি. বলেন রাসূল সা. ইরশাদ করেন কসম ঐ সত্ত্বার যার কুদরতী হাতে আমার প্রাণ,যদি এমন কোন মুমিন না থাকতো যাদের এতে সীমাহীন

কষ্ট হয় যে, আমি জিহাদে চলে যাব আর তারা পিছনে রয়ে যাবে। আর আমর নিকট কোন বাহনও নেই যে, তাদের কে তা দিয়ে সংগে নিয়ে যাব তাহলে আমি আল্লাহর রাস্তায় জিহাদ করে যাওয়া কোন গাযওয়া থেকেই পিছনে রয়ে যেতাম না। বরং কসম ঐ সত্ত্বার যার কুদরতী হাতে আমার প্রাণ, আমার তো মন চায় যে, আমি আল্লাহর রাস্তায় শহীদ হবো পূণরায় আমাকে জীবিত করা হবে আবার শহীদ হবো অত:পর জীবিত করা হবে আবার শহীদ হবো পুণরায় জীবিত করা হবে আবারো শহীদ হবো।

	গাযওয়ার নাম	**সন**	**সাহাবায়ে কেরামের সংখ্যা**
১.	গাযওয়ায়ে আবওয়া	সফর ২ হিজরী	৬০ জন মুহাজির সাহাবী
২.	গাযওয়ায়ে বুওয়াত্ব	রবিউল আউয়াল বা সানী ২ হিজরী	২০০ সাহাবায়ে কেরাম
৩.	গাযওয়ায়ে উশাইরা	জুমাদাল উলা ২ হিজরী	২০০ মুহাজির সাহাবী
৪.	গাযওয়ায়ে সাফওয়ান	২ হিজরী	
৫.	গাযওয়ায়ে বদরে কুবরা	রমযান ২ হিজরী	৩১৩ জন সাহাবী রাযি.
৬.	গাযওয়ায়ে ক্বারক্বারাতুল	শাওয়াল ২ হিজরী	২০০ সাহাবায়ে কেরাম

	কাদার		
৭.	গাযওয়ায়ে ক্বাইনুকা	২ হিজরী	
৮.	গাযওয়ায়ে সাভীক্ব	জিলহজ্ব ৩ হিজরী	২০০ সাহাবায়ে কেরাম
৯.	গাযওয়ায়ে গাতফান	১২ রবিউল আউয়াল ৩ হিজরী	৪৫০ জন সাহাবায়ে কেরাম
১০.	গাযওয়ায়ে নাজরান	রবিউস সানী ৩ হিজরী	৩০০ সাহাবায়ে কেরাম
১১.	গাযওয়ায়ে উহুদ	১৫ শাওয়াল ৩ হিজরী	৭০০ সাহাবায়ে কেরাম
১২.	গাযওয়ায়ে হামরাউল আসাদ	১৬ শাওয়াল ৩ হিজরী	উহুদ যুদ্ধে অংশগ্রহণকারী ৩১৩
১৩.	গাযওয়ায়ে বনু নাযীর	রবি. আউয়াল ৪ হিজরী	
১৪.	গাযওয়ায়ে যাতুর রিক্বা	জুমাদাল উলা ৪ হিজরী	৪০০ সাহাবায়ে কেরাম
১৫.	গাযওয়ায়ে বদরে মাউঈদ	শাবান ৪ হিজরী	১৫০০ সাহাবায়ে কেরাম
১৬.	গাযওয়ায়ে দাওমাতুল জানদাল	রবি. আউয়াল ৫ হিজরী	১০০০ সাহাবায়ে কেরাম

১৭.	গাযওয়ায়ে বনী মুস্তালেক্ব	২ শাবান ৫ হিজরী	
১৮.	গাযওয়ায়ে খনদক্ব	শাউয়াল ৫ হিজরী	৩০০০ সাহাবায়ে কেরাম
১৯.	গাযওয়ায়ে বনী কুরাইযা	যিলক্বদ ৫ হিজরী	
২০.	গাযওয়ায়ে লিহইয়ান	রবি. আউয়াল ৬ হিজরী	২০০ সাহাবায়ে কেরাম
২১.	গাযওয়ায়ে ক্বারাদ	রবি. আউয়াল ৬ হিজরী	৫০০ সাহাবায়ে কেরাম
২২.	গাযওয়ায়ে খায়বার	মুহার্‌রম ৭ হিজরী	১৪০০ সাহাবায়ে কেরাম
২৩.	গাযওয়ায়ে ছুলহে হুদাইবিয়া	৬ হিজরী	১৫০০ সাহাবায়ে কেরাম
২৪.	গাযওয়ায়ে মূতা	জুমাদাল উলা ৮ হিজরী	৩০০০ সাহাবায়ে কেরাম

ফায়েদা: মূতার যুদ্ধকে গাযওয়ার মধ্যে গণনা করা হয় অথচ তাতে রাসূল সা. স্বশরীরে উপস্থিত ছিলেন না। মুহাদ্দিসীনে কেরাম এর কয়েকটি কারণ উল্লেখ করে থাকেন, তন্মধ্যে একটি কারণ হলো এই যে, এই যুদ্ধটি আল্লাহ তায়া'লা রাসূল সা. কে

সরাসরি দেখিয়েছেন এবং মাঝখানের সমস্ত পর্দা উঠিয়ে দিয়েছেন, যেন রাসূল সা. স্বশরীরে উপস্থিতই ছিলেন।

২৫.	গাযওয়ায়ে ফাতহে মক্কা	রমযান ৮ হিজরী	১০,০০০ সাহাবায়ে কেরাম
২৬.	গাযওয়ায়ে হুনাইন	শাউয়াল ৮ হিজরী	১২,০০০ সাহাবায়ে কেরাম
২৭.	গাযওয়ায়ে ত্বায়েফ	শাউয়াল ৮ হিজরী	১২,০০০ সাহাবায়ে কেরাম
২৮.	গাযওয়ায়ে তাবূক	রজব/শাবান ৯ হিজরী	৩০,০০০ সাহাবায়ে কেরাম

সারিয়া

	সারিয়ার নাম	**সন**	**সাহাবায়ে কেরামের সংখ্যা**
১.	সারিয়া হামযা ইবনে আব্দুল মুত্তালিব	রবি. আউয়াল বা সানী ২ হিজরী	৩০ জন সাহাবায়ে কেরাম
২.	সারিয়া উবাইদা ইবনে হারেস রাযি.	শাউয়াল ২ হিজরী	৬০ বা ৮০ জন সাহাবায়ে কেরাম

৩.	সারিয়া সা'দ ইবনে আবি ওয়াক্কাস রাযি.	যিলক্বদ ২ হিজরী	২০ জন সাহাবায়ে কেরাম
৪.	সারিয়া মুহাম্মদ ইবনে মাসলামা রাযি.	১৪ ররি. আউয়াল ৩ হিজরী	৪ জন সাহাবায়ে কেরাম
৫.	সারিয়া যায়েদ ইবনে হারেসা রাযি.	জুমাদাল উখরা ৩ হিজরী	১০০ জন সাহাবায়ে কেরাম
৬.	সারিয়া আব্দুল্লাহ ইবনে জাহাশ রাযি.	জুমাদাল উখরা ২ হিজরী	১০০ জন সাহাবায়ে কেরাম
৭.	সারিয়া উমাইর ইবনে আদী রাযি.	২৪ রমযান ২ হিজরী	এ অন্ধ সাহাবী একাই
৮.	সারিয়া সালেম ইবনে উমাইর রাযি.	শাউয়াল ২ হিজরী	তিনি একাই
৯.	সারিয়া আবি মাসলামা রাযি.	মুহাররম ৩ হিজরী	১৫০ জন সাহাবায়ে কেরাম
১০.	সারিয়া আব্দুল্লাহ ইবনে উনাইস রাযি.	মুহার্‌রম ৩ হিজরী	তিনি একাই
১১.	সারিয়া আছেম ইবনে ছাবেত রাযি.	সফর ৩ হিজরী	১০ জন সাহাবায়ে কেরাম
১২.	সারিয়া মুনযির ইবনে আমর আস সাঈদী রাযি.	সফর ৪ হিজরী	৭০ জন সাহাবায়ে কেরাম

১৩.	সারিয়া মুহাম্মদ ইবনে মাসলামা	মুহার্‌রম ৩ হিজরী	৩০ জন সাহাবায়ে কেরাম
১৪.	সারিয়া উকাশা মিহসান	রবি. আউয়াল ৪ হিজরী	৪০ জন সাহাবায়ে কেরাম
১৫.	সারিয়া মুহাম্মদ ইবনে মাসলামা	রবিউল আউয়াল বা সানী ৪ হিজরী	১০ জন সাহাবায়ে কেরাম
১৬.	সারিয়া আবু উবাইদা ইবনুল জার্‌রাহ	রবি. সানী ৪ হিজরী	৪০ জন সাহাবায়ে কেরাম
১৭.	সারিয়া যায়েদ ইবনে হারেসা	রবি. সানী ৪ হিজরী	
১৮.	সারিয়া যায়েদ ইবনে হারেসা	জুমাদাল উখরা ৪ হিজরী	১৫ জন সাহাবায়ে কেরাম
১৯.	সারিয়া যায়েদ ইবনে হারেসা	জুমাদাল উখরা ৪ হিজরী	৫০০ জন সাহাবায়ে কেরাম
২০.	সারিয়া আবু বকর সিদ্দীক	জুমাদাল উখরা ৪ হিজরী	১০০ জন সাহাবায়ে কেরাম
২১.	সারিয়া আব্দুর রহমান ইবনে আউফ	রজব ৪ হিজরী	৭০০ জন সাহাবায়ে কেরাম
২২.	সারিয়া যায়েদ ইবনে হারেসা	৪ হিজরী	

২৩.	সারিয়া আলী রাযি.	৪ হিজরী	১০০ জন সাহাবায়ে কেরাম
২৪.	সারিয়া যায়েদ ইবনে হারেসা	রমযান ৪ হিজরী	
২৫.	সারিয়া আব্দুল্লাহ ইবনে আতীক	রমযান ৪ হিজরী	৫ জন সাহাবায়ে কেরাম
২৬.	সারিয়া আব্দুল্লাহ ইবনে রাওয়াহা	শাউয়াল ৪ হিজরী	৩০ জন সাহাবায়ে কেরাম
২৭.	সারিয়া কুরয্ ইবনে জাবের ফাহরী	৪ হিজরী	২০ জন সাহাবায়ে কেরাম
২৮.	সারিয়া আমর ইবনে উমাইয়া খমরী	৪ হিজরী	
২৯.	সারিয়া আবান ইবনে সাঈদ	মুহার্‌রম ৭ হিজরী	
৩০.	সারিয়া উমর ইবনে খাত্তাব	শাবান ৭ হিজরী	
৩১.	সারিয়া আবু বকর সিদ্দীক	শাবান ৭ হিজরী	
৩২.	সারিয়া বশির ইবনে সা’দ	শাবান ৭ হিজরী	৩০ জন সাহাবায়ে কেরাম
৩৩.	সারিয়া গালেব ইবনে	রযমান ৭ হিজরী	১৩০ জন সাহাবায়ে

	আব্দুল্লাহ লাইছী		কেরাম
৩৪.	সারিয়া বশির ইবনে সা'দ	শাউয়াল ৭ হিজরী	৩০০ জন সাহাবায়ে কেরাম
৩৫.	সারিয়া আখরাম সুলামী	যিলহজ্ব ৭ হিজরী	৫০ জন সাহাবায়ে কেরাম
৩৬.	সারিয়া গালেব ইবনে আব্দুল্লাহ লাইছী	৮ হিজরী	১৫ জন সাহাবায়ে কেরাম
৩৭.	সারিয়া গালেব ইবনে আব্দুল্লাহ লাইছী	সফর ৮ হিজরী	২০০ জন সাহাবায়ে কেরাম
৩৮.	সারিয়া শুজা ইবনে ওয়াহাব	রবি. আউয়াল ৮ হিজরী	২৪ জন সাহাবায়ে কেরাম
৩৯.	সারিয়া কা'ব ইবনে উমাইর	রবিউল আউয়াল ৮ হিজরী	১৫ জন সাহাবায়ে কেরাম
৪০.	সারিয়া কা'ব ইবনে উমাইর	রবিউল আউয়াল ৮ হিজরী	১৫ জন সাহাবায়ে কেরাম

ফায়েদা: এ দুটি ভিন্ন ভিন্ন সারিয়া। দ্বিতীয় সারিয়াটিতে হযরত কা'ব রাযি. ও তাঁর সকল সাথী শহীদ হয়ে গিয়েছিলেন। শুধুমাত্র একজন সাহাবী জীবিত ছিলেন। তিনিই মদীনায় আগমন করে রাসূল সা. কে অবগত করেছিলেন।

৪১.	সারিয়া আমর ইবনুল আস	জুমাদাল উখরা ৮ হিজরী	৩০০ জন সাহাবায়ে কেরাম
৪২.	সারিয়া আমর ইবনে মুররা আল জুহানী	রজব ৮ হিজরী	৩০ জন সাহাবায়ে কেরাম
৪৩.	সারিয়া আবু ক্বাতাদা ইবনে হারেছ সুলামী	৮ হিজরী	
৪৪.	সারিয়া আবু ক্বাতাদা ইবনে হারেছ সুলামী	শাবান ৮ হিজরী	১৬ জন সাহাবায়ে কেরাম
৪৫.	সারিয়া উসামা ইবনে যায়েদ	রমযান ৮ হিজরী	৮ জন সাহাবায়ে কেরাম
৪৬.	সারিয়া সা'দ ইবনে যায়েদ আশহালী	রমযান ৮ হিজরী	
৪৭.	সারিয়া খালেদ ইবনে ওয়ালীদ	রমযান ৮ হিজরী	২০ জন সাহাবায়ে কেরাম
৪৮.	সারিয়া আবু আমের উবাউদ আল আশআরী	রমযান ৮ হিজরী	৩০ জন সাহাবায়ে কেরাম
৪৯.	সারিয়া আমর ইবনে আস	রমযান ৮ হিজরী	৩৫০ জন সাহাবায়ে কেরাম
৫০.	সারিয়া খালেদ ইবনে ওয়ালীদ	রমযান ৮ হিজরী	

৫১.	সারিয়া আবু আমের উবাইদ আল আশআরী	শাউয়াল ৮ হিজরী	
৫২.	সারিয়া তোফায়েল ইবনে উমর ওয়ায়েলী	শাউয়াল ৮ হিজরী	
৫৩.	সারিয়া ক্বায়েছ ইবনে সা'দ	যিলক্বদ ৮ হিজরী	৪০০ জন সাহাবায়ে কেরাম
৫৪.	সারিয়া খালেদ ইবনে ওয়ালীদ	যিলহজ্ব ৮ হিজরী	
৫৫.	সারিয়া উয়াইনা ইবনে হিসন ফায়ারী	মুহার্‌রম ৯ হিজরী	৫০ জন সাহাবায়ে কেরাম
৫৬.	সারিয়া আব্দুল্লাহ ইবনে আউসাজাহ	সফর ৯ হিজরী	
৫৭.	সারিয়া কুতবা ইবনে আমের আনসারী	সফর ৯ হিজরী	২০ জন সাহাবায়ে কেরাম
৫৮.	সারিয়া যাহ্‌হাক ইবনে সুফয়ান ক্বিলাবী	সফর ৯ হিজরী	

জান্নাতী দুলহা এবং জাহান্নামের জ্বালানী

রাসূল সা. এর নবুওয়াতীর সময়কালে উভয়পক্ষের সর্বমোট ১ হাজার ১৮ জন লোক মারা যায়। তন্মধ্যে ২৫৯ দুই শত উনষাট জন সাহাবায়ে কেরাম যারা

শাহাদাতের অমীয় সূধা পান করে হুরদের জান্নাতী দুলহা হয়ে গেলেন। আর ৭৫৯ সাত শত উনষাট জন কাফের যারা হালাক ও অভিশপ্ত হয়ে জাহান্নামের চিরস্থায়ী ইন্ধনে পরিণত হয়েছে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুদ্ধাস্ত্র

রাসূল সা. এর নিকট বিভিন্ন সময় যে সমস্ত সমরাস্ত্র বিদ্যমান ছিলো তার বর্ণনাঃ

তরবারী :

১. মাছুর ২. আল আযব ৩. যুল ফাক্বার ৪. আল-ক্বাল্‌ঈ ৫. আল বাত্তার ৬. আল হাত্‌ফ ৭. আল মিখযাম ৮. আর-রসূব ৯. আল ক্বাযীব ১০. ছামছামা ১১. আল লাহীফ

লৌহবর্ম : (বুলেট প্রুফ জ্যাকেট)

১. যাতুল ফুযুল ২. যাতুল ভিশাহ ৩. যাতুল হাওয়াশী ৪. আস-সাদিয়া ৫. ফিদ্দাহ ৬. আল-বাতরা ৭. আল-খারীক্ব

কামান :

১. আয-যাউরা ২. আর-রাউহা ৩. আস-সাফরা ৪. শাউহাত ৫. আল-কাতুম ৬. আস-সাদাদ

তুনীরঃ

১. আল-কাফূর ২. আল-জাম্‌উ

ঢাল :

১. আয যালূক ২. আল ফুতাক ৩. আল মূজিয ৪. আয যাক্বান

নেযা :

১. আল মুছভী ২. আল মুছনী ৩. আল বাইদা ৪. আল আনযাহ ৫. আস-সাগা

শিরস্ত্রান: (লৌহ নির্মিত টুপি)

১. যাস সাবূগ ২. আল মুশাহ

রাসূল সা. এর রক্ষীবাহিনী

রাসূল সা. আল্লাহর উপর তাওয়াক্কুল ও ইতেমাদের সর্বোচ্চ স্তরে সমাসীন হওয়ার পরও পাহারার ব্যবস্থা করতেন, এবং বিভিন্ন সময় বিভিন্ন সাহাবী এ সৌভাগ্য অর্জন করেছেন। কিন্তু তাদের থেকে অল্প কয়েকজনের নাম উল্লেখ করা হচ্ছে যাদের এ সৌভাগ্য খুব বেশি পরিমাণে অর্জিত হয়েছে,

১। আবু বকর সিদ্দীক ২। উমর ফারুক ৩। আলী মুরতাজা ৪। যুবায়ের ইবনে আউয়াম ৫। আব্বাস ৬। সাআদ ইবনে আবী ওয়াক্কাস ৭। আব্দুল্লাহ ইবনে মাসউদ ৮। আবু ত্বলহা ৯। বেলাল হাবশী ১০। আবু যর গেফারী ১১। সাআদ ইবনে মুয়ায ১২। হুযাইফা ১৩। আম্মার ১৪। আবু আইয়ুব আনসারী ১৫। মুহাম্মদ ইবনে মাসলামা ১৬। ক্বায়েস ইবনে সা'দ ১৭। আব্বাস ইবনে বশীর ১৮। আনাস ইবনে মারছাদ ১৯। আবু রাইহানা

২০। যাকওয়ান ইবনে আবদে ক্বায়েস ২১। ইছমত ইবনে মালেক খিতমী ২২। আদরা আসলামী ২৩। মিহজান ইবনে আদরা

ইলমী নুকতা

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ وَأَنْزَلْنَا الْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَنْصُرُهُ وَرُسُلَهُ بِالْغَيْبِ إِنَّ اللّٰهَ قَوِيٌّ عَزِيزٌ (سورة الحديد:٢٥)

অনুবাদ: নিশ্চয় আমি আমার রাসূলদেরকে স্পষ্ট প্রমাণাদিসহ পাঠিয়েছি এবং তাদের সাথে কিতাব ও (ন্যায়ের) মানদণ্ড নাযিল করেছি, যাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে। আমি আরো নাযিল করেছি লোহা, তাতে প্রচুর শক্তি ও মানুষের জন্য বহু কল্যাণ রয়েছে। আর যাতে আল্লাহ জেনে নিতে পারেন, কে না দেখেও তাঁকে ও তাঁর রাসূলদেরকে সাহায্য করে। অবশ্যই আল্লাহ মহাশক্তিধর, মহাপরাক্রমশালী।

وَأَنْزَلْنَا الْحَدِيدَ লোহা তো আল্লাহ তায়ালা যমীন থেকে সৃষ্টি করেছেন, আসমান থেকে নয় সুতরাং বাস্তবতার দাবী ছিল আল্লাহ তায়ালার ইহা বলা وَأَنْشَئنَا الْحَدِيدَ বা خلقنا কিন্তু বলেছেন أَنْزَلْنَا ইহার হেকমত বা দর্শন হলো এই যে, কিতাবুল্লাহ বাস্তবায়ন ও স্থায়ীত্বের ক্ষেত্রে লোহার কার্যকারীতা ও ভূমিকা এমন যেন ইহাও কিতাবুল্লাহর মত আসমান থেকে নাযিলকৃত। فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ লোহা সৃষ্টির উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে যুদ্ধকে আগে উল্লেখ করা এবং মানুষের উপকারীতাকে পরে উল্লেখ করা একথার দলিল যে, লোহা সৃষ্টির মূল উদ্দেশ্য হলো بَأْسٌ شَدِيدٌ তথা যুদ্ধ আর দ্বিতীয় পর্যায়ে একে অন্যান্য উপকারের জন্যেও ব্যবহার করা যেতে পারে। কিন্তু আফসোস! শত আফসোস!! আজ কুফুরী শক্তিতো এর উপর আমল করেই যাচ্ছে কিন্তু মুসলমানরা এ গুরুত্বপূর্ণ বিষয়টি থেকে সম্পূর্ণ গাফেল ও বে-খবর। উল্লেখিত তাফসীর ঐ সুরতে যখন مَنَافِعُ لِلنَّاسِ দ্বারা লোহার অন্যান্য সরঞ্জামাদি উদ্দেশ্য নেওয়া হবে। যেমন দরজা, আলমারী, পাখা, ট্রেন ইত্যাদি। কিন্তু কাশশাফ গ্রন্থের লেখক বলেন, লোহার মাধ্যমে জিহাদ করা হয় এবং জিহাদের মাধ্যমে ফেতনা নির্মূল হয় ফলে জনগণ শান্তি ও নিরাপত্তার সাথে জীবন যাপন করে مَنَافِعُ لِلنَّاس এর উদ্দেশ্য ইহাও হতে পারে।

وَلِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَنْصُرُهُ আয়াতের এ অংশে আল্লাহ তায়ালা ইরশাদ করেন যে, আমি দেখব কে লৌহ নির্মিত যুদ্ধাস্ত্র নিয়ে আল্লাহর দ্বীনের সহযোগীতা করে অর্থাৎ জিহাদের ময়দানে গমন করে এবং এই লোহাকে আল্লাহর দুশমনদের বিরুদ্ধে ব্যবহার করে। إِنَّ اللّٰهَ قَوِيٌّ عَزِيزٌ নি:সন্দেহে আল্লাহ তায়ালা ক্ষমতাশীল, মহা পরাক্রমশালী। তিনি নিজেই পারেন দুশমনদের ধ্বংস করতে কিন্তু জিহাদের হুকুম এজন্য দিয়েছেন যেন মুসলমান এর উপর আমল করে ইহলৌকিক ও পারলৌকিক ফায়েদা হাসিল করে।

যুদ্ধাস্ত্র

১. অস্ত্র চালনা শিখাকে কুরআন জরুরী ও ওয়াজীব আখ্যা দিয়েছে।
২. যুদ্ধাস্ত্র রাসূল সা. এর সুন্নত।
৩. যুদ্ধাস্ত্রের সঙ্গে মুহাব্বত স্বয়ং রাসূল সা. এর সঙ্গে মুহাব্বত।
৪. যুদ্ধাস্ত্র রাসূল সা. এর এতই প্রিয় ছিলো যে, তিনি স্বীয় যুদ্ধাস্ত্রে হাতলে রুপা লাগিয়ে রেখে ছিলেন।
৫. যুদ্ধাস্ত্রের গুরুত্ব রাসূল সা. এর কাছে এত বেশি ছিল যে, তিনি নিজের কাছে উল্লেখযোগ্য পরিমানে অস্ত্র রেখেছেন।
৬. যুদ্ধাস্ত্র নবী-চরিত্রের গুরুত্বপূর্ণ অংশ।
৭. অস্ত্র মসজিদে আনার আদব রাসূল সা. নিজে শিখিয়েছেন।
৮. রাসূল সা. পরিত্যক্ত সম্পত্তিতে অস্ত্র ছাড়া কিছুই রেখে যাননি।
৯. রাসূল সা. অস্ত্র হিসেবে সর্বপ্রথম মিনজানীক বানিয়েছেন।
১০. অস্ত্র ব্যবহার সম্পর্কেই রাসূল সা. বলেছেন হে সা'দ তীর নিক্ষেপ করো, আমার আব্বা-আম্মা তোমার উপর কোরবান হোক।
১১. যুদ্ধাস্ত্রের মধ্যে লৌহবর্ম ও শিরস্ত্রান বানানো দাউদ (আ.) এর সুন্নত।
১২. সাহাবায়ে কেরাম অস্ত্রকে কখনো দেহ থেকে পৃথক করতেন না।
১৩. সাহাবায়ে কেরাম অস্ত্রের তরবিয়ত দিতেন মসজিদে নববীতে।
১৪. যুদ্ধাস্ত্রের দান-অনুদান হয়েছিল মসজিদে নববীতে।
১৫. অস্ত্রের জোরে জাযিরাতুল আরবকে কুফরী এবং শিরকী থেকে পবিত্র করা হয়েছিল।

১৬. অস্ত্রকে যে ব্যক্তি দেহে বাঁধে সে আল্লাহ তায়ালার হাতে বাইয়াত করে নেয়।
১৭. অস্ত্রের বিনিময়ে অর্জিত সম্পদ গণীমত, পবিত্র এবং হালাল।
১৮. অস্ত্র ইসলামের মহত্ব ও দাপট।
১৯. অস্ত্র ইসলামের শক্তি ও ক্ষমতা।
২০. অস্ত্র ইসলামের ইজ্জত ও সম্মান।
২১. অস্ত্রের মাধ্যমে কাফেরদের মাঝে আতংক ছড়িয়ে পড়ে।
২২. অস্ত্রের মাধ্যমে জুলুম এবং ফেতনা ফাসাদ নির্মুল হয়।
২৩. অস্ত্র থেকে অমনোযোগীতা কাফেরদের আন্তরিক চাহিদা।
২৪. অস্ত্র থেকে বিমুখতা কুরআন, সুন্নাহ এবং আমলে সাহাবা থেকে বিমুখতা।
২৫. অস্ত্রের প্রতি মুহাব্বত ও ভালবাসা ঈমানের অঙ্গ।

সারকথা:

এই যে, অস্ত্রের প্রতি মুহাব্বত মূলত: কুরআনের প্রতি মুহাব্বত, নবীর প্রতি মুহাব্বত, এবং সাহাবায়ে কেরামের প্রতি মুহাব্বতের বাস্তব প্রমাণ, আর অস্ত্রের দ্বারাই সম্ভব কিতাবুল্লাহর আইন-কানুনের হেফাযত এবং ইসলামের বাস্তবায়ন।

ঘোড়া

রাসূল সা. এর বাণী

عَنْ عُرْوَةَ بْنِ الْجَعْدِ عَنْ النَّبِيِّ صَلَّى ٱللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْخَيْلُ مَعْقُودٌ فِي نَوَاصِيهَا الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

- الصحيح للبخاري: 399/1 بَاب الْخَيْلُ مَعْقُودٌ فِي نَوَاصِيهَا الْخَيْرُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ. رقم الحديث: 2852 ، - صحيح إبن خزيمة: 10/4 باب ذكر بعض ألوان مانع الزكاة . رقم الحديث: 2252 ، - صحيح إبن حبان: 524/10 باب الخيل ذكر إثبات الخير في ارتباط الخيل في سبيل الله جل وعلا. رقم الحديث: 4668

ঘোড়ার কপালে কল্যাণ রেখে দেওয়া হয়েছে কেয়ামত পর্যন্ত সময়ের জন্য। আল্লাহ তায়ালার রাস্তায় যুদ্ধকারী মুজাহিদদের ফযীলত তো অগণিত এবং স্বস্থানে স্বীকৃত। কিন্তু আসুন ঐ বাহনটিকেও দেখে নিই যার সম্পর্ক মুজাহিদের সাথে- শরীয়তে কী তার মাক্বাম ও মর্যাদা।

১. জিহাদের জন্য ঘোড়া পালনের নির্দেশ কুরআন দিয়েছে।
২. ঘোড়া রাখা রাসূল সা. এর সুন্নত।
৩. ঘোড়ার খাদ্য-পানি এমনকি পায়খানা-পেশাবকে কিয়ামতের দিন মুজাহিদের আমল নামায় নেক আমলের সাথে মাপা হবে।
৪. ঘোড়ার পায়ের কসম খেয়েছে কুরআন।
৫. ঘোড়ার কপালে কেয়ামত পর্যন্ত সময়ের জন্য কল্যাণ রেখে দেওয়া হয়েছে।
৬. ঘোড়া উত্তম বস্তু হওয়ার নিদশন রাসূল সা. বর্ণনা করেছেন।
৭. ঘোড়া জিহাদের জন্য যে ঘরে থাকে সে ঘর জিনদের আশ্রয় থেকে নিরাপদ থাকে।
৮. ঘোড়ার জন্য খরচ করাকে সদকার সমতুল্য আখ্যা দেওয়া হয়েছে।
৯. রাসূল সা. বনু কুরাইযার গনীমতের মাল দিয়ে ঘোড়া খরিদ করেছেন।
১০. রাসূল সা. বনু নাযীর এর গনীমতের মাল দিয়ে ঘোড়া খরিদ করেছেন।
১১. রাসূল সা. ঘোড়াকে স্ত্রীদের পরে সবচেয়ে পছন্দনীয় বস্তু আখ্যা দিয়েছেন।
১২. বদর যুদ্ধে রাসূল সা. এর নিকট দুটি ঘোড়া ছিল।
১৩. বনু কুরাইযা যুদ্ধে রাসূল সা. এর নিকট ছয়টি ঘোড়া ছিলো।
১৪. বনু মুসতালিক যুদ্ধে রাসূল সা. এর নিকট ত্রিশটি (৩০) ঘোড়া ছিলো।
১৫. খায়বার যুদ্ধে রাসূল সা. এর নিকট দুইশত ঘোড়া ছিলো।
১৬. তাবুক যুদ্ধে রাসূল সা. এর নিকট দশ হাজার ঘোড়া ছিলো।
১৭. ঘোড়ায় আরোহী মুজাহিদ পদাতিক মুজাহিদের দ্বিগুণ গণীমত লাভ করে।
১৮. অত্যাধুনিক প্রযুক্তি সত্ত্বেও আজো বিশ্বে সকল যুদ্ধে ঘোড়ার গুরুত্ব অনুধাবন করা হয়।

জিহাদ

১. আল্লাহ তায়ালা জিহাদ সম্পর্কে কুরআন শরীফে চারশরও বেশি আয়াত নাযিল করেছেন।
২. জিহাদ শিরোনামে ইমাম বুখারী রহ. দুইশত একচল্লিশটি পরিচ্ছেদ লিপিবদ্ধ করেছেন।
৩. জিহাদ শিরোনামে ইমাম মুসলিম রহ. একশত পরিচ্ছেদ লিপিবদ্ধ করেছেন।
৪. জিহাদ শিরোনামে ইমাম আবু দাঊদ রহ. একশত ছিয়াত্তরটি পরিচ্ছেদ লিপিবদ্ধ করেছেন।
৫. জিহাদ শিরোনামে ইমাম তিরমিযী রহ. একশত পনেরটি পরিচ্ছেদ লিপিবদ্ধ করেছেন।
৬. জিহাদ শিরোনামে ইমাম ইমাম নাসায়ী রহ. আটচল্লিশটি পরিচ্ছেদ লিপিবদ্ধ করেছেন।
৭. জিহাদ শিরোনামে ইমাম ইবনে মাজা রহ. ছিচল্লিশটি পরিচ্ছেদ লিপিবদ্ধ করেছেন।
৮. জিহাদ শিরোনামে ফেক্বাহ্‌র প্রতিটি কিতাব জিহাদের মাসআলা দ্বারা সুসজ্জিত।
৯. জিহাদ ইবাদত এবং জরুরত উভয়টাই।
১০. জিহাদ পর্যটনও আবার বৈরাগ্যতাও।
১১. জিহাদ মর্যাদা বৃদ্ধির মাধ্যম আবার ফরযও।
১২. জিহাদ ঈমানের নিদর্শন।
১৩. জিহাদের দ্বারা ঈমানের পরিপূর্ণতা অর্জিত হয়।
১৪. জিহাদের দ্বারা আল্লাহর নৈকট্য অর্জিত হয়।
১৫. জিহাদের দ্বারা আল্লাহর রহমত হাছিল হয়।
১৬. জিহাদের দ্বারা গুণাহ মাফ হয় এবং আখেরাতে মর্যাদা বৃদ্ধি পায়।
১৭. জিহাদের মাধ্যমে মিনিটে মিনিটে আধ্যাত্মিক উন্নতি সাধিত হয় যা জিহাদ ব্যতীত কয়েক বৎসরের রিয়াযত-মুজাহাদার দ্বারা অর্জন হয় না।
১৮. জিহাদের জন্য হযরত সুলাইমান আ. একশত স্ত্রী বানিয়েছিলেন।
১৯. জিহাদের দ্বারা এ উম্মতের ফেরআউন আবু জেহেল ও রাসূল সা. এর পর সর্ব প্রথম ফেতনা যাকাতের অস্বীকৃতি ও ইরতিদাদ তথা ধর্ম ত্যাগ নির্মূল হয়েছে।
২০. জিহাদের দ্বারাই এ উম্মতের সর্বশেষ ও সর্ববৃহৎ ফেৎনা দাজ্জাল ধ্বংস হবে।

২১.জিহাদের মাধ্যমে উলামায়ে কেরাম সৎ কাজের আদেশ ও অসৎ কাজে বাধা দানের দায়িত্ব আদায় করে আম্বিয়া কেরামের প্রতিনিধিত্ব করে থাকেন।
২২.জিহাদের দ্বারা উলামায়ে কেরাম বিচার ব্যবস্থার বিভিন্ন পদবী অলংকৃত করেন।
২৩.জিহাদের দ্বারা দ্বীন প্রচার এবং উলূমে শরীয়ত প্রসারের রাস্তা মসৃণ হয়ে থাকে।
২৪.জিহাদের দ্বারা উলামায়ে কেরামের আযমত এবং আমীর-উমারাদের অনুসরণ হয়ে থাকে।
২৫.জিহাদের দ্বারা উত্তম ও শরীয়ত সমর্থিত বিষয়াদির প্রচলন ও উন্নতি সাধিত হয়। আর মন্দ এবং শরীয়তে নিষিদ্ধ কার্যকলাপ মিটে যায়।
২৬.জিহাদের দ্বারা শরীয়তের বিধি-বিধান প্রতিষ্ঠিত হয়।
২৭.জিহাদের দ্বারা ঈমান, জান, মাল এবং ইজ্জতের হেফাজত হয়।
২৮.জিহাদের দ্বারা কাফেরদের মুসলমানদের কাছে এসে ইসলাম ধর্মকে দেখা ও বুঝার সুযোগ মিলে।
২৯.জিহাদের দ্বারা কাফেরদের ইসলাম গ্রহনের তাওফীক্ব হয় আর হঠকারী কাফেরদের ধ্বংস নিশ্চিত হয়।
৩০.জিহাদের দ্বারা ইবাদতখানার সংরক্ষণ হয় যদিও কাফেরদেরই হোক না কেন।
৩১.জিহাদের দ্বারা পাপাচারী ও ফাসেকরা বেদআত, অন্যায় ও অশ্লীলতা থেকে ফিরে আসে।
৩২.জিহাদের দ্বারা মানব প্রকৃতিতে থাকা হত্যা ও অরাজকতার যোগ্যতা সঠিক স্থানে ব্যায় হয়।
৩৩.জিহাদের দ্বারা ধন সম্পদের প্রাচুর্য লাভ হয় এবং পরমুখাপেক্ষীতা দূর হয়।
৩৪.জিহাদের দ্বারা গোলাম-বাদীর নেয়ামত হাসিল হয়।
৩৫.জিহাদের কারণে ফেরেস্তারা আসমান থেকে সহযোগিতা নাযিল করে।
৩৬.জিহাদ মুসলমানদের বিরুদ্ধে অবস্থান নেওয়া কাফেরদের জন্য শাস্তি এবং অপদস্ততা।
৩৭.জিহাদ মুসলমানদের হৃদয়ের আরোগ্যতা এবং অন্তরের আক্রোশ ও ক্রোধ দমনের মাধ্যম।
৩৮.জিহাদ আল্লাহর নুসরাত লাভের সবচেয়ে বড় মাধ্যম।

৩৯. জিহাদের দ্বারা গোটা সৃষ্টিজীব মুসলমানদের অনুগত হয়ে যায়।
৪০. জিহাদে হাত ব্যবহার হয় মুসলমানদের কিন্তু শক্তি ব্যবহার হয় স্বয়ং আল্লাহ তায়ালার।
৪১. জিহাদ আমাদের হেফাযত কারী, আমাদের প্রতিরক্ষাকারী এবং আমাদের দূর্গ।
৪২. জিহাদের কারণে মুনাফিকদের ষড়যন্ত্রও নস্মাৎ হয়ে যায়।
৪৩. জিহাদের দ্বারা জিম্মী কাফেরদেরও জান-মাল ও ইজ্জত সংরক্ষিত থাকে।
৪৪. জিহাদের দ্বারা কাপুরুষতা থেকে বেচে থাকা যায়, যা পুরুষের ক্ষেত্রে অনেক বড় ত্রুটি।
৪৫. জিহাদের প্রস্তুতি গ্রহণ করা ওয়াজিব।
৪৬. জিহাদের প্রশিক্ষণ কাফেরদের থেকে গ্রহণ করাও বৈধ।
৪৭. জিহাদকারী মুসলিম মুজাহিদ যদি যুদ্ধ করতে থাকে তাহলে গাজী আর যদি নিহত হয়ে যায় তাহলে শহীদ।
৪৮. জিহাদে সংখ্যাগত ফায়েদার জন্য শরীয়ত চার বিয়ে করাকে জায়েয করেছে।
৪৯. জিহাদ ছেড়ে দিলে অর্থনৈতিক দূরাবস্থা, ভয়-ভীতি, অনিরাপত্তা, হতাশা এবং নৈরাশ্যতার সৃষ্টি হয়।
৫০. জিহাদ ছেড়ে দিলে মুসলমানদের উপর ব্যাপক আযাব পতিত হয়।
৫১. জিহাদ ছেড়ে দিলে দাসত্বের জীবন এবং কাপুরুষতা সুনিশ্চিত হয়ে যায়।
৫২. জিহাদ ছেড়ে দিলে দ্বীনি আহকাম প্রতিষ্ঠার বরকত থেকে বঞ্চিত থাকতে হয়।
৫৩. জিহাদ ছেড়ে দিলে জান-মাল এবং ইজ্জত দুশমনের অনুগ্রহ নির্ভর হয়ে পড়ে।
৫৪. জিহাদ ছেড়ে দিলে যমীনে ফেতনা-ফাসাদ মাথা চাড়া দিয়ে ওঠে।
৫৫. যৌক্তিক কারণ ব্যতীত জিহাদ ছেড়ে দিলে ঐ ব্যক্তি ফাসেক হয়ে যায়।
৫৬. জিহাদের মধ্যে অপব্যাখ্যাকারী মুরতাদ ফিল আক্বীদাহ তথা খারাপ আক্বীদা পোষণকারী হয়ে থাকে।
৫৭. জিহাদের মধ্যে তাহরীফকারী তথা অপব্যাখ্যাকারী সঠিক অর্থে বিকৃত সাধনকারী এবং জিহাদকে অস্বীকারকারী কাফের।
৫৮. জিহাদ ছেড়ে দিলে অন্তর থেকে কুফুরী এবং পাপাচারের প্রতি ঘৃণা দূর হয়ে যায়।
৫৯. জিহাদ ছেড়ে দিলে মানুষ মৃত্যুর পূর্বেই বিভিন্ন মুসীবতের সম্মুখিন হয়।

৬০. জিহাদ ছেড়ে দিয়ে মৃত্যুবরণ করাটা মুনাফেকীর উপর মৃত্যুবরণ করার নামান্তর।

মুজাহিদ

১. মুজাহিদ আল্লাহর যমীনে আল্লাহর প্রতিনিধি।
২. মুজাহিদ যখন যুদ্ধের ময়দানে সদম্ভে চলাফেরা করে তখন আল্লাহ তায়ালা এতে অহংকার করেন ।
৩. যুদ্ধের ময়দানে মুজাহিদের এক মিনিট অবস্থান একজন আবেদের সত্তর বৎসর রিয়াবিহীন ইবাদত অপেক্ষা উত্তম।
৪. মুজাহিদের রাতের বেলা পাহারা দেওয়া হজরে আসওয়াদের পাশে দাঁড়িয়ে লাইলাতুল ক্বদরের ইবাদতের চেয়েও শ্রেষ্ঠ।
৫. মুজাহিদের একদিন এবং একরাত মুজাহিদ নয় এমন ব্যক্তির মাসব্যাপী রোজা রাখা এবং রাতের আঁধারে নামায আদায়ের চেয়েও শ্রেষ্ঠ।
৬. মুজাহিদের পায়ের ধুলি এবং জাহান্নামের আগুনের ধোয়া কখনো একত্রিত হবে না।
৭. মুজাহিদের দিন অতিবাহিত হয় ঘোড়ার পিঠে আর রাত কাটে নামাযের মুসল্লায় দাড়িয়ে।
৮. মুজাহিদের ইবাদাতের উপর স্বয়ং ফেরেস্তারাও ঈর্ষা করে।
৯. মুজাহিদ সীমানাগুলো সংরক্ষণ করে গোটা উম্মতের আজর ও সওয়াব অর্জন করে।
১০. মুজাহিদের জন্য গর্তের কীট-পতঙ্গ, সমুদ্রের মৎসরাজী এবং শুণ্যে উড়ন্ত পাখ-পাখালীও দোয়া করে।
১১. মুজাহিদদের পক্ষে মাজলুমদের দোয়া থাকে।
১২. মুজাহিদের জন্য রাতের আঁধারে উম্মতের মা, কন্যা এবং বোনেরা অশ্রু প্রবাহিত করে।
১৩. মুজাহিদের হিম্মত, সংকল্প এবং দৃষ্টিশক্তির উচ্চতায় আসমানও ঈর্ষা করে।
১৪. মুজাহিদের দৃঢ় মনোবল এবং স্থিরতার সামনে পর্বতও গর্দান ঝুকিয়ে দেয় ।
১৫. মুজাহিদের অনুনয় বিনয়ের সামনে যমীনও লজ্জিত হয়ে যায়।
১৬. মুজাহিদ বিভিন্ন মুসীবতের স্বীকার হয়েও মুচকি হাসে।
১৭. মুজাহিদ সর্বপ্রকার জটিলতার সমাধান সহাস্য বদনে করে থাকে ।

১৮. মুজাহিদকে বীরত্ব এবং বাহাদুরীও সালাম করে।
১৯. মুজাহিদ ধৈর্যশীল হয়ে থাকে।
২০. মুজাহিদ পরিশ্রমী হয়ে থাকে।
২১. মুজাহিদ হয়ে থাকে অল্পতুষ্টি, বৈরাগ্য এবং অনাড়ম্বরতার অনুপম দৃষ্টান্ত।
২২. মুজাহিদ স্বীয় কাজের মাধ্যমে তাওহীদের দাওয়াত দেয় ।
২৩. মুজাহিদ নীরব দাঈ হয়ে থাকেন।
২৪. মুজাহিদের জীবনাচার দ্বীনের নমুনা হয়ে থাকে।
২৫. মুজাহিদের জান-মালের মূল্য জান্নাত।
২৬. মুজাহিদের অলংকার হল তার অস্ত্র।
২৭. মুজাহিদের মূল যুদ্ধাস্ত্র হলো আল্লাহর উপর পূর্ণ ইয়াক্বীন।
২৮. মুজাহিদ অস্ত্র সজ্জিত হয়েও স্বীয় আমীরের অনুসরণ করে।
২৯. মুজাহিদ শক্তিশালী হয়েও দূর্বলদের উপর হাত তুলে না।
৩০. মুজাহিদের নারায়ে তাকবীর কাফেরদের উপর এটম বোম হয়ে পতিত হয়।
৩১. মুজাহিদ মুসলমানের ঈমান, ইজ্জত এবং জান-মালের সংরক্ষক।
৩২. মুজাহিদ জেগে থাকে আর তাদের উপর নির্ভরশীল হয়ে গোটা উম্মত নিশ্চিন্তে ঘুমায়।
৩৩. মুজাহিদ নিজের রক্ত ঢেলে দিয়ে উম্মতের রক্ত সংরক্ষণ করে।
৩৪. মুজাহিদ দ্বীন প্রচারের দুয়ার খুলে থাকেন।
৩৫. মুজাহিদের সহযোগীতার জন্য আসমান থেকে ফেরেশতা অবতীর্ণ হয়।
৩৬. মুজাহিদের স্ত্রীদের সম্মান মুসলমানদের কাছে মায়ের মত।
৩৭. মুজাহিদের আওয়াজে হিংস্র প্রাণীরাও জঙ্গল খালি করে দেয়।
৩৮. মুজাহিদের জন্য সৃষ্টিজীবের প্রতিটি জিনিস অনুগত হয়ে যায়।
৩৯. মুজাহিদ আল্লাহ তায়ালার প্রিয় বান্দা হয়ে থাকেন।
৪০. মুজাহিদ আল্লাহ তায়ালার সত্যিকার প্রেমিক হয়ে থাকে।
৪১. মুজাহিদ আল্লাহ তায়ালার প্রকৃত আনুগত্যশীল হয়ে থাকে।
৪২. মুজাহিদের জান-মালের ক্রেতা স্বয়ং আল্লাহ তায়ালা।
৪৩. মুজাহিদের জান-মালের মূল্য জান্নাত।
৪৪. মুজাহিদকে অভ্যর্থনা জানানোর জন্য হুরেরা জান্নাত থেকে যমীনে অবতরণ করে।
৪৫. মুজাহিদের রক্তের প্রথম ফোটায় সমস্ত গুণাহ মাফ হয়ে যায়।

৪৬. মুজাহিদ স্বীয় আত্মা শরীর থেকে পৃথক হওয়ার পূর্বেই জান্নাতে নিজের বাসস্থান দেখে ফেলে।
৪৭. মুজাহিদের কেয়ামত দিবসে আল্লাহ তায়ালার আরশের ছায়া নসীব হবে।
৪৮. মুজাহিদের জাগ্রত থাকা, ঘুমানো, খাওয়া, পান করা, উঠা-বসা চলা-ফেরা, জীবিত থাকা এবং মৃত্যুবরণ করা সব ইবাদতই ইবাদত। বরং আবেদের জন্যও ঈর্ষার বিষয়।

জিহাদের আদব

১. যখন জিহাদের জন্য বাড়ি থেকে বের হবে আল্লাহর নাম নিয়ে বের হবে।
২. অহংকার ও দাম্ভিকতার সাথে বের হয়োনা।
৩. পরস্পরে একে অন্যের সাথে ঝগড়া করো না।
৪. আল্লাহ ও তার রাসূলের অনুসরণকে মূল বানাও।
৫. নিজের মুজাহিদ সাথী ভাইদের বেশি বেশি খেদমত করো।
৬. শরীয়তের দণ্ড-বিধির প্রতি লক্ষ্য রাখ।
৭. প্রচণ্ড যুদ্ধ চলাকালেও আল্লাহর যিকির খুব বেশি পরিমানে করতে থাক।
৮. নিজের এবং ক্ষমতার পরিবর্তে আল্লাহ তায়ালার সত্তার উপর ভরসা রাখ।
৯. প্রতিকূল পরিস্থিতিতে চাহিদার বিপরীত হলেও আমীরের নির্দেশ মেনে চলো।
১০. মুকাবেলার সময় দৃঢ়পদ থাকো।
১১. যখন আরোহন করতে থাকবে তখন আল্লাহর নেয়ামতকে স্মরণ করতে থাকো এবং এই দোয়া পড়ো-

سُبْحانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ – وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنقَلِبُونَ (13–14)

১২. যখন উচু জায়গায় চড়বে তখন আল্লাহর আযমতের প্রতি খেয়াল করে আল্লাহু আকবার, আল্লাহু আকবার পড়ো।
১৩. যখন নিচু ভূমির দিকে অবতরণ করবে তখন নিজের অসহায়ত্ব ও নিচুতা এবং আল্লাহর পবিত্রতার প্রতি খেয়াল করে সুবহানাল্লাহ, সুবহানাল্লাহ বলো।
১৪. বিজয়ের উপর গর্ব করোনা বরং আল্লাহর দিকে সম্বন্ধ করে দাও।

১৫. বিজয় এবং গণীমতের যে মাল অর্জিত হয় তার উপর আল্লাহর শুকরিয়া আদায় করো। আর যে সমস্ত মুসীবত এবং যাতনার শিকার হও তার উপর ধৈর্য ধারণ করো।
১৬. কুকুর এবং ঘণ্টা সঙ্গে রেখ না। এতে কাফেলার সাথে ফেরেশতা থাকে না।
১৭. প্রত্যেক যুদ্ধকে জীবনের সর্বশেষ যুদ্ধ মনে করে লড়াই করো।
১৮. শাহাদাতের তামান্না রেখে এর তালাশে শুধু সামনেই এগিয়ে চলো।
১৯. যুদ্ধ যত তীব্রই হোক না কেন কোন ক্রমেই যুদ্ধ থেকে পালিয়ে যেয়োনা।
২০. জিহাদের সফর থেকে ফিরে আসার সময় তাওহীদের এ বাক্যগুলো মুখে পড়ে নেওয়া সুন্নত যা হাদীস দ্বারা প্রমানিত।

عن بن عمر أن رسول الله صلى الله عليه وسلم كان إذا قفل من حج أو عمرة أو غزو فأوفى على فدفد من الأرض قال لا إله إلا الله وحده لا شريك له له الملك وله الحمد وهو على كل شيء قدير (آيبون تائبون لربنا حامدون) صدق الله وعده ونصر عبده وهزم الأحزاب وحده.

- السنن الكبرى للنسائي:10374 ما يقول إذا أوفى على فدفد من الأرض صحيح إبن حبان:412/6 رقم الحديث:2695

সংশয়-১

জিহাদ ফী সাবীলিল্লাহ বরং আক্রমনাত্মক জিহাদ সম্পর্কে একটি আপত্তি এই করা হয়ে থাকে, শরীয়ত আমাদেরকে জিহাদের অনুমতি তো দিয়েছে কিন্তু এ শর্তে যে, কাফেররা প্রথমে আক্রমণ করবে। অন্যথায় আমাদের অগ্রে বেড়ে প্রথমেই হামলা করার অনুমতি নেই। আর এর স্বপক্ষে কুরআনের নিম্নবর্ণিত আয়াত সমূহ এবং এ ধরণের অন্যান্য আয়াতকে দলিলরূপে পেশ করা হয়।

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ (سورة البقرة-190)

অনুবাদ: আর তোমরা আল্লাহর রাস্তায় ঐ সকল লোকদের সাথে লড়াই কর যারা তোমাদের সাথে লড়াই করে।

فَمَنْ اعْتَدَى عَلَيْكُمْ فَاعْتَدُوا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدَى عَلَيْكُمْ (سورة البقرة-194)

অনুবাদ: যে ব্যক্তি তোমাদের সাথে বাড়াবাড়ি করবে তোমরাও তার বদলা নিয়ে নিতে পার তার বাড়াবাড়ির সমপরিমাণ।

فَإِنَّمَا عَلَيْكَ الْبَلاغُ وَعَلَيْنَا الْحِسَابُ(سورة الرعد:٤٠)

অনুবাদ: হে নবী সা. আপনার দায়িত্ব হলো বাণী পৌছে দেওয়া আর তার হিসাব গ্রহণ আমার দায়িত্বে।

وَإِنْ عَاقَبْتُمْ فَعَاقِبُوا بِمِثْلِ مَا عُوقِبْتُمْ بِهِ (سورة النمل-126)

অনুবাদ: আর যদি তোমরা চাও শাস্তি দিতে তাহলে এতটুকুই দাও যে পরিমাণ তোমাদের কষ্ট দেওয়া হয়েছে।

সমাধান-

উত্তর বুঝার পূর্বে একটি কথা জেহেনে বদ্ধমূল রাখা চাই যে, কুরআনের কতক আয়াত এবং আহকাম রহিত হয়ে গেছে। যথা শুরুতে রোযা ছিল রাত ও দিনের সমষ্টির নাম। কিন্তু এখন রোযা হয় শুধু দিনের বেলা। শুরুতে জিহাদের ময়দানে প্রতিজনের দশজন কাফেরের মোকাবেলা করা বাধ্যতামূলক ছিলো। কিন্তু বর্তমানে প্রতিজনের দুইজন কাফেরের মোকাবেলা করা জরুরী ইত্যাদি। এবং কুরআন শরীফেও এ বিষয়টির সুস্পষ্ট বর্ণনা বিদ্যমান আছে।

مَا نَنسَخْ مِنْ آيَةٍ أَوْ نُنسِهَا نَأْتِ بِخَيْرٍ مِنْهَا أَوْ

مِثْلِهَا ..... (سورة البقرة-106)

অনুবাদ: আমি যদি কোন আয়াতকে রহিত করি অথবা বিস্মৃত করি তবে ততপেক্ষা উত্তম অথবা তদরুপ আয়াত নিয়ে আসি।

আর এই রহিত করণ চার প্রকার। যার মধ্যে এক প্রকার হলো এই যে, আয়াতের তেলাওয়াত বাকী থাকবে কিন্তু হুকুম রহিত হয়ে যাবে। যাকে منسوخ الحكم دون التلاوة বলা হয়। এই সংক্ষিপ্ত ভূমিকার পর মূল উত্তর লক্ষ্য করুন।

সুপ্রসিদ্ধ মুফাস্‌সির, মুহাদ্দিস এবং ফক্বীহ মোল্লা আহমদ জিউন মিরাঠী রহ. নিজের বিশ্ব সমাদৃত গ্রন্থ تفسير أحمدية في بيان الآيات الشرعية এর মধ্যে লিখেন। এখন আমি আপনাকে ঐ সমস্ত আয়াত সম্পর্কে অবগত করব যেগুলো منسوخ الحكم دون التلاوة আর আমি সেগুলো বিভিন্ন কিতাব ঘাটাঘাটি করে অর্জন করেছি। ঐ সকল আয়াত যেগুলো শত্রুপক্ষকে ক্ষমা করে দেওয়ার কথা উল্লেখ আছে, যেমন: ما على الرسول إلا البلاغ এবং لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ (سورة الكافرون: ٦) অথবা যেগুলোতে আগে বেড়ে প্রথমে হামলা করতে নিষেধ করা হয়েছে যেমন وَلا تَعْتَدُوا إِنَّ اللهَ لا يُحِبُّ الْمُعْتَدِيْنَ (سورة البقرة:١٩٠) যেসব আয়াতে যুদ্ধের হুকুম দেয়া হয়েছে, তা দ্বারা এ সকল আয়াত রহিত হয়ে গেছে। যেমন:

وَقَاتِلُوا الْمُشْرِكِيْنَ كَافَّةً كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَافَّةً (سورة التوبة-36)

এবং

فَإِذَا انسَلَخَ الأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ (سورة التوبة-5)

ইমাম যাহেদ রহ. বলেন যে, প্রায় সত্তরটি আয়াত এমন যেগুলো জিহাদের আয়াত দ্বারা রহিত হয়ে গেছে।

সাহেবে ইতকান লিখেন: فَإِذَا انسَلَخَ الأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ **এ আয়াতের দ্বারা একশত বিশটি আয়াত** রহিত হয়ে গেছে। (তাফসীরাতে আহমাদীয়া।)

এজন্য এ ধরনের সকল আয়াতের হুকুম যেহেতু রহিত হয়ে গেছে তাই এগুলোকে দলিল বানিয়ে আক্রমনাত্মক জিহাদের অস্বীকার করাটা শরীয়তের একটি বিধানকে অস্বীকার করা যা কোন ভাবেই জায়েয নেই।

জিহাদের প্রকারভেদ

জিহাদ দুই প্রকার। এক প্রকার হলো আত্মরক্ষামূলক যাকে (দিফায়ী) জিহাদ বলে, অর্থাৎ কাফেরদের কোন সম্প্রদায় প্রথমে মুসলমানদের উপর হামলা করবে তখন মুসলমানরা তাদেরকে প্রতিহত করার জন্য তাদের মোকাবেলা করবে। জিহাদের এই প্রকারকে আল্লাহ তা'য়ালা এভাবে বর্ণনা করেছেন

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لا يُحِبُّ الْمُعْتَدِينَ (سورة البقرة-190)

অনুবাদ: আর তোমরা আল্লাহর রাস্তায় তাদের বিরুদ্ধে লড়াই কর, যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করে এবং সীমালঙ্ঘন করো না। নিশ্চয় আল্লাহ সীমালঙ্ঘনকারীদেরকে পছন্দ করেন না।

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللَّهَ عَلَى نَصْرِهِمْ

لَقَدِيرٌ * الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ إِلاَّ أَنْ يَقُولُوا رَبُّنَا اللهُ (سورة الحج-39-40)

অনুবাদ: যুদ্ধের অনুমতি দেয়া হল তাদেরকে, যাদেরকে আক্রমণ করা হচ্ছে। কারণ তাদের ওপর নির্যাতন করা হয়েছে। নিশ্চয় আল্লাহ্ তাদেরকে সাহায্য করতে সক্ষম। যাদেরকে তাদের নিজ বাড়ী-ঘর থেকে অন্যায়ভাবে শুধু এ কারণে বের করে দেয়া হয়েছে যে, তারা বলে, 'আমাদের রব আল্লাহ্'।

জিহাদের দ্বিতীয় প্রকারটি হলো "আক্রমনাত্মক জিহাদ" অর্থাৎ যখন কুফুরীর শক্তিমত্তা ও দাপটে ইসলামের স্বাধীনতার আশংকা দেখা দিবে তখন ইসলাম তার অনুসারীদের এই নির্দেশ দেয় যে, তোমরা ইসলামের দুশমনদের উপর অগ্রে বেড়ে হামলা কর। কেননা যখন দুশমনদের পক্ষ থেকে কোন প্রকার আশংকা দেখা দেয় তখন সতর্কতার দাবী এটাই যে, তোমরা তাদের উপর আক্রমনাত্মক হামলা করবে। যেন ইসলাম এবং মুসলমান কুফুর এবং শিরক এর ফেতনা থেকে সংরক্ষিত থাকে এবং কোন প্রকার ভয় ও শংকা ছাড়াই নিরাপদ ভাবে আল্লাহ তা'য়ালার বিধি-বিধানকে পালন করতে পারে। এবং কোন শক্তি ও ক্ষমতা যেন তাদেরকে সত্য দ্বীন থেকে সরিয়ে দিতে না পারে। আর কোন পরাশক্তি যেন আল্লাহর কানুনের প্রচলন ও বাস্তবায়নের ক্ষেত্রে বাঁধা না হয়ে দাঁড়ায়।

এমন স্থানে আকল ও দূর দর্শিতা, ব্যবস্থাপনা ও রাজনৈতিক প্রজ্ঞার দাবী এটাই যে, আশংকা সৃষ্টি হওয়ার পূর্বেই তার মূলোৎপাটন করে দেওয়া হবে। এ অপেক্ষায় থাকা যে, যখন বিপদ মাথার উপর পতিত হয়ে যাবে তখনই প্রতিহত করবো এটা চূড়ান্ত পর্যায়ের বোকামী এবং মহা আহমকী। যেমনি ভাবে বাঘ ও সিংহকে হামলা করার পূর্বেই হত্যা করে দেওয়া এবং সাপ ও বিচ্ছুকে দংশন করার পূর্বেই মাথা থেতলে দেওয়া জুলুম নয় বরং সর্বোচ্চ চিন্তাশীলতা ও দূরদর্শিতার পরিচায়ক। তদ্রুপ কুফুর ও শিরক মাথা চাড়া দিয়ে উঠার পূর্বেই মূলোৎপাটন করে দেওয়া সর্বোচ্চ বুদ্ধিমত্তার কাজ।

চোর, ডাকাত এবং হিংস্রপ্রাণী যদি কোন জঙ্গল বা মরুভূমিতে জড়ো হয় তাহলে আকল ও বুদ্ধিমত্তার দাবী এই যে, এরা শহর অভিমূখে যাত্রার পূর্বেই এদেরকে নি:শেষ করে দেওয়া হবে। কারণ হিংস্র প্রাণীকে আগে বেড়ে হত্যা করে ফেলাটাই বুদ্ধিমত্তা। আর

فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ (سورة التوبة-5)

এবং তোমরা হত্যা করো মুশরিকদের যেখানেই তাদের পাও। এবং

أَيْنَمَا ثُقِفُوا أُخِذُوا وَقُتِّلُوا تَقْتِيلاً (سورة الأحزاب-61)

আর এদেরকে যেখানেই পাওয়া যাবে, গ্রেফতার করা হবে এবং হত্যা করে ফেলা হবে। ইত্যাদি আয়াতের মধ্যে ঐ ধরণের কাফেরই উদ্দেশ্য।

হিংস্র প্রাণী হত্যার ক্ষেত্রে প্রতিহতের চিন্তা করা এবং এটা ভাবা যে, “যখন এ সকল হিংস্রপ্রাণী সম্মিলিত ভাবে আমাদের উপর আক্রমণ করে বসবে তখন আমরা প্রতিহত করবো” এ ধরনের চিন্তা-ভাবনা জ্ঞাণীদের নিকট পরিস্কার নির্বুদ্ধিতা। আল্লাহর বাণী

وَقَاتِلُوهُمْ حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ ِللهِ (سورة أنفال-39)

এর মধ্যে এ ধরনের জিহাদই উদ্দেশ্য।

অর্থাৎ হে মুসলমান! তোমরা কাফেরদের সাথে এ পর্যন্ত জিহাদ করো যে, কুফুরীর ফেৎনা বাকী না থাকে এবং আল্লাহর দ্বীনের চূড়ান্ত বিজয় অর্জিত হয়ে যায়। এই আয়াতে ফেতনা দ্বারা কুফুরীর শক্তিমত্তা ও দাপটের ফেতনা উদ্দেশ্য । আর وَيَكُونَ الدِّينُ كُلُّهُ ِللهِ।এর দ্বারা দ্বীনের বিজয় ও প্রভাব বিস্তার উদ্দেশ্য। এরই বর্ণনা এসেছে অন্য এক আয়াতে

لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ (سورة الصف-9)

অর্থাৎ দ্বীনের যেন এতটুকু বিজয় সুনিশ্চিত হয় যে, কুফুরীর দাপটের কারণে তা পরাস্ত হওয়ার আশংকা না থাকে এবং দ্বীনে ইসলামকে যেন কুফুরীর ফেতনা ও সর্বপ্রকার আশংকা থেকে ইতমিনান হাসিল হয়ে যায়।

সংশয় -২

কুরআন শরীফ রাসূল সা. এর মক্কি জীবনের বর্ণনা এবং রাসূল সা. এর দাওয়াত ও তাবলীগ এবং একারণে মক্কার কাফের মুশরিক কর্তৃক প্রদত্ত কষ্ট-ক্লেশ ও দু:খ-যাতনা এবং এর উপর রাসূল সা. এর সবর ও ধৈর্য্যের বর্ণনা দিতে গিয়ে যে সমস্ত শব্দ ব্যবহার হয় তা এই

فَلا تُطِعْ الْكَافِرِينَ وَجَاهِدْهُمْ بِهِ جِهَاداً كَبِيراً (سورة الفرقان-52)

উক্ত আয়াতে রাসূল সা. এর দাওয়াত ও তাবলীগকে শুধু জিহাদই নয় বরং বড় জিহাদ আখ্যা দিয়েছেন অথচ এতে যুদ্ধ-বিগ্রহের কোন বিষয় নেই। বরং এটাতো ঐ সময়ের কথা যখন আল্লাহর বাণী

كُفُّوا أَيْدِيَكُمْ (سورة النساء-77)

(নিজেদের হাতগুলোকে বিরত রাখো) এই সুস্পষ্ট ঘোষণার মাধ্যমে যুদ্ধ-বিগ্রহ নিষিদ্ধ ছিল। সুতরাং জিহাদ ফী সাবীলিল্লাহ যদি ক্বিতাল ফী সাবীলিল্লাহ এরই নাম হয়ে থাকে তাহলে কুরআন শরীফ দাওয়াত ও তাবলীগকে কেন জিহাদ শব্দে ব্যক্ত করেছে।

সমাধান-১

উক্ত আয়াতে جَاهِدْ এর অর্থ হলো কাফেরদের কাছে তাবলীগ করার ক্ষেত্রে খুব চেষ্টা করো, অক্লান্ত পরিশ্রম করো মেহনত করো। আর এই মেহনত ও পরিশ্রমের সাথে আল্লাহর দিকে দাওয়াত দেওয়াটাকেই জিহাদ শব্দে ব্যক্ত করেছেন। কেননা আরবী ভাষায় প্রত্যেক ঐ কাজ যাতে কষ্ট ও মেহনত রয়েছে তাকে জিহাদই বলা হয়। চাই এই চেষ্টা-প্রচেষ্টা কোন মন্দ কাজের ক্ষেত্রে হোক বা ভাল কাজের ক্ষেত্রে। কিন্তু আরবী ভাষায় এটাকে জিহাদ নাম দিয়ে দেওয়ার দ্বারা তো এটা শরীয়তের বিধান জিহাদ ফী সাবীলিল্লাহ হয়ে যেতে পারে না।

সমাধান-২

যদি যে কোন কাজের জন্য জিহাদ শব্দটি ব্যবহার করাটাই দলিল হয় তা জিহাদ ফী সাবীলিল্লাহ হওয়ার তাহলে সুরায়ে লুকমান এর আয়াত সম্পর্কে আপনি কি বলবেন যাতে আল্লাহ তায়ালা বলছেন যে, আমি মানুষকে নির্দেশ দিয়েছি যেন তারা পিতা-মাতার সাথে সদাচারণ করে এবং আমার ও নিজের পিতা-মাতার কৃতজ্ঞতা জ্ঞাপন করে এবং

وَإِنْ جَاهَدَاكَ عَلى أَنْ تُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلا تُطِعْهُمَا (سورة لقمان-15)

তোমাদের পিতা-মাতা যদি অনেক চেষ্টাও করে যে, তোমরা আমার সাথে শিরক কর তাহলে তাদের এ কথা কখনো মানবে না।

এখন লক্ষ্য করুন উক্ত আয়াতে কুফুর ও শিরকের দিকে পিতা-মাতার দাওয়াত দেওয়াকে জিহাদ শব্দে ব্যক্ত করেছেন। সুতরাং এখন যদি কেউ বলে দেয় যে, কুফুর ও শিরকীর দিকে দাওয়াত দেওয়াটাও জিহাদ ফী সাবীলিল্লাহ। কেননা আল্লাহ তায়ালা কুরআনে এটাকে জিহাদ ফী সাবীলিল্লাহ বলেছেন তাহলে আপনি তাকে কী বলবেন?

নি:সন্দেহে আপনি তাকে এটাই বলবেন যে, এখানে জিহাদ শব্দটি-শাব্দিক অর্থে ব্যবহৃত হয়েছে পারিভাষিক অর্থ বা শরীয়ত প্রদত্ত অর্থে নয়। আর আমাদের আলোচনা তো জিহাদের শরীয়তপ্রদত্ত অর্থ নিয়ে শাব্দিক অর্থ নিয়ে নয়।

সমাধান-৩

একথার উপর গোটা উম্মতের ঐক্যমত রয়েছে যে, জিহাদ ফী সাবীলিল্লাহ একটি ফরয এবং শরীয়তের বিধান যা মদীনায় নাযিল হয়েছে আর وَجَاهِدْهُمْ بِهِ جِهَاداً كَبِيراً তো মক্কী আয়াত সুতরাং যদি এই আয়াত দ্বারা জিহাদের শরীয়ত প্রদত্ত অর্থও মুরাদ নেওয়া হয় তাহলে বলতে হবে যে, জিহাদ ফী সাবীলিল্লাহ মক্কায় নায়িল হয়েছে। অথচ কোন আলেম এমনটি বলেন না। অতএব মেনে নিতে হবে যে, এই আয়াত দ্বারা পারিভাষিক জিহাদ ও শরীয়তের বিধান জিহাদ ফী সাবীলিল্লাহ মুরাদ নয় বরং স্বাভাবিক চেষ্টা করা উদ্দেশ্য আর আরবী ভাষায় চেষ্টা-প্রচেষ্টা ও মেহনতকে জিহাদ বলা হয়, কিন্তু জিহাদ ফী সাবীলিল্লাহ এক জিনিস আর শাব্দিক জিহাদ ভিন্ন জিনিস।

সমাধান-৪

আরবী ভাষায় তো صلاة অর্থ হলো تحريك الإليتين। নিতম্ব তথা শরীরের পিছনের অংশকে নাড়াচাড়া দেওয়া এবং صلاة রহমতও শান্তি প্রেরণের অর্থেও ব্যবহৃত হয়। এবং আরবী ভাষায় সওম এর অর্থ হলো বিরত থাকা আর হজ্ব অর্থ হলো ইচ্ছা করা চাই ভাল কাজের হোক বা মন্দ কাজের। এখন যদি কোন ব্যক্তি এটা বলে যে, আমি তো সকালে উঠেই আমার নিতম্বকে নাড়াচাড়া দেই এবং রহমতের দোয়াও করি সুতরাং এটাই আমার নামায কেননা আরবী ভাষায় এটাকেই নামায বলে। এবং কোন ব্যক্তি যদি বলে আমি এক ঘন্টা-আধ ঘন্টার জন্য পানাহার করা বা কথা বলা থেকে বিরত থাকব, তাহলে এটাই আমার রোযা হয়ে যাবে। কী প্রয়োজন আছে সারাদিন ক্ষুধার্ত ও পিপাসার্ত অবস্থায় কাটানোর এবং প্রিয় স্ত্রী থেকে দূরে

থাকার। কেননা আরবী ভাষায় তো শুধু বিরত থাকাকেই রোযা বলা হয়েছে। অথবা কেউ যদি বলে যে, আমি বাইতুল্লাহ যাওয়ার ইচ্ছা করে নিয়েছি। এখন কী প্রয়োজন আছে লাখ-লাখ টাকা খরচ করার এবং বাড়ী ঘর ছেড়ে তীব্র গরমে সফরের কষ্ট সহ্য করার। কেননাআরবী ভাষায় শুধু ইচ্ছা করাকেই হজ্ব বলা হয়েছে। তাহলে এই মুহাক্কিক ও মুদাক্কিক্বকে এটা ব্যতীত কী জওয়াব দেবেন যে, বাবা! আরবী ভাষার দ্বারা শরয়ী পরিভাষা নির্ধারণ হয় না বরং এটাতো শরীয়ত প্রণেতা কর্তৃক নির্ধারণ হয়। এবং ভাষাকে পূজি করে শরীয়তের আমলের অবয়ব বা স্বরুপকে বিকৃত করা যায় না।

হ্যা! এটা ভিন্ন কথা যে, শাব্দিক ও পারিভাষিক অর্থের মাঝে মুনাসাবাত ও সামঞ্জস্যতা থাকে। এজন্য আমি বলি, কুরআন ও হাদীসে কোন আমলের উপর জিহাদ শব্দ ব্যবহার দ্বারা ঐ আমলকে শরয়ী ও পারিভাষিক জিহাদ আখ্যা দেওয়া বদদ্বীনি বা স্বল্পজ্ঞান কিংবা অসম্পূর্ণ বোধশক্তির পরিচায়ক। আমার অনুরোধ যে, এই উদ্দেশ্যে আরো একবার আমার এ কিতাবের ভূমিকায় শাইখুল হাদীস মাওলানা যাকারিয়া রহ. এর লেখাটি মুতালাআ করে নেওয়া জরুরী।

সংশয়-৩

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدْ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ (سورة التحريم-9)

এ আয়াতে কারীমায় جَاهِدْ শব্দটি এসেছে। এখানে কিতালের অর্থ নেয়া সম্ভব নয়। কারণ আয়াতের নির্দেশ হল মুনাফিকদের সাথে জিহাদ কর। স্বয়ং রাসূলুল্লাহ স. কখনও মুনাফিকদের সাথে স্বশস্ত্র জিহাদ করেন নি। তাই যদি আয়াতে جَاهِدْ কে قاتل এর অর্থে নেয়া হয় তাহলে এর উদ্দেশ্য হবে এটা এমন হুকুম যে স্বয়ং রাসূল স. ও তার উপর আমল করেননি। নাউযুবিল্লাহ!!

সমাধান-

আমরা বলব অত্র আয়াতে جَاهِدْ অর্থ হলقاتل লড়াই করুন। এর দলিল একাধিক:-

প্রথম দলিলঃ এ আয়াতটি কুরআনের দুই জায়গায় এসেছে। এক. সূরা তাওবায়। আর এটি হল মাদানী সূরা। এতে জিহাদের প্রতি উৎসাহ প্রদান ও জিহাদের বিধি-বিধান নিয়ে আলোচনা করা হয়েছে। দুই. সূরা তাহরীম। এটিও মাদানী সূরা । আর জিহাদের হুকুম মদীনায় যাওয়ার পরেই অবতীর্ণ হয়েছে।

দ্বিতীয় দলীল ঃ

এই আয়াতে নির্দেশ দেয়া হয়েছে وَاغْلُظْ عَلَيْهِمْ এই কাফের ও মুনাফিকদের উপর কঠোরতা করুন। কঠোরতা শুধু জিহাদের মধ্যেই হতে পারে। কারণ দাওয়াত ও তাবলীগের ক্ষেত্রে তো আল্লাহ তা'য়ালার নির্দেশ হলো

قُلْ هَذِهِ سَبِيلِي أَدْعُو إِلَى اللّهِ عَلَى بَصِيرَةٍ (سورة يوسف-108)

ادْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ (سورة النحل-125)

ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ (سورة فصلت -34)

দাওয়াত সংক্রান্ত এই তিন আয়াতের সারমর্ম হলো আপনি এই কাফেরদেরকে প্রজ্ঞা, বিচক্ষণতা এবং উত্তম উপদেশবাণী শুনিয়ে আপনার রবের প্রতি আহবান করুন।

তৃতীয় দলিলঃ

এই নির্দেশের পরপরই বলা হয়েছে

وَمَأْوَاهُمْ جَهَنَّمُ (سورة التوبة-73)

তাদের ঠিকানা হলো জাহান্নাম। অর্থাৎ তাদেরকে হত্যা কর। আর তাদেরকে তাদের ঠিকানা জাহান্নাম পর্যন্ত পৌছে দাও।

দাওয়াত ও তাবলীগ সম্বলিত আয়াতের বর্ণনাভঙ্গি এমন হয়না। বরং সেগুলোর শেষে হিদায়েতের প্রতি উৎসাহ প্রদানমূলক বা কুফুরীর প্রতি অসন্তোষজ্ঞাপনমূলক কোন কথা থাকে। কিন্তু এখানে তো এমন কথাই বলা হয়েছে যার সম্পর্ক হল মৃত্যুর সাথে। কেননা জাহান্নাম তো মৃত্যুর পরেই আসবে। তাই এর থেকে বুঝতে পারি আয়াতের মর্ম হল এদের সাথে যুদ্ধ কর, তাদেরকে হত্যা কর। আর এভাবে তাদের আপন ঠিকানা জাহান্নামে পাঠাও।

দলীলের সমর্থনেঃ (সমাধান-২)

আমাদের এ আয়াতের সমর্থনে শাইখুল হিন্দ মাহমূদুল হাসান দেওবন্দী রহ. এর অনুবাদ পেশ করা যেতে পারে। তাফসীরে উসমানীতে এ আয়াতের অনুবাদ করা হয়েছে এভাবে, "হে নবী! আপনি লড়াই করুন কাফেরদের বিরুদ্ধে এবং মুনাফিকদের বিরুদ্ধে । এবং তাদের উপর কঠোরতা করুন । তাদের ঠিকানা তো জাহন্নাম। আর তা নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল।

সমাধান-৩

এ আয়াতে দুইটি নির্দেশ দেয়া হয়েছে। কতল-হত্যা করা, কঠোরতা করা। তা আবার দুই প্রকার লোকের বিরুদ্ধে। কাফের ও মুনাফিক। তাই আয়াতের অর্থ দাড়াল এই যে, প্রকাশ্য কাফের যারা তাদের বিরুদ্ধে ক্বিতাল হবে আর গোপন কাফের তথা মুনাফিক যারা তাদের উপর কঠোরতা করা হবে।]

হে নবী আপনি চালান অবিরাম

কাফের-মুনাফিকের সাথে স্বশস্ত্র সংগ্রাম।

তাদের উপর হন সবচে কঠোর

দোযখের আযাব বড়ই নিঠুর।

এখানে এই প্রশ্ন থেকে যায় যে তাহলে মুনাফিকদের সাথে কিতাল করা হল না কেন? তার জবাব হল, মুনাফিক তো তাকেই বলা হয় যার কুফুরীটা প্রকাশ্য নয়। ভিতরে ভিতরে কুফুরী করে আর বাহিরে ঈমান প্রকাশ করে তার বিরুদ্ধে কিভাবে কিতাল করা হবে।

আলেমগণ সুস্পষ্ট করে একথা বলেছেন যে, নববী যুগে যেহেতু অহীর মাধ্যমে রাসূল সা. কে জানিয়ে দেয়া হত (কারা মুনাফিক) কিন্তু আমাদের কারো আভ্যন্তরীন কুফুরীর ব্যাপারে ফতোয়া দেয়ার অধিকার নেই। কিন্তু যদি কেউ স্বেচ্ছায় নিজের ভিতরে কুফুরী প্রকাশ করে তাহলে সে তো আর মুনাফিক থাকল না বরং সুস্পষ্ট কাফের হয়ে গেল।

কিন্তু এখনো একটি প্রশ্ন থেকে যায় যে, রাসূল সা. মুনাফিকদের সম্পর্কে জানা সত্ত্বেও তাদের সাথে জিহাদ তথা কিতাল করেননি কেন? তার জবাব হল মুনাফিক তো সেই হয় যার অন্তরে থাকে কুফুরী আর মুখে ইসলাম প্রকাশ করে। যার কারনে মানুষ তাকে মুসলমান মনে করে । সুতরাং রাসূল সা. যদি মুনাফিকদের কতল করেন তবে লোকেরা রাসূল সা. এর বিরুদ্ধে আপত্তি তুলবে যে, মুহাম্মাদ নিজেই নিজের লোকদের হত্যা করছে। (নববী যুগের ঘটনা দেখুন)

পঞ্চম হিজরীর শাবান মাসে বনী মুস্তালিক যুদ্ধের সফরে মুনাফিকদের সর্দার আব্দুল্লাহ ইবনে উবাই ইবনে সালূল বলেছিল যে, মুহাজিররা আমাদের উপর প্রাধান্য পেয়ে গেছে। আল্লাহর শপথ মদিনায় পৌছে সম্মানিত লোকেরা অসম্মানিত (মুহাম্মাদ ও তার সাহাবী) লোকদেরকে মদিনা থেকে বের করে দেবে। রাসূল সা. এ বিষয়ে অবগত হলেন। হযরত উমার রা. আরজ করলেন: ইয়া রাসূলাল্লাহ! আমাকে অনুমতি দিন, এই মুনাফিকের গর্দান উড়িয়ে দিব। তখন রাসূল সা. এরশাদ করলেন : থাম, উমার! লোকেরা বাস্তব অবস্থা না জানার কারনে বলাবলি করবে যে, মুহাম্মাদ সা. নিজের সাথীদেরকে হত্যা করে। (বুখারী-কিতাবুত তাফসীর)

এখন দেখার বিষয় হল , রাসূল সা. এই কথা বলেননি যে, মুনাফিকদের হত্যা করা যাবে না। বরং এক বিশেষ কারনে হত্যা করেননি। কিন্তু মুনাফিকদের হত্যা করা পছন্দ করা এই কথার দলীল যে, মূলত মুনাফিকদের হত্যা করাও জায়েয। বরং তা সুন্নাত।

উদাহরণঃ

এটা এমনই যেমন রাসূল সা. খন্দক যুদ্ধে উয়াইনা ইবনে হিস্ন ফাযারীকে মদিনার অর্ধেক খেজুর দিয়ে সন্ধী করার ইচ্ছা করেছিলেন। কিন্তু সা'দ ইবনে মুআজ ও সা'দ ইবনে উবাদা রা. এর সাথে পরামর্শ করার পরে রাসূল সা. এই ইচ্ছা মূলতবী করে দিলেন। (ইবনে হিশাম)

কিন্তু এখন এটা মাসআলা হয়ে গেল যে যদি কোন কারনবশত কাফেরদেরকে মাল দিয়ে সন্ধি করতে হয় তবে তা জায়েয আছে।

এমনিভাবে রাসূল সা. পায়জামা ব্যবহার করেননি। কিন্তু পছন্দ করেছেন। তাই তা ব্যবহার করা সুন্নাত হয়ে গেল।

রাসূল সা. মুহাররমের দশ তারিখে রোযা রেখেছেন কিন্তু এ কথাও বলেছেন যে, যদি আগামী বছর আমি জীবিত থাকি তাহলে আরো একটি রোযা বৃদ্ধি করে রাখব। তাই এখন নয় বা এগার তারিখে রোযা রাখা সুন্নাত হয়ে গেল।

এ কারনে পরিপূর্ণ নির্ভরতার সাথে বলা যায় যে, মুনাফিকদেরকে হত্যা করাও যেন রাসূল সা. এর সুন্নাহ থেকে সাব্যস্ত হয়েছে।

এই আয়াতে সন্দেহাতীতভাবে এই কথা সুস্পষ্ট হয়ে গেল যে আয়াতে কারীমায় جَاهِدْ দ্বারা উদ্দেশ্য قاتل ই হবে।

সংশয় -8

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا وَإِنَّ اللهَ لَمَعَ الْمُحْسِنِينَ (سورة العنكبوت-69)

আর যারা আমার পথে সর্বাত্মক প্রচেষ্টা চালায়, তাদেরকে আমি অবশ্যই আমার পথে পরিচালিত করব। আর নিশ্চয় আল্লাহ্ সৎকর্মশীলদের সাথেই আছেন।

এ আয়াতটি মক্কায় অবতীর্ণ। এতে প্রকাশ্যভাবে দ্বীনের মেহনতকে জিহাদ বলা হয়েছে। এতে বুঝা গেল, জিহাদের অর্থ শুধু ক্বিতাল অর্থাৎ সশস্ত্র যুদ্ধে সীমাবদ্ধ নয়। বরং দ্বীনের পথের যে কোন মেহনতকেই জিহাদ বলা যায়।

সমাধান- ১

এটা সূরা আনকাবূতের আয়াত। এ সূরাটি যদিও মক্কী কিন্তু অত্র আয়াতখানা মাদানী। যারা মোটামুটি তাফসীর বিষয়ে জ্ঞাত তাদের জানা থাকার কথা যে, মক্কী সূরায় মাদানী আয়াত এবং এর বিপরীত হওয়া একটি সাধারণ ব্যাপার। বাস্তব ব্যাপারটি যদি তাই হয়ে থকে, তাহলে আর কোন আলোচনার প্রয়োজন থাকেনা। কেননা খোদার রাহে কিতাল কারীদের জন্য আল্লাহর সন্তুষ্টি ও জান্নাতের পথ খুব দ্রুত খুলে দেয়া হয়।

আর যদি এই আয়াত মক্কী হয়। তাহলে এর অর্থও তো সুস্পষ্ট, যে বা যারা আল্লাহর জন্য কষ্ট সহ্য করে আল্লাহ তা'য়ালা তাদের অন্তরগুলো আলোকিত করে দেন। তারা দ্রুততার সাথে আল্লাহর নৈকট্যের স্তরগুলো অতিক্রম করে ফেলেন। আমরা তো আগেই বলে এসেছি যে, আরবী ভাষায় সব ধরনের মেহনত বুঝানোর জন্য জিহাদ শব্দ ব্যবহার হয়। কিন্তু এর দ্বারা পারিভাষিক জিহাদের ব্যাপকতা কিভাবে প্রমানিত হয়?

সমাধান -২

جاهد يجاهد এটা فاعل يفاعل এর ওযনে। এর মাসদার দুই রকম হয়ে থাকে, مفاعلة ও فعال । অত্র আয়াতে যে جاهدوا বলা হয়েছে। তা مجاهدة থেকে এসেছে جهاد থেকে নয়। আমাদের আলোচনা হল جاهدوا (জিহাদ ফী সাবীলিল্লাহ) নিয়ে। مجاهدة নিয়ে নয়। তাই এই আয়াত পাঠ করে কোন ধরনের সংশয় সৃষ্টি হবার প্রশ্নই থাকেনা।

এখন প্রশ্ন থাকতে পারে এখানে جاهدوا যে مجاهدة থেকে এসেছে তার কী প্রমাণ? তো এর জন্য তাফসীরে উসমানী দেখা যেতে পারে। এতে শাব্বীর আহমাদ উসমানী রহ. এ আয়াতের অধীনে লেখেন,

"অর্থাৎ যে সব লোক আল্লাহর ওয়াস্তে কষ্ট স্বীকার করে ও মেহনত বরদাশত করে এবং বহুবিধ মোজাহাদায় নিজেকে মাশগুল রাখে আল্লাহ তায়ালা তাদেরকে এক বিশেষ নূর দান করেন। এবং সন্তুষ্টির পথসমূহ প্রদর্শন করেন। মেহনত মোজাহাদার ময়দানে সে যত অগ্রসর হতে থাকে তার খোদা প্রদত্ত সেই নূর ও নৈকট্যের স্তর সমুহেও প্রবৃদ্ধি ঘটতে থাকে।

দেখতে দেখতে তার সামনে দ্বীনের জটিল থেকে জটিলতর বিষয়ের এত সহজ সমাধান প্রকাশ পেতে থাকে যা অন্যদের কল্পনায়ও আসে না।

কবির ভাষায়ঃ-

কষ্টের পাহাড় মাড়িয়ে বন্ধু চলছ তুমি ধীরে

জান-মাল সব খোদার পথে ত্যাগ-কোরবানী করে।

তবু কেন ফের আসবেনা তার দয়ার জোয়ার ভাই

পাবে তুমি তার প্রতি কদমে রাহনুমা বলে যাই।

আল্লাহ তা'য়ালা আমাদের সবাইকে কুরআনে কারীম বুঝার ও আমল করার তাওফীক দান করুন। আমীন !!!

সংশয় -৫

সুরা আল-আদীয়াতে আল্লাহ তা'য়ালা ঘোড়ার পায়ের শপথ করেছেন। কিন্তু এ ফযিলত জিহাদ ও মুজাহিদদের ঘোড়ার ব্যাপারে নয়। কারন জিহাদ ফী সাবীলিল্লাহর হুকুম তো মদীনায় এসেছে। আর এই সূরাটি হল মক্কায় অবতীর্ণ। মক্কী সূরায় বর্ণিত ফযিলত মাদানী হুকুমের ক্ষেত্রে প্রয়োগ করা কিভাবে সম্ভব?

সমাধান -১

অত্র সূরাটি মক্কী না মাদানী তা নিয়ে মুফাস্সিরীনদের মাঝে মতনৈক্য রয়েছে। কেউ বলেন মক্কী, কেউ বলেন মাদানী। উভয় অভিমত অনুযায়ী আমরাও সংশয়ের অপনোদন করবো।

তাফসীর-১

হযরত আব্দুল্লাহ বিন মাসউদ, জাবের বিন আব্দুল্লাহ, হাসান বসরী, ইকরিমা ও আতা বিন আবি-রাবাহ রা. এর মতে সূরাটি মক্কী। (তাফসীরে কুরতুবী)

এ সূরার বাহ্যিক ভাষ্য থেকে বুঝা যায় এতে যুদ্ধে ব্যবহৃত ঘোড়ার নামে শপথ করা হয়েছে। চাই সে যুদ্ধে ইসলামী জিহাদ হোক বা সাধারন যুদ্ধ হোক।

আর উদ্দেশ্য হল একথা বোঝানো যে, অবুঝ প্রাণী একটি ঘোড়া সামান্য ঘাস-পানি পেয়ে আনুগত্য প্রদর্শন করে। মালিকের সামান্য ইশারায় তুমুল যুদ্ধের বিভীষিকাময় মুহূর্তেও সামনে এগিয়ে যায়। গুলি বৃষ্টির মাঝে বুক টান করে প্রভূর প্রতি অগ্রসর হয়। প্রভূকে বাঁচাবার জন্য আপন জান পর্যন্ত লুটিয়ে দেয়।

সুতরাং হে মানব! তুমি তো তোমার প্রকৃত মালিকের এতটা গুনগ্রাহী নও, একটা ঘোড়া তার সাময়িক মালিকের যত গুনগ্রাহী হয়ে থাকে। তুমি তো ওফাদারীতে একটি প্রাণীর থেকেও নিকৃষ্ট হয়ে গেছো।

সুতরাং এ আয়াতের লক্ষ্য হলো নিন্দা জ্ঞাপন ও উৎসাহ প্রধানের মাধ্যমে মানবজাতিকে আল্লাহর কৃতজ্ঞ বানানো।

এ তাফসীর অনুযায়ী উক্ত সূরাটির জিহাদ ও মুজাহিদীনদের সাথে কোন সম্পর্ক নেই। আর এটা কে জরুরী করল যে, কোরআনের প্রতিটি সূরা প্রতিটি আয়াতে জিহাদ ও মুজাহিদীনদের ফযীলত থাকতে হবে।

নামাজ, রোজা, হজ্জ, যাকাতের ন্যায় শরীয়তের অন্যান্য আমল যেমন: শুকুর, সবর, সাহসীকতা, বদান্যতা, সততা ও লজ্জাশীলতা ইত্যাদি গুনাবলী অর্জনের নির্দেশ ও কুরআন দিয়েছে।

তাই অত্র সূরাটি মুজাহিদদের ব্যাপারে অবতীর্ন না হলেও এতে মুজাহিদদের মর্যাদায় কোন কমতি আসবেনা। কারন মুজাহিদদের শান-মর্যাদা আপন যায়গায় এক স্বীকৃত বাস্তবতা। তাদের ফযীলত কুরআন ও হাদীসে অসংখ্য বর্ণনা রয়েছে।

সমাধান -২

হযরত ইবনে আব্বাস, হযরত আনাস রা., হযরত ইমাম মালেক ও কাতাদা রহ. এর মতে আয়াতটি মাদানী। (তাফসীরে কুরতুবী)

তাফসীর -২

এ আয়াতে শুধু যুদ্ধঘোড়া নয় বরং মুজাহিদদের ঘোড়ারই শপথ করা হয়েছে। হযরত শাহ আব্দুল কাদের রহ. তাফসীরে মুজিহুল কুরআনের টিকায় লেখেন, “এটা জিহাদে ব্যবহৃত ঘোড়ারই শপথ। আল্লাহর ডাকে সাড়া দিয়ে নিজের জান দেবার জন্য উপস্থিত হবার চাইতে বড় কাজ পৃথিবীতে আর কী আছে!”

হযরত মাওলানা শাব্বীর আহমাদ উসমানী রহ. তাফসীরে উসমানীতে

إِنَّ الإِنسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ (سورة العاديات-6)

আয়াতের অধীনে লেখেন:

“মুজাহিদ অশ্বারোহীগন আল্লাহর পথে জীবন উৎসর্গ করার ক্ষেত্রে অন্যদের আদর্শ হয়ে থাকে। আর যারা আল্লাহর দানকৃত শক্তিকে তার পথে খরচ করে না তারা নিকৃষ্টতম অকৃতজ্ঞ ও অযোগ্য।

وَإِنَّهُ عَلَى ذَلِكَ لَشَهِيدٌ (سورة العاديات-7)

সারকথা:

এই সূরাকে মক্কী ঘোষনা করে মুজাহিদদের ফজিলত নিয়ে অযথা পেরেশান হবার কোন কারন নেই। কেননা আসলাফের কেউ কেউ একে মক্কী বলেছেন আবার অনেকে একে মাদানীও বলেছেন।

সাথে সাথে একে মাদানী সূরা ঘোষনা করে মুজাহিদদের ফযীলতের সাথে বিশেষিত করাও ঠিক নয়। কারণ কেউ কেউ তাকে মাদানি বলেছেন আবার অন্যরা তাকে মক্কী বলেছেন।

আদেশ-নিষেধ অধ্যায়

সামনের কয়েক পৃষ্ঠা ব্যাপী কুরআন থেকে আদেশ-নিষেধ সম্পর্কিত আয়াত উল্লেখ করা হবে। এজন্য আমি সমিচিন মনে করছি উসুলে ফিক্বাহের আলোকে আমর-নাহীর সংঙ্গা উল্লেখ করে দিব। যাতে আগত আপত্তিও তার জবাব সমূহ বুঝতে সহজ হয়।

সুতরাং আগত প্রশ্ন গুলোর পাঠক অবশ্যই এই অধ্যায়টি মনোযোগের সাথে পড়ে নিবেন।

আমর :

আরবী ভাষায় আমর হল قول القائل لغيره إفعل কোন ব্যক্তি কাউকে এই বলা যে তুমি এই কাজটি কর। চাই নমনীয়তার সাথে হোক বা শক্তি প্রয়োগের মাধ্যমে।

শরীয়তের পরিভাষায় আমর বলা হয় إلزام الفعل على تصرف ، الغير। **কারো জন্য কোন কাজ করাকে অবশ্যক করে দেওয়া। (উসুলুস্‌শাশী)**

কেউ কেউ এই সংজ্ঞাও দিয়েছেন যে قول القائل لغيره إفعل على سبيل الإستعلاء। **কোন ব্যক্তি অপর কাউকে অধিকার বলে এই বলা যে, তুমি এই কাজটি কর।**

নাহী:

আরবী ভাষায় নাহী অর্থ **المنع** নিষেধ করা। আর পরিভাষায় নাহী বলা হয়। কোন ব্যক্তি তার চেয়ে মর্যাদায় ছোট কাউকে কোন কাজ না করার আদেশ করা।

কেউ কেউ এই সংজ্ঞা করেছেন যে, কাউকে ক্ষমতা বলে এই আদেশ করা যে, তুমি অমুক কাজ করবে না।

সারকথা:

আমর-নাহীর সংজ্ঞার সারাংশ এই দাড়ায় যে, কাউকে কোন কাজ করার বা না করার আদেশ দেয়া। তবে শর্ত হল যাকে আদেশ দেয়া হয়েছে তার উপর আদেশ দাতার কর্তৃত্ব থাকতে হবে।

সুতরাং যদি কোন ব্যক্তি এমন কাউকে কোন কাজ করা বা না করার আদেশ করে যার উপর তার কোন কর্তৃত্ব বা ক্ষমতা নেই তাহলে তা আদেশ হবে না। বরং অনুরোধ হবে।

উল্লিখিত ব্যাখ্যা থেকে বুঝা গেল কুরআন ও হাদীসে বর্ণিত আমর-নাহী সম্মলিত আয়াত ও হাদীসের উপর আমল তখনই করতে হবে যখন ক্ষমতা থাকবে। যেমনটা ইতিপূর্বে আফগানিস্তানে ইসলামী শাসনামলে দেখা গেছে। তখন আফগানিস্তানে হযরত আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর হাফিযাহুল্লাহ যখন আদেশ করতেন যে, নামাজের সময় সবধরনের দোকানপাট বন্দ থাকবে। সবাই জামাতের সাথে

নামাজে শরীক হবে। মহিলাগণ পর্দা করবে। ইত্যাদী অন্যান্য সকল বিষয়ে এগুলোকে আদেশ বলে।

অথবা তিনি যখন আদেশ দিতেন যে, কেউ দাড়ি মুন্ডাবে না, ঘরে টিভি, ভিসিআর, ডিস লাগাবেনা। কোন প্রাণীর ছবি আঁকবে না, কারো এই ক্ষমতা নাই যে, কেউ এর খেলাফ করবে। এগুলোকে নিষেধ বলে।

নোটঃ

এই ভিত্তিতেই মুসলমানদের বাদশাকে আমীরুল মুমিনীন বলা হয়। কেননা তিনি আদেশ দেন। বরং কিছু লোক আথবা কয়েক শত লোকের নেতৃত্ব দান কারীকেও শরীয়তে আমীর বলা হয়। কেননা তার কথা মানা জরুরী। এবং অন্যদের উপর তার এক ধরনের কর্তৃত্ব আছে। যে কারনে তার কোন কিছু করার আদেশকে আমর আর না করার আদেশকে নাহী বলা হয়।

দৃষ্টি আকর্ষণঃ

পিছনে উল্লিখিত আলোচনাকে সামনে রেখে ইন্‌শা- আল্লাহ পাঠকের জন্য এই ফায়সালা করা খুব সহজ হয়ে যাবে যে, বর্তমানে অথবা প্রত্যেক যুগে আদেশ-নিষেধ দাতা কারা ছিলেন এবং কারা উপযুক্ত এবং এই ফরজ বিধান কারা আদায় করছেন?

আবদারঃ

এতদ সত্ত্বেও আমার অনুরোধ হল যদি আমর-নাহীর প্রকৃত অর্থের উপর আমল করা দুষ্করই হয় তবে যতটুকু সম্ভব ততটুকু করার জন্য চেষ্টা তো করা দরকার। নয়তো কমপক্ষে এতটুকু তো করা দরকার যে দ্বীনের মেহনতের স্বার্থে নিজ অনুরোধ-নিবেদন কে আমর বলা যাবে না। কেননা যখন আমরা স্বাধারণ মেহনত ও তারগীব

তারহীবকেই আমর নাহী বলতে শুরু করি তাহলে উম্মত প্রকৃত আমর-নাহীর উপর আমল করার চেষ্টাই ছেড়ে দিবে।

আল্লাহ আমাদের সকলকে সঠিক দ্বীন বুঝাও সঠিক দ্বীন বুঝে তার উপর আমল করার তাওফিক দান করুন। আমীন ইয় রাব্বল আলামীন!

সংশয় -৬

وَلْتَكُنْ مِنْكُمْ أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنْ الْمُنْكَرِ وَأُوْلَئِكَ هُمْ الْمُفْلِحُونَ (سورة آل عمران-104)

তোমাদের মধ্যে একটি দল থাকা উচিত যারা কল্যাণের দিকে আহবান করবে, ভাল কাজের আদেশ করবে এবং খারাপ কাজ থেকে নিষেধ করবে। আর তারাই সফলকাম। (তাফসীরে উসমানী)

এই আয়াতে কারীমা থেকে কিছু লোকের এই ভুল ধারনা সৃষ্টি হয় যে, মুজাহিদীনরা এই আয়াতের না মিসদাক আর না তারা এর উপর আমল করে। কেননা এই আয়াতে রয়েছে- এমন একটি দল থাকা উচিত যারা কল্যাণের প্রতি আহবান করবে, ভাল কজের আদেশ করবে এবং খারাপ কাজ থেকে নিষেধ করবে- মুজাহিদীনরা না দাওয়াত দেয় আর না সৎকাজের আদেশ, অসৎকাজের নিষেধ করে।

সমাধান -১

এই আপত্তির বাস্তবতা একটি ধোকা ব্যতীত কিছুই নয়। কেননা এই আয়াতে কারীমায় আদেশ দেয়া হয়েছে যে, তোমাদের মধ্যে একটি দল থাকা উচিত যারা তিনটি কাজ করবে-

يَدْعُونَ إِلَى الْخَيْرِ ، يَأْمُرُونَ بِالْمَعْرُوفِ ، يَنْهَوْنَ عَنْ الْمُنْكَرِ۔

এখন আমরা এই তিনটি কাজের একটি জরীপ করবো।

১. يَدْعُونَ إِلَى الْخَيْرِতারা কল্যাণের দিকে আহবান করবে। কল্যাণ দুই প্রকার এক. পরিপূর্ণ কল্যাণ দুই. অপরিপূর্ন কল্যাণ।

পরিপূর্ন কল্যাণ বলে যাতে পরিপূর্ণ দ্বীন শামিল। অর্থাৎ নামাজ, রোজা, হজ্জ, যাকাত, এবং জিহাদ ফী সাবীলিল্লাহ ইত্যাদি। আর অপরিপূর্ণ কল্যাণ হল- যাতে পরিপূর্ণ দ্বীন থাকবে না। বরং কিছু কাজের ঘাটতি থাকবে। দেখুন যারা এমন আমলের দাওয়াত দেয় যাতে জিহাদ নেই তারা অসম্পূর্ন দ্বীনের দাওয়াত দেয়। জিহাদ ব্যতীত অন্যান্য আমলের উপর আমল করা অসম্পূর্ন কল্যাণের উপর আমল।

আর যারা জিহাদের দাওয়াত দেয় তারা পরিপূর্ণ কল্যাণের প্রতি দাওয়াত দেয়। কেননা তার মধ্যে নামাজ, রোজা, হজ্জ, যাকাত, ইত্যাদি রয়েছে। জিহাদ তো

আছেই। বরং কতেক হাদীসে স্বয়ং জিহাদকেই পরিপূর্ণ দ্বীন বলা হয়েছে। রাসূল সা. এরশাদ করেন-

عن ابن عمر ، قال : سمعت رسول الله صلى الله عليه وسلم يقول : (إذا تبايعتم بالعينة وأخذتم أذناب البقر ورضيتم بالزرع وتركتم الجهاد سلط الله عليكم ذلا لا ينزعه حتى ترجعوا إلى دينكم).

- سنن أبي داؤود :490/2 باب في النهى عن العينة . رقم الحديث:3462 - مسند أحمد:114/5 رقم الحديث:5562

যখন তোমরা ইনা কারবার করবে (এক প্রকার সুদী কারবার) এবং উটের লেজ আকড়ে ধরবে (পশু পালনে ব্যস্ত হয়ে যাবে) এবং জিহাদ পরিত্যাগ করবে তখন তোমাদের উপর আল্লাহ তা'য়ালা লাঞ্চনা আরোপ করবেন। যাবৎনা তোমরা তোমাদের দ্বীনের দিকে ফিরে আসবে।

এই হাদীসের ব্যাখ্যা হজরত খলীল আহমাদ সাহারানপূরী রহ. বজলূল মাজহুদ শরহু আবী-দাউদে বলেন এখানে দ্বীনের দ্বারা উদ্দেশ্য জিহাদ।

এখন একটু গভীরভাবে চিন্তা করুন যে, জিহাদের সাথে দাওয়াত দেওয়া পরিপূর্ণ কল্যাণের প্রতি দাওয়াত নাকি জিহাদ রেখে দাওয়াত দেওয়া পরিপূর্ণ কল্যাণের প্রতি দাওয়াত?

জিহাদের আমল জিন্দা হলে অন্যান্য সকল আমলও জিন্দা হয়। আর জিহাদের আমল খতম হয়ে গেলে অন্য সকল আমলও খতম হয়ে যায়। সুতরাং জিহাদের প্রতি দাওয়াত দেওয়ার অর্থ অন্যান্য সকল আমলের প্রতি দাওয়াত দেওয়া। সুতরং জিহাদের প্রতি দাওয়াত দেওয়া প্রকৃত دعوة إلي الخير কল্যাণের প্রতি আহবানের সঠিক ও যথার্থ মিসদাক।

সমাধান -২

يَـأْمُـرُونَ بِـالْـمَعْرُوفِ এর জন্য আমর এর অধ্যায় দেখে নিন যা পূর্বে আলোচনা করা হয়েছে। এখন এই সিদ্ধান্তে আমরা পৌছেছি যে, জিহাদ ব্যতীত সৎকাজের আদেশ তো সম্ভবই না। কেননা সৎকাজের আদেশ তো শক্তি ব্যতীত হতেই পারে না। আর শক্তি জিহাদ ব্যতীত অর্জিতও হতে পারে না। সৎকাজের আদেশতো মুজাহিদীনরাই করে থাকে। অন্য কেহ নয়। আর অন্য কারো পক্ষে করাও সম্ভব হতে পারে না।

সমাধান -৩

نـهي عَنْ ।الْـمُـنْـكَـرِ এ অধ্যায় দেখে নেয়া يَـنْـهَـوْنَ عَنْ ।الْـمُـنْـكَـرِএজন্য যেতে পারে। এখন এই সিদ্ধান্তে পৌছানো যায় যে, জিহাদ ব্যতীত نـهي عَنْ ।الْـمُـنْـكَـرِ সম্ভবই না। কেননা نـهي عَنْ ।الْـمُـنْـكَـرِ এর জন্য শক্তি প্রয়োজন। আর শক্তি জিহাদ ব্যতীত সম্ভব না। এজন্য نـهي عَنْ ।الْـمُـنْـكَـرِ মুজাহিদরাই করে থাকে।

মুখের ভষায় উৎসাহ দেওয়া বড়ই সহজ কথা

অন্যায় কাজে বাধা দিয়ে দেখ কেমন জটিলতা।

অন্যায় প্রতিরোধ জেনে রেখ তাই

শক্তি ও দাপটের বিকল্প কিছু নাই।

ব্যাখ্যাঃ

যারা নিজেদেরকে এই আয়াতের সঠিক মিসদাক মনে করেন তারা তো এমন نـهي عَنْ ।الْـمُـنْـكَـرِ করেন না। কারণ তারাই বলেন যে, যদি আমরা نـهي عَنْ ।الْـمُـنْـكَـرِ করি তাহলে লোকেরা আমাদের থেকে দূরে সরে যাবে। কেননা খারাপ কাজ তাদের প্রিয় ও আকর্ষনীয় বস্তু। আর যখন প্রিয় বস্তু থেকে তাদের বাধা দেয়া

হবে। তখন তারা আমাদের কথা কিভাবে শুনবে? আর যখন কথা না শুনবে তখন তারা দ্বীনের পথে কিভাবে আসবে?

এমন ব্যক্তিদের জন্য হযরত মুফতী রশীদ আহমাদ রহ. এর একটি ওয়াজ চয়ন করে বর্ণনা করছি। অনুগ্রহ করে রশীদ আহমাদ লুধিয়ানবী রহ. এই বাণী অত্যন্ত গুরুত্ব ও মনোযোগের সাথে লক্ষ্য করবেন।

তিনি বলেন , তাবলীগের জন্য জিহাদ এত জরুরি এবং গুরুত্বপূর্ণ যে, উহা ব্যতীত তাবলীগই সম্ভব নয়। যারা ধারনা করে যে, তাবলীগ শুধু মৌখিক আমল । আর তা জিহাদ ব্যতীত সম্পাদন করা সম্ভব। তারা তাবলীগের অর্থ বুঝতে তিনটি ভুলের ভিতরে নিমজ্জিত। এক. কিছু এবাদতের তাবলীগ করে মনে করে যে, তাবলীগের হক আদায় হয়ে গেছে। অথচ প্রত্যেক সচেতন ব্যক্তি একথা বুঝেন যে, পরিপূর্ণ তাবলীগতো তখনই হবে যখন পূর্ণ ইসলামের তাবলীগ হবে। শুধু নামাজ অথবা অতিরিক্ত দু'তিন আহকামের তাবলীগকে পূর্ণ দ্বীনের তাবলীগ বলা যায় না।

ইসলামের আহকাম-বিধি বিধানের চারটি শাখা এক. আক্বীদা-বিশ্বাস দুই. ইবাদত তিন. মুআমালা চার. হুদুদ-ক্বিসাস। যতক্ষন পর্যন্ত তাবলীগ পূর্ণ হবে না। আপনি তাবলীগের কাজ থেকে দায়িত্ব মুক্ত পারবেন না। যেমনিভাবে ব্যক্তিগত আমল সংক্রান্ত আহকাম রয়েছে। তেমনি মুআমালাত তথা যে সকল বিষয়ে একে অন্যের সাথে সম্পৃক্ত হয় যেমন বিবাহ, তালাক, ক্রয়,-বিক্রয়, ভাড়া নেয়া, কৃষিকাজ, চাকরী ইত্যাদি বিষয়ে ইসলামের আহকাম রয়েছে। কুরআন হাদীসে যা বিস্তারিত আলোচনা করা হয়েছে। ব্যভিচারীকে এই শাস্তি দিতে হবে, চোরকে এই শাস্তি দিতে হবে এবং ডাকাতকে এই শাস্তি দিতে হবে। যতক্ষন পর্যন্ত ইহাকে ইসলামের পরিপূর্ণ তাবলীগ বলা যাবে না।

দুই. শুধু মৌখিক তাবলীগকে যথেষ্ট মনে করে। ধারনা করে যদি এটা জারী যাকে তাহলে জীবনাচার পরিপূর্ণ ভাবে সংশোধন হয়ে যাবে এবং সকল কাজের মুসলমানদের এই জীবনাচার দেখে ইসলামে প্রবেশ করবে। না আছে শরয়ী শাস্তির

বিধান কর্যকর করার প্রয়োজন আর না আছে কাফেরদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদের। অথচ দাওয়াতও তাবলীগ একটি শরয়ী পরিভাষা। যার বিস্তারিত আলোচনা হল যদি খেতাব কাফেরদের প্রতি হয়ে থাকে তবে শুধু তাদের কাছে ইসলাম পেশ করার দ্বারা দাওয়াতের ফরজ দায়িত্ব থেকে মুক্তি লাভ হবে না। বরং ইসলাম কবুল করবে সে আমাদের ভাই। আর যে ইসলাম কবুল করবে না তাকে ইসলামী হুকুমত কবুল করার দাওয়াত দেয়া হবে অর্থাৎ রাষ্ট্র হবে ইসলামের তোমাদের জিযিয়া দিয়ে ইসলামী হুকুমতের আনুগত হয়ে থাকতে হবে। ইসলামী হুকুমত তার জান ও মালের হেফাজত করবে। যদি সে ইসলামী হুকুমতকে সমর্থন না করে তখন তার বিরুদ্ধে সশস্ত্রে জিহাদ চলবে যতক্ষন সে ইসলাম অথবা ইসলামী হুকুমত কবুল না করে।

ইসলাম জোরপূর্বক কাফেরদেরকে মুসলমান বানানোর শিক্ষা দেয় না কিন্তু আল্লাহর জমীনে কাফেরের হুকুমত করার অনুমতিও দেয় না।

তিন. তাদের ধারনা শুধু ভাল কাজের হুকুম দাও খারাপ কাজ থেকে বাধা দিও না। খারাপ কাজ নিজে নিজেই স্বয়ংক্রিয়ভাবে মিটে যাবে। যেমন অন্ধকার দূর করতে হলে ছোট একটি মোমবাতি জ্বালিয়ে দাও অন্ধকার দূর হয়ে যাবে। এর জরুরত নেই যে, ডান্ডা দিয়ে পিটানো শুরু করবে। বাহ্যিক ভাবে মূর্খদের এই প্রমান অনেক মজবুত মনে হয়। কিন্তু বাস্তবে এই ধারনা সম্পূনই বাতিল। এবং এই ধরনাটিই দুনিয়াতে পাপাচার, অশ্লীলতা, গর্হিতকাজ বিস্তার লাভ করার অন্যতম কারন। বিবেক ও শরয়ী প্রমান এর জীবন্ত স্বাক্ষী।

কুরআন ও হাদীসে যেখানেই أمر بالمعروف এর হুকুম দেওয়া হয়েছে সাথে সাথে نهي عن المنكر এর হুকুম ও দেয় হয়েছে। যদি نهي عن المنكر এর কোন গুরুত্ব ও প্রয়োজন না থাকে, أمر بالمعروف ই যথেষ্ট হয়ে থাকে তাহলে নাউযুবিল্লাহ , আল্লাহ তা’য়ালা ও রাসূল সা. এর এই দর্শন কি বুঝে আসেনি যে, সৎকাজের আদেশ দিলেই সকল খারাপ কাজ আপনা আপনিই মিটে যায়। উপরন্তু এটাও অবাস্তব হয়ে পড়বে যে, উম্মতের উলামায়ে কেরাম যারা সামর্থ থাকা অবস্থায়

نـهـي عن الـمـنـكـر এর তিন অবস্থা- হাত দ্বারা, মুখ দ্বারা, অন্তর দ্বারা- এগুলিকে ফরজ ও ওয়াজিব বলে থাকেন। তারাও নাউযুবিল্লাহ শরীয়তের বিধানও মেযাজ সম্পর্কে অবগত নন।

আকল ও বাস্তবতা থেকে এর গুরুত্ব অনেক সুস্পষ্ট। মানুষের প্রকৃতিগত ভাবে আত্মিক চাহিদা ও গুনাহের প্রতি টান রয়েছে। ভাল কাজে যতই দাওয়াত দেওয়া হোক نـهـي عن الـمـنـكـر এর উপর আমল না করা হলে সমাজ থেকে অশ্লীলতা ও খারাবী মিটানো সম্ভব নয়।

এখন তো এর থেকে ও বড় সংবাদ শুনা যায় যে, মানুষদেরকে দ্বীনদার বানানোর জন্য এবং তাদেরকে তরবিয়ত দিয়ে তাদেরকে কাছে আনার জন্য তাদের সাথে বিদআত ও গুনাহের বৈঠকে অংশ গ্রহণ করাও যায়েজ। বরং অত্যাবশ্যক মনে করা হয়। এটা স্পষ্ট দ্বীনের তাহরীফ। লোকদেরকে জান্নাতী আমলে নিজেদের সাথে শরীক করার পরিবর্তে তাদের জাহান্নামী কর্মকান্ডে শরীক হয়ে জাহান্নামের সওদা তৈরী করছে। শুধু তাই নয় বড়ই জুলুমের কথা এ কাজকে জায়েয নয়। বরং সওয়াবের কাজ এবং নবুওয়তের মেজাঝ ও দ্বীনের তাবলীগ মনে করা শুরু করেছে। যদি বাস্তবতা এমন হয় যেমন শুনা যাচ্ছে তাহলে তার ঈমান নেই।

একটি মূলনীতি খুব ভালবাবে মনে রাখবে এবং অন্যের কাছে পৌছে দিবেন: لا يـقـام الـديـن بـهـدمـه দ্বীনকে ধ্বংস করে তা প্রতিষ্ঠা করা যায় না।

দ্বীন-বিরোধী স্বরন রাখবেন আল্লাহ তা'য়ালা। পূর্ববর্তী নবীগন। রাসূল সা. সাহাবায়ে কেরাম। উলামায়ে উম্মত ও বাস্তবতার চুড়ান্ত আকাট্য সিদ্ধান্ত হল কুফুরও শিরক এবং অপরাধ থেকে সমাজকে পবিত্র করতে হলে এবং আল্লাহর দ্বীনকে বিজয় করতে হলে শুধু মৌখিক তাবলীগ যতেষ্ট নয়। যাবৎ না ক্বিতাল এর মাধ্যমে কাফেরদের বড় বড় রাষ্ট্রের শান-শাওকাত চুরমার করা হবে। ততদিন পর্যন্ত সাধারণ কাফেররা ইসলামের সত্যতা নিয়ে ভালভাবে চিন্তা ফিকির করতে পারবে না। আর মুসলমানগন তাদের কর্তৃত্ব প্রযুক্তির উন্নত এবং প্রোপাগান্ডার নিজেদের সমাজকে পবিত্র করতে পারবে না।

আল্লাহ এই বাস্তবতা বোঝার তৌফিক দান করুন এবং উপকারী বানিয়ে দিন। আমীন ইয়া রাব্বাল আলামীন!

আমার আবেদন ঃ

হযরত রশীদ আহমাদ লুধিয়ানভী রহ. এর উক্ত ইলমী দিক নির্দেশনার পরে আরজ করছি যে, শরীয়তের বিধানও মাসাইল শুধু দৃষ্টান্ত বা প্রমান বিহীন দলীল দ্বারা না প্রমানিত হয় আর না পরিবর্তিত হয়। যদি এমন প্রবাদ প্রবচনের দ্বারাই কাজ হত তহলে দেখুন, রাফেজী লেংটা ফকিরা ও দাবী করে যে, প্রকৃত সাইয়্যেদ তো আমরাই। যখন বলা হয় অনেক সুন্নিও তো সাইয়েদ হওয়ার দাবী করে তখন তারা এই প্রবাদ বাণী দিয়ে তা প্রত্যক্ষান করেঃ যেমন কাঠের হাড়ীতে ভাত হয় না, তেমন কোন সূন্নি সাইয়্যেদ হয় না।

এ বিষয়ে আমার ছাত্র জীবনের একটি ঘটনা স্বরণ হয়েছে। যখন আমি জামিয়া ইমদাদিয়া ফায়সালাবাদে পড়ি এবং সমবয়সী বন্ধুদের সাথে এর আলোচনা করি তখন আমার এক বন্ধু মাওঃ সাঈদ আহমাদ (যে এখন জামিয়া ইমদাদিয়তেই শিক্ষক- মাশাআল্লাহ- আনেক যুগ্যতা সম্পুর্ন এবং নেককার ব্যক্তিত্ব। দোয়া করি আল্লাহ তা'য়ালা তার দ্বারা দ্বীনের খুব কাজ নিন আমীন।) বলে উঠলেন

পানির যদি চেরাগ হতো শিয়ারাও সাইয়্যেদ হতো।

একই ভাবে কমিউনিষ্টদের মধ্যে যারা আপন, বোন, মেয়ে নাউযুবিল্লাহ কামভাব পূর্ণ করার উপযুক্ত মনে করে দলীল দেয় যে, যখন ঘরের মধ্যে সেব ফল পাওয়া যায় তখন বাজার থেকে কিনে আনার কি প্রয়োজন? সর্বশেষ আপন বোন এবং অপরের বোনের মাঝে কী পার্থক্য? চাচাতো বোন এবং আপন বোনের দাদা তো একই এবং একই রক্ত। যখন একই দাদার ছেলে অর্থাৎ চাচার মেয়েকে বিবাহ করা যায়েজ তখন আপন পিতার মেয়েকে বিবাহ করা যাযেজ নয় কেনঃ? এই দলীলের উপর ভিত্তি করে খৃষ্টনদের কাছে চাচাতো বোন বিবাহ করা হারাম। আমি শুধু দুটি দৃষ্টান্ত পেশ করেছি।

যা থেকে আপনি বুঝতে পেরেছেন যে, যদি শুধু দৃষ্টান্ত দ্বারা কাজ চলতো তাহলে কথা কোন পর্যন্ত পৌছতো?

কিন্তু আমি এই দৃষ্টান্তের বিশ্লেষন করতে চাই। তাহলো হে আমার ভাই! এতে কোন সন্দেহ নেই যে, মোমবাতি জ্বালালে অন্ধকার আপনা আপনি দূর হয়ে যায় তবে এটা তখন যখন মোমবাতির প্রজ্জ্বলন অব্যহত থাকবে। যেমনিভাবে সাধারণ একটি মোমবাতি আনেক বড় অন্ধকারকে দূর করতে পারে তেমনি অনেক বড় মোমবাতিকেও সাধারণ একটি বাতাশ নিভিয়ে দিতে পারে। এই শরীয়তকে আবদ্ধ কামরার অন্ধকার দূর করার জন্য মোমবাতি হিসেবে পাঠানো হয়নি। বরং গোটা দুনিয়ার জল-স্থল, লোকালয়, মরু সব জায়গার অন্ধকারকে দূর করার জন্য সূর্য এবং কুফুর ও শিরকের তুফানকে প্রতিহত করার জন্য লৌহ পিন্ড কুসংস্কার ও রুসুমাতের অন্ধকারের মুকাবেলার জন্য বেগবান বাতাশ এবং অশ্লীলতা ও খারাবীর সয়লাবকে মিটিয়ে দেয়ার জন্য চাটান বানিয়ে পাঠানো হয়েছে।

পবিত্র শরীয়তকে ছোট ছোট উদাহরণ ও দৃষ্টান্তের মধ্যে আবদ্ধ করে প্রজ্জোজ্বল শরীয়তকে অপদস্ত করো না। অন্যের ঈমানের ফিকিরে নিজের ঈমানকে বরবাদ করো না। আল্লাহ তা'য়ালা আমাদেরকে শরীয়তের উপর আমল করার এবং তা যথাযথভাবে তাবলীগ করার তাওফিক দান করেন। আমীন! ইয়া রব্বাল আলামীন!!

সংশয় -৭

আজকাল ব্যপকভাবে কিছু 'খাইরুল উম্মত' হওয়ার ব্যাক্ষ্যা করে যে, মানুষেদের দ্বীনের দিকে ডাকো, নামাজ এবং রোজার কথা বলো। আর এ বলে মানুষদের উদ্বুদ্ধ করে যে, ফজিলত শুনিয়ে দ্বীনের দিকে আনাই এই উম্মতের কাজ এবং এ কারণেই এই উম্মত সর্বশ্রেষ্ঠ উম্মত।

সুতরাং যে, সমস্ত আলেম মসজিদের মিম্বরে খৎবা দিচ্ছে, মাদ্রাসায় দরস প্রদান করছে। অথবা ঐ সকল মাশায়েখ যারা খানকায় বসে "আল্লাহ" "আল্লাহ" যিকির করছে, এবং যে সকল মুজাহিদ ময়দানে জিহাদ করে নিজেদের জান কুরবানী দিচ্ছে তারা এ বিষয়টি বুঝছেনা, অযথা নিজেদের সময় নষ্ট করছে। এজন্য তাদেরও উচিৎ তারা যেন দাওয়াত ও তাবলীগের নামে যে কাজ হচ্ছে তাতে অংশগ্রহণ করে এবং শ্রেষ্ঠ উম্মতের বাস্তব রূপ হয়।

সমাধান -১

উম্মতে মুহাম্মদিয়া এর 'খাইরুল উম্মত' হওয়ার একারণ যা ব্যপকভাবে হয় সম্পূর্ণরূপে তা ভূল এবং কোরআন সুন্নাহকে সঠিক রূপে না বুঝার প্রমান বহন করে। যদি গভীরভাবে দেখা হয় তাহলে দাওয়াত ও তাবলীগের নামে যে কাজ চলছে তাকে দ্বীনের রূহ এবং মূল কাজ মনে করে বাকী সব কিছু অনার্থক ভাবা স্পষ্ঠ ভ্রান্তি। বরং দ্বীনকে হেয় করা। যার দ্বারা উলামা, মাশায়েখ এবং মুজাহিদীনদের হেয় পতিপন্ন করার পথ খুলে যায় যা বড় ধরনের বে-আদবী ও মাহরূমীর আলামত। আসুন এবার দেখি এ উম্মত 'খায়রুল উম্মত' হওয়ার কারণ কী?

খায়রুল উম্মত হওয়ার কারণ:

পাকিস্তানের মুফতী হযরত মুফতী শফী সাহবে রহ.

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنْ الْمُنكَرِ وَتُؤْمِنُونَ بِاللهِ (سورة آل عمران-110)

এ আয়াতের ব্যাখ্যায় নিজ তাফসীর গ্রন্থে লিখেন:-

এ আয়াতে মুহাম্মাদ সা. এর উম্মত শ্রেষ্ঠ উম্মত হওয়ার কারণ বর্ণনা করা হয়েছে যে, সৃষ্টির প্রতি কল্যাণ পৌছানোর জন্যা এদের অস্তিত্ব হয়, আর সবচেয়ে এবং চারিত্রিক কল্যাণ সাধনের পথে প্রচেষ্টা করা খোদ প্রদত্ত দায়ীত্ব এবং সবচেয়ে বেশি সৎ কাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধের পূর্ণতা এই উম্মতের মাধ্যমে হয়েছে যদিও সৎকাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধের দায়িত্ব পূর্ববর্তী উম্মতের উপরও ছিল যার বিস্তরিত বিবরণ সহীহ হাদীসগুলোতে উল্লেখ আছে কিন্তু প্রথমত হল, পূর্ববর্তী অনেক সৎকাজের আদেশও অসৎ কাজের নিষেধ শুধু অন্তর এবং যাবান দ্বারা হত আর মুহাম্মাদ সা. উম্মতে এর (আদেশ-নিষেধের) তৃতীয় ধাপ হাতের দ্বারা সৎকাজের আদেশ ও আর যার মধ্যে জিহাদের সকল প্রকার অন্তর্ভক্ত। এবং রাষ্ট্রীয় ক্ষমতা প্রয়েগের দ্বারা ইসলামের বিধি-বিধান বাস্তবায়নও তার একটি অংশ। (মাআ'রেফুল কোরআন ২/১৫০)

নিখিল ভূবনের শ্রেষ্ঠমানের উম্মত তাই এ উম্মত সর্বসেরা, কারণ তাদের দাওয়াতের পশ্চাতে আছে তারবারী ক্ষমতা।

সৃষ্টির সেরা জীব তারা সর্বশ্রেষ্ঠ জাতি

তলোয়ারের শক্তি যাদের দাওয়াতী কাজের সাথী।

সমাধান -২

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ এর তাফসীরে হযরত আবু হুরায়রা রা. বর্ণনা শুনুন।

قَالَ خَيْرَ النَّاسِ لِلنَّاسِ تَأْتُونَ بِهِمْ فِي السَّلَاسِلِ فِي أَعْنَاقِهِمْ حَتَّى يَدْخُلُوا فِي الْإِسْلَامِ

الصحيح البخارى: 654/2 بَاب { كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ }

মুনুষের মধ্যে অন্যের হকের ব্যপারে সর্বোত্তম ঐ ব্যক্তি যে, কাফেরদের গর্দানে কিল পড়িয়ে বন্ধি করে নিয়ে আসে, অবশেষে ঐ সকল কাফের (তাদের এই কাজের বরকতে) ইসলাম গ্রহন করে নেয়।

সমাধান -৩

এই আয়াতে কারিমায় نهي عن المنكر ও أمر بالمعروف আলোচনা করা হয়েছে। অথচ প্রচলিত দাওয়াত ও তাবলীগের মধ্যে أمر بالمعروف ও نهي عن المنكر নেই। বরং রয়েছে কিছু আবেদন ও অনুরোধ। যাকে আয়াতের মেসদাক সাব্যস্ত করা সংশয় থেকে খালি নয়। বিস্তারিত যানার জন্য দেখুন : আমর নাহী অধ্যায়।

সামধান -৪

এ আয়াতের দুটি অংশ এক. সৎ কাজের আদেশ।

দুই. অসৎ কাজের নিষেধ। দাওয়াতে তাবলীগের লোক শুধু মাত্র এক অংশের উপর আমল করে, তাও এমন অবস্থা যে যদি তাদের এ কাজকে সৎকাজের আদেশ মেনে নেয় হয় কিন্তু তা ‘সৎকাজের আদেশ হওয়ার ব্যপারে সংশয় আছে।

লক্ষণীয়:

এসকল কথার উদ্দেশ্য এটা নয় যে, আমি দাওয়াত ও তাবলীগের কাজের উপকারীতা বা গুরুত্বকে অস্বীকার করছি। বরং দাওয়াত ও তাবলীগের উপকারীতা ও গুরুত্বের অবশ্যই স্বীকার করি। কারণ পূরো জগতে এ মোবারক কাজের সুফল ও ফায়েদা খোলা চোখেই অনুধাবন করা যাচ্ছে। এবং এর উপকারীতা ও সফলকে অস্বীকার করা অতি বাড়াবাড়ি। কিন্তু এর দ্বারা কোন ফরজ হুকুমের হেয় বা ছোট করাও কঠিন বিষয় কেননা আমার শরীয়তের সকল আমলে স্তরভিত্তিক পার্থক্যের বক্তা।

সংশয় -৮

প্রারম্ভিকা :

শরীয়তের অহকাম দুই ধরনের। কিছু তো আছে মৌলিকভাবে ভাল। যেমন: আল্লাহ তা'য়ালার যিকির, নামাজ উত্যাদী। কেননা এতে অক্ষমাত, বিনয়ী, অনুগ্রহকারী কৃতজ্ঞতা আছে যা মৌলিকভাবেই ইবাদত। আর ধরণের অহকামকে "হাসান লি আইনিহি" মৌলিক ভাবে ভাল) বলে।

আর দ্বিতীয় প্রকার হল: আহকাম যেগুলো সত্বাজাত ভাবে কল্যাকর নয়। তাতে বাহ্যিক কোন নেই বরং তা শরীয়তের অন্য কোন হুকুমের মধ্যেম হয় যার মূল্যটাই কল্যাণকর। যেমন; অযু, বার বার অযু করার এবং হাত মুখ পরিস্কার থাকা সত্ত্বেও অযু করলে পানির অপচয় হয় ।এরং পানি না থাকলে তায়াম্মুম করার দ্বারা তো ধূলায় ধূসরিত হয়ে যায়, কিন্তু যেহেতু এগুলো নামাজের মাধ্যম (অর্থাৎ নামাজ আদায়ের জন্য এগুলোর প্রয়োজন হয়) যার মূলটাই ভাল, এজন্য পবিত্র শরীয়ত এগুলোর মধ্যেও ভাল গন্য করে নিয়েছে। আর এ ধরনের আহকামকে 'হাসান লি গাইরিহি' (অর্থাৎ অন্যের কারণে কল্যাণকর) বলে।

উদ্দেশ্য:

জিহাদের মূলে কোন কল্যাণ বা সুন্দর্য নেই, কেননা জিহাদের রক্ত প্রবাহিত হয় সম্মানিত মানুষকে হত্যা করা হয়, এবং মানবাঙ্গকে টুকরা টুকরা করা হয় যার দ্বারা মানবতাকে হেয় করা হয়, আবাদী অনাবাদীতে পরিবর্তন হয়ে যায়, স্বামীর ভালবাসেক জলাঞ্জলি দিতে হয়, বাচ্চারা ইয়াতিম হয়, এতো কোন কল্যাণকর কথা নয়। কিন্তু যেহেতু এটা ইসলাম প্রচারের মাধ্যম, আর ইসলামের শুরু থেকে শেষ পর্যন্ত পুরোটাই কল্যানকর। এজন্য জিহাদও কল্যাণকর গন্য করা হয়েছে। সুতরাং মূল বিষয় ইসলামের প্রচারের জিহাদের নয়।

দাওয়াতে তাবলীগের যে কাজ চলছে তার পূরোটাই ইসলামের প্রচার এবং এটা হাসান লি আঈনিহি অর্থাৎ এটার মূলে কল্যাণই আছে, আর জিহাদ হল ইসলাম প্রচারের মাধ্যম এবং এটা হাসান লি গাইরিহি অন্যের কারনে কাল্যাণ মেনে নেয়া হয়েছে। অর্থাৎ যেহেতু দাওয়াত ও তাবলীগ ইসলামের সবচেয়ে উঁচু হুকুম পালন করছে তাই জিহাদের ফযীলতের আসল এবং সর্বপ্রথম উপযুক্ত ব্যক্তি এসকল লোকই (দাওয়াত ও তাবলীগের লোক)।

সুতরাং দাওয়াত ও তাবলীগের লোকেরা যদি জিহাদে না যায় তাহলে জিহাদ ছাড়ার শাস্তির আওতাধীন হবে না। এবং তাদেরকে জিহাদ পরিত্যগকারীও বলা যাবে না। বরং দাওয়াত ও তাবলীগের কাজ ছেড়ে জিহাদে যাওয়া তো বড় কাজ ছেড়ে ছোট কাজের দিকে (যাওয়া) আসল ছেড়ে শাখার দিকে এবং হাসান লি আইনিহি ছেড়ে হাসান লি গায়রিহির দিকে যাওয়ার নামন্তর।

সামধান -১

শরীয়তের সকল আহকামেই কল্যাণকর বিদ্যমান, কোনটার মধ্যেই দোষ-ত্রুটি নেই। আর ফুকাহায়ে কেরাম আমাদের মত নগন্যদের জন্য হাসান লি আইনিহি এবং হাসান লি গায়রিহির প্রকারভেদ করে দিয়েছেন, যাতে আমরা শরীয়তের প্রত্যেকটি হুকুমের স্তর ও মর্যাদা অনুধাবন করতে পারি, এবং প্রত্যেকটিকে স্তর অনুযায়ী গুরুত্ব দেই। কিন্তু এর কোন একটিকে হেয় প্রতিপন্ন করা ঈমান ধ্বংসের কারণ হিসেবে যথেষ্ঠ।

সমাধান -২

এ ব্যপারে তো কোন সন্দেহ নেই যে জিহাদ হাসান লি গায়রিহি কিন্তু দাওয়াত ও তাবলীগ হাসান লি আইনিহি নয় বরং হাসান লি আঈনিহি হল এলায়ে কালিমাতুল্লাহ আল্লাহর কালিমাকে বুলন্দ করা। আর জিহাদ আল্লাহর দ্বীনকে সমুন্নত করার মাধ্যম হয় যেমনটা হাদীসে স্পষ্ট আসে যে,

عن أبي موسى قال قال رسول الله صلى الله عليه وسلم : (من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله عز و جل)

- صحيح البخارى:394/1 باب من من قاتل لتكون كلمة الله هي العليا. رقم الحديث:2810 - صحيح مسلم:139/2 باب من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله. رقم الحديث:4882 - مسند أحمد :508/14 رقم الحديث:19435

যে আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য জিহাদ করল সে আল্লাহর রাস্তায় আছে। (বুখারী, মুসলিম)

এজন্য শুধু একথার উপর ভিত্তি করে জিহাদ থেকে দুরে থাকা যে, জিহাদ হাসান লি গায়রিহী এবং বর্তমানে প্রচলিত তাবলীগের উপর এ ভিত্তিতে ক্ষ্যন্ত থাকা যে তা হাসান লি আইনিহি অতপর আর আগে বেড়ে জিহাদের গুরুত্বকে নি:শ্বেস করা ও জিহাদ পরিত্যাগ অপরাধকে না মানা বরং খুশি হওয়া এবং এভেবে বগল দাবানো যে,ক্ষত-বিক্ষত ও নিহত হওয়া থেকে জান বেঁচে গেছে আর মুজাহিদদের সকল ফযীলত বরং তার চেয়েও বেশি ফযীলত অর্জন হয়ে গেছে।এতো বড় ধরনের জুলুম এবং নিজেকে ধোকায় ফেলার নমান্তর।

সমাধান -৩

জিহাদ যদিও হাসান লি গায়রিহি (অন্যের কারণে তাতে কল্যাণ মেনে নেয়া হয়েছে।) কিন্তু এর দ্বারা জিহাদের গুরুত্ব তো শেষ হয়ে যায়নি, কেননা এটার উপর আল্লাহর দ্বীন সমুন্নত করা নির্ভরশীল। উদ্দেশ্য যত উচু হয় তা যার উপরে নির্ভরশীল তার গুরুত্বও তেমন বাড়ে। আর যার উপরে কোন বস্তু নির্ভরশীল হয় তা ভিত্তি প্রস্তরের মর্যাদা রাখে। এবং কোন বিল্ডিং বা প্রাসাদ ভিত্তি প্রস্তর ছাড়া প্রতিষ্ঠিত হতে পারে না।

উদাহরণঃ

যদি কোন ব্যক্তি একটি বিল্ডিং দাড় করাতে চায় মরমর পাথর আর কাঁচের উপর কিন্তু ভিত্তিতে কংক্রিট লোহাকে শুধু একরণে দেয়নি যে, আমার ঘর তো মরমর পাথরের যা খুব সুন্দুর আর এ লোহা ও কংক্রিটগুলো তো নিম্নমানের জিনিস আমি এগুলোকে আমার ভিত্তিতে কেন ব্যবহার করবো?

তো এ ব্যক্তিকে বলা হবে যে, হে আহমাক! যদি নিজের ঘর মজবুত করতে ও দীর্ঘস্থায়ী করতে চাও তাহলে এ কংক্রিট ছাড়া বানানোর চিন্তা করোনা। তানাহলে তোমার এ বাড়ী হালকা ঝাঁকুনিও সইতে পারবে না। অনুরূপ ভাবে ইসলামের ভিত্তিতে জিহাদ ফী সাবীলিল্লাহ প্রবাহিত রক্ত এবং শরীরের টুকরা যদি ও স্বভাব তা অপছন্দ করে না হত তাহলে ইসলামের দালান অনেক দুর্বল হতো। কিন্তু আমাদের প্রিয় নবী সা. নিজের চাচা শহীদানের সর্দার হযরত হামজা রা. মুসআব ইবনে উমায়ের রা. মত শাহাজাদাদের রক্তের উপর ইসলামের ভিত্তিস্থাপন করেছেন। তারপর ইসলাম যিন্দা হয়েছে এবং যিন্দা থাকাবে ইনশাআল্লাহ!

বাহ্যত হয় তিক্ত যদিও ভিতরে মিষ্ট স্বাদ

যে যাই বলুক আসলে পছন্দই জিহাদ

অথবা

দেখতে মাকাল কিন্তু সেটা মিষ্ট মুধুর ফল

বাস্তবে ভাই জিহাদ খোদার পছন্দের আমল।

সমাধান -৪

দেখুন! অযু তো হাসান লি গায়রিহি এবং তা নামজের মাধ্যম। এখন যদি কোন ব্যক্তি একথা বলে যে, আমার শরীর তো পরিষ্কার আছে, মাত্র গোসল করেছি। যদি সামান্য বায়ূ বের হয় তাতে কী হয়েছে! অযুর উদ্দেশ্য তো শরীরের পরিচ্ছনতা এবং প্রবিত্রতা তাতো আমার (অর্জন) আছে। সুতরাং আমি অযু করি না। তো এখন কি তার নামাজ গ্রহনযোগ্য হবে?

না হবে না, কখনো হবে না। কেননা অযু যদিও হাসান লি গায়রিহি কিন্তু নামাজ তার উপর নির্ভরশীল। যতক্ষণ পর্যন্ত যার উপর নির্ভর করা হয় তা অর্জন হবে না। তদ্রুপ যদি জিহাদ না হয় তাহলে কসম ঐ খোদার যিনি এ উম্মতের উপর জিহাদ ফরজ করেছেন। আল্লাহর দ্বীন কশ্মিনকালেও বিজয়ী হবে না।

সমাধান -৫

জিহাদ ব্যতিত আজ পর্যন্ত আল্লাহর দ্বীনের উঁচু হয়েছে, না কিয়ামত পর্যন্ত হবে। কিছু মানুষ কলিমা পড়ে ইসলাম গ্রহণ করে নেয়া এবং মুসলমানের ন্যায় নামাজী ও রোজাদার বরং যথাসম্ভব শরীয়ত ওয়ালা হওয়ালা হওয়ার নাম আল্লাহর দ্বীনর সমুন্নত দ্বারা উদ্দেশ্য হল, ইসলামের বিজয় হওয়া, অর্থাৎ ইসলামী আঈন বিজয়ী হওয়া, এবং শরীয়তের আহকাম প্রয়োগ হওয়া।

সারকথা হল, কিছু লোক মুসলমান হয়ে যাওয়া অথবা কিছু লোক দ্বীনদার হয়ে যাওয়া ভিন্ন বিষয়, আর মুসলমান হয়ে যাওয়া অথবা কিছু লোক দ্বীনদার হয়ে যাওয়া ভিন্ন বিষয় আর মুসলমান মুসলমান হিসেবে বিজয়ী হওয়া। এবং আল্লাহর আঈনকে রাষ্ট্রের সর্বোচ্চ মহলে বাস্তবায়ন হওয়া আরেক বিষয়।

সুতরাং দুনো বিষয়ের মধ্যে পার্থক্য না করা এবং পার্থক্য না বুঝা বড় মূর্খতা এবং অজ্ঞতা বৈ কিছু নয়।

আল্লাহ আমাদের সকলকে সঠিক বুঝ দান করুন। আমীন!!

উদাহরণঃ-

কোন এক এলাকায় একজন শাসক থাকে এবং সে এলাকায় লাখো মানুষের উপর তার ক্ষমতাও আছে, শাসক ব্যক্তিটি কফের আর তার জনগন সকলেই মুসলমান যারা নামজ, রোজা, হজ্জ, যাকাত, যিকির-আযকার, সব আদায় করে। এখন কি আপনি বলবেন এখানে মুসলমান বিজয়ী এবং দ্বীনের বিজয়ী অর্জন হয়েছে?

কখনো না! কেন? কারণ স্পষ্ট, আর তা হল, যখন ঐ লাখো মুসলমানের উপর শাসক কাফের এবং আঈন-কানূন ও কফেরদের বাস্তবায়ন হয়, তখন ইসলামের বিজয় কীভাবে অর্জন হয়? বরং এটা তো ঐ এলাকার মুসলমানদের জন্য অপমান এবং লাঞ্চনা যে, সংখ্যায় লাখ হওয়া সত্বেও একজনের সামনে অসহায়।এর বিপরিত যদি কোথাও শাসক মুসলমান হয় আর তার অধীনে লাখো কাফের থাকে যারা নিজেদের ধর্মের উপর আমল করে। কিন্তু আঈন-কানুন বাস্তবায়ন হয় ইসলামী এবং তারা এমন কোন বিশৃঙ্খলাও করতে পারে না যার অনুমতি শরীয়তে যিম্মিদেরও দেয়না তাহলে বলতে পারবেন যে, এখানে মুসলমান যদিও অল্প বা একদমই নেই কিন্তু ইসলাম বিজয়ী এবং আল্লাহর দ্বীন সমুন্নত হয়েছে।

সারকথাঃ

উসূলে ফেক্হার কিতাবে ফুকাহায়ে কেরাম একথা স্পষ্ট বলে দিয়েছেন যে,

الجهاد حسن بواسطة دفع شر الكفرة وإعلاء كلمة الحق – أصول الشاشي

কাফেরদের অনিষ্ট দমন করা এবং আল্লাহর দ্বীনকে সমুন্নত করার মাধ্যম হিসেবে জিহাদ কল্যাণকর।

জিহাদের উদ্দেশ্য হল, কাফেরদের অনিষ্ট প্রতিহত করা এবং সত্য বাণী অর্থাৎ ইসলামের বিজয়, এখন নিজেই ইনসাফের দৃষ্টিতে দেখুন, এ দুই বিষয় অর্থাৎ

কাফেরের অনিষ্ট দূর করা এবং ইসলামের বিজয় জিহাদ ছাড়া অন্য কোন পথে হচ্ছে, না হওয়া সম্ভব ! অবশেষে আমরা যতই তাবলীগ করি আখলাক পরিশুদ্ধ হয়ে যায়, আমাদের অন্তরে দ্বীন নিশ্চিন্ন হয়ে যাওয়ার দরদ যতই সৃষ্টি হয় আমরা কি সবক্ষেত্রে রাসূল সা. এবং সাহাবায়ে কেরামগণের আগে বাড়তে পারবো? না,না, কখনো না। সুতরাং যখন তাঁদের মত ব্যক্তিদেরও তরবারী ধারণ করতে হয়েছে, তখন এটা কিভাবে সম্ভব যে, তরবারী ধারন করা ব্যতিত কফেরদের অনিষ্ট দূর করে ফেলব এবং ইসলামকেও বিজয়ী করব। ফুকাহায়ে কেরাম একথা ও স্পষ্ট ভাবে বলেছেন:

لولا الكفر المفضى إلى الحرب لا يجب عليه الجهاد – أصول الشاشى

অর্থাৎ যখন এমন কুফুর যা যুদ্ধের কারণ হয় তা না থাকে তাহলে জিহাদও ফরজ থাকে না। এখন চিন্তা করুন আজ কুফুর যুদ্ধের কারণ বা হেতু হয়, তা কি শেষ হয়ে গেছে? যে, আমরা জিহাদ ছেড়ে দিব? যখন এমন নাপাক কুফুর বিদ্যমান আছে। ইসলাম ও আল্লাহর নিদর্শনগুলোকে হেয় প্রতিপন্ন করছে, মুসলমানদের ইজ্জত নিয়ে খেলা করছে, এবং সম্মানের হানি করছে তখন কুফুর থাকা সত্বেও অপনি একথা বলতে পারবেন যে, আমরা জিহাদ না করেও জিহাদের ফুযিলত অর্জন করছি? এজন্য যতক্ষণ পর্যন্ত কাফেররা অনিষ্ট থেকে বিরত না হবে, জিযিয়া দিয়ে জীবন অতিবাহিত না করবে,এবং ইসলাম বিজয়ী না হবে, আল্লাহর আঈন বাস্তবায়ন না হবে ততক্ষণ পর্যন্ত জিহাদ শেষ হবে না। আর প্রচলিত দাওয়াত ও তাবলীগের জিহাদ থেকে অধিক ফযিলত তো দূরের কথা জিহাদের বরাবর মনে করা স্পষ্ট ভ্রান্তি, মূর্খতা এবং অজ্ঞতা (বৈ কিছু না)।

ফায়েদা :

উসুলে ফেকহার কিতাবে ফুকাহায়ে কেরাম একথা বলে দিয়েছেন যে, অযু ও জিহাদ ভিন্ন কারণে কল্যানকর। কিন্তু উভয়ের মাঝে পার্থক্য আছে, আর তা হলো

অযুর কল্যাণ নামাজের কারণে। আর অযুর পর নামাজ আলাদা অদায় করতে হয়। শুধু অযু করার দ্বারা নামজ আদায় হয় না।

কিন্তু জিহাদের মধ্যে কল্যাণ আল্লাহর দ্বীন সমুন্নত করার করণে, আর জিহাদের পর আল্লাহর দ্বীন আপনা আপনি সমুন্নত হয়ে যাবে। এজন্য আমাদের আবেদন! আল্লাহর দ্বীন সমুন্নত করার ব্যাখ্যা নিজেদের পক্ষ থেকে না করে শরীয়ত যে ব্যাখ্যা করেছে তা বর্ণনা করুন যা শরীয়তে বলেছে। আল্লাহ আমাদের হক্ব বলার, হক্বশুনার, হক্ব বুঝার এবং হক্বের উপর আমল করার তৌফিক দান করেন। আমীন, ইয়া রব্বাল আলামীন!!

সংশয় -৯

عن فضالة بن عبيد ان رسول الله صلى الله عليه و سلم قال : ....والمجاهد من جاهد نفسه في طاعة الله عز و جل.

- مسند أحمد: 24013 - سنن الترمذى: 2627 - سنن النسائى: 4995 باب صفة المؤمن

(প্রকৃত মুজাহিদ ঐ ব্যক্তি যে আল্লাহর অনুগত্যে তার নফসের সাথে জিহাদ করে) এই হাদীসে নফসের সাথে জিহাদকে জিহাদ বলে ব্যক্ত করেছে, বরং একটু বাড়িয়ে বলেছে যে, মুজাহিদ সেই ব্যক্তিই যে নিজের নয়সের সাথে জিহাদ করে। অঅসল ও উর্দ্ধ পর্যায়ের জিহাদ হল নফসের সাথে জিহাদ করা। ক্বীতাল নয়। এই জন্য শুধু ক্বীতালকে জিহাদ ফী সাবীলিল্লাহ বলা ঠিক নয়।

সমাধান -১

হাদীস শরীফের মর্ম হল, আসল ও প্রকৃত মুজাহিদ ঐ ব্যক্তি যে তার নফসকে আল্লাহ তা'য়ালার আনুগত্য ও অনুগামীতে রেখে দিয়েছে। অর্থাৎ জিহাদ তখনি জিহাদ হবে যখন শুধু আল্লাহ তা'য়ালার সন্তুষ্টির জন্যই করা হবে। যদি অন্য কোন উদ্দেশ্যে জিহাদ করা হয় যেমন জাতীয়তার জন্য স্বদল প্রীতির জন্য দেশাত্মবোধের জন্য লোক খোনের জন্য প্রসিদ্ধির জন্য তাহলে কখনই জিহাদ হবে না।

যেরূপ এই হাদীসের মধ্যে في طاعة الله (আল্লাহর অনুগত্ব্য) শব্দমালা এনে এর প্রতি লক্ষ্য রাখা হয়েছে। এ বিষয়টা পরিপূর্ন এমনি। যেমনটি এক দুই রেওয়ায়েতে রয়েছে। যে, হযরত মুসা রা. বলেন: এক ব্যক্তি রাসূল সা. এর দরবারে উপস্থিত হয়ে বলল: হে আল্লাহর রাসূল স. এক ব্যক্তি গণিমতের জন্য যুদ্ধ করে। দ্বিতীয় জন প্রসিদ্ধতা ও লোক দেখানোর জন্য যুদ্ধ করে তাদের মধ্য হতে কে আল্লাহর রাস্তায় যুদ্ধ করে।

রাসুল সা. বললেন:

عن أبي موسى قال قال رسول الله صلى الله عليه وسلم : (من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله عز و جل)

- صحيح البخارى:394/1 باب من من قاتل لتكون كلمة الله هي العليا. رقم الحديث:2810 - صحيح مسلم:139/2 باب من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله. رقم الحديث:4882 - مسند أحمد :508/14 رقم الحديث:19435

যে আল্লাহর দ্বীনকে সমুন্নত করার জন্য যুদ্ধ করে সেই আল্লাহর রাস্তায় রয়েছে।

সমাধান -২

যদি হাদীসের মর্ম এটা নেওয়া হয় যা সাধারনত নেওয়া হয়ে থাকে। অর্থাৎ কামেল মুজাহিদ সেই যে নিজের নয়সের বিরুদ্ধে জিহাদ করে। তাহলে তুমি নিজেই চিন্তা করো যেভাবে একজন মুজাহিদ নিজের নফসের সন্তানাদী, প্রিয়জন, অত্মীয়-স্বজন থেকে দূরে থাকা এমনকি নিজের সন্তানদেরকে যুদ্ধের ময়দানে মৃত্যু মুখে পতিত করা। এবং উত্তপ্ত গরম, প্রচন্ড ঠান্ডায় যুদ্ধ কালিন ভিতিকর পরিস্থিতির মাঝে নামাযের গুরুত্ত দেওয়া ঘরহীন হয়ে নিজেকে বসবত করে শরীয়তের বিধি-বিধানের প্রতি লক্ষ্য রাখা। নিজের সবচেয়ে দামী জিনিস জানকে শংকায় ফেলে আল্লাহর সন্তুষ্টির অনুসন্ধান করা, কোন জিনিস কি উহার দৃষ্টান্ত পেশ করতে পারে? (কখনো না) তাহলে এক জন মুজাহিদই সবার চেয়ে আগে বেড়ে নফসের বিরুদ্ধে জিহাদ করে।

রক্তের ধারা গতিহারা হলে

ফাসাদ বৈ ছাড়বে কি?

আত্মার জিহাদের লক্ষ্য তো শুধু

স্বশস্ত্র জিহাদই।

সমাধান -৩

যদি হাদীসের মর্ম এমন নেওয় হয় যে, কামেল মুজাহিদ ঐ ব্যক্তি যে নিজের নফসের বিরুদ্ধে জিহাদ করে অর্থাৎ যুদ্ধের মাঠ উত্তাপ আর মুসলমানদের ইজ্জতে, জান-মালে, মা-বোনদের সম্মানে, স্বতীত্বে, শংকা পতিত হয় এবং মুসলমানদের প্রয়োজন থেকেও পালায়ন করে। শরীয়ত ময়দানে আসার আহবান জানায় আর হযরত নিজের রুমের দরজা খোলারও নিয়ত করে ন। যে, আমারা নফসের ইসলাহ করছি। তাহলে চিন্তা করো। ইনসাফ করো। সত্য বলো। আর ফায়সালা করো এটাকি নফসে আম্মারার খারাবী নাকী নফসের গোলামী। তাহলে এটা কত বড় অভিসপ্ত ইবলিসের ধোঁকা। আল্লাহ আমাদের সকলকে উহা থেকে হেফজত করুক। আমীন!!!

সমাধান–৪

যদি কেউ ঈমানের রোকন সমূহের ও স্বীকার না করে এবং ইহা বলে যে, মুমিন হওয়ার জন্য আল্লাহ তায়ালার সত্ত্বা, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রিসালাত, ফেরেশতা, কিয়ামত, তাকদীর, কবরের আযাবের উপর বিশ্বাস স্থাপনের প্রয়োজন নেই বরং প্রকৃত মুমিন তো সেই, যার থেকে মানুষের জান মাল নিরাপদ থাকে। আর দলীলের জন্য এই হাদীস পেশ করেঃ

..... والمؤمن من أمنه الناس على أموالهم وأنفسهم......

(অনুবাদঃ প্রকৃত মুমিন হল ঐ ব্যক্তি যার থেকে মানুষের জান মাল নিরাপদে থাকে) আবার কেউ কালেমায়ে তাইয়্যিবা স্বীকার করে না । আর একথা বলে যে, মুসলমান হওয়ার জন্য ইসলামের রোকন সমূহের উপর বিশ্বাস স্থাপন করার প্রয়োজন নেই। বরং প্রকৃত মুসলমান হল ঐ ব্যক্তি যার জবান ও হাত থেকে লোকেরা নিরাপদে থাকে। আর দলীল হিসাবে এই হাদীস পেশ করেঃ

....المسلم من سلم المسلمون من لسانه ويده.......

অনুবাদ প্রকৃত মুসলমান হল ঐ ব্যক্তি যার হাত ও জবান থেকে অন্য মুসলমান নিরাপদে থাকে । আবার কেউ আল্লাহর দ্বীনের জন্য নিজের দেশ পরিত্যাগকারীদের শ্রেষ্ঠত্ব ও গুরুত্বকে অস্বীকার করে এই বলে যে, প্রকৃত মুহাজির তো সেই ব্যক্তি যে গুনাহ বর্জন করে। আর দলীল হিসেবে এই হাদীস পেশ করে:

....والمهاجر من هجر الخطايا والذنوب....

অনুবাদ: প্রকৃত মুহাজির ঐ ব্যক্তি যে গুনাহ সমূহ বর্জন করে।

এখন তুমি এমন বদ আকীদা ও বেদ্বীন লোকদের ব্যাপারে কি বলবে?

সুস্পষ্ট যে, এই সব বাক্য সমূহের মর্ম হল মুমিনের জন্য আবশ্যক হল, সঠিক আক্বীদা বিশ্বাসের সাথে সাথে বান্দার হক আদায়কারী মুসলমানদের জন্য বান্দার হক্ব আদায় করা থেকে উদাসিন না হওয়া উচিৎ। এবং আল্লাহর দ্বীনের সার্থে নিজের মাতৃভূমি, দেশ ত্যাগকারীর জন্য গুনাহ ছাড়া উচিৎ তেমনিভাবে আল্লাহ রাস্তায় যুদ্ধকারীকেও শরীয়তের বিধানাবলীর প্রতি লক্ষ্য রাখা উচিৎ।

এ ব্যাপারে পূর্ণ হাদীস এই যা বরকত ও ফায়দার জন্য লেখা হল:

عن فضالة بن عبيد ان رسول الله صلى الله عليه و سلم قال : في حجة الوداع الا أخبركم من المسلم من سلم المسلمون من لسانه ويده والمؤمن من أمنه الناس على أموالهم وأنفسهم والمهاجر من هجر الخطايا والذنوب والمجاهد من جاهد نفسه في طاعة الله عز و جل.

- مسند أحمد: 24013 - سنن الترمذى: 2627 - سنن النسائى: 4995 باب صفة المؤمن

হযরত ফুযালা ইবনে উবায়দ রা. থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সা. বিদায় হজ্বে বলেছেন: আমি কি তোমাদেরকে প্রকৃত মুমিনের ব্যাপারে সংবাদ দিবো না? প্রকৃত মুমিন ঐ ব্যক্তি যার অনিষ্ট থেকে মানুষের জান-মাল নিরাপদে থাকে। প্রকৃত মুজাহিদ

ঐ ব্যক্তি যে আল্লাহর আনুগত্যে নিজের নফসের সাথে জিহাদ করে। আর প্রকৃত মুহাজির ঐ ব্যক্তি যে গুনাহ সমূহ বর্জন করে।

বিশেষ ফায়েদা:

(নফসের জিহাদের বাস্তবতা এবং একটি প্রতারনা) নফসের সাথে জিহাদ করার অর্থ হল এই যে, নিজের নফস ও জীবন নিয়ে যুদ্ধের ময়দানে আদা নুন খেয়ে নামা। যেমনিভাবে মালের সাথে জিহাদ করার অর্থ হল, নিজের মালকে আল্লাহর রাস্তায় খরচ করা। আয়াতে লক্ষ্য করুন:

إِنَّ الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ فِي سَبِيلِ اللّٰهِ (سورة الأنفال-72)

অনুবাদ : নিশ্চয় যারা ঈমান এনেছে, হিজরত করেছে এবং নিজদের মাল ও জান দিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ করেছে.......

আর হাদীস শরীফে আসছে:

القتلى ثلاثة رجل مؤمن جاهد بنفسه وماله في سبيل الله

- **صحيح لإبن حبان** : 168/10 ذكر البيان بأن الأنبياء لا يفضلون الشهداء إلا بدرجة النبوة فقط رقم الحديث : 4663

(নিহত তিন শ্রেনির এক. মুমিন যে নিজের জান ও মাল দ্বারা আল্লাহর রাস্তায় জিহাদ করে।) কুরআন ও হাদীসের যেখানেই جهاد بالنفس (জিহাদ বিন্ নফস) ও جهاد بالمال (জিহাদ বিল মাল) এসেছে সেখানে এই অর্থই উদ্দেশ্য। কিন্তু সম্প্রতি جهاد بالنفس (জিহাদ বিন নফস) এর অর্থ ব্যপকভাবে এটা নেওয়া হয় যে, নফসের বিরুদ্ধে জিহাদ করো। নফসের বিরুদ্ধে জিহাদ করো।

নফসের চাহিদার বিরুদ্ধে জিহাদ করো। কিন্তু এই ব্যক্ষ্যা جهاد بالمال (জিহাদ বিল মাল) এর ক্ষেত্রে কেন করা হয় না। হায়! বর্তমান যুগের কোন বিচক্ষন ব্যক্তি এই দর্শনের উপর দৃষ্টি দিতো।

সংশয় -১০

قدم على رسول الله صلى عليه وسلم قوم عزاة فقال قدمتم بخير مقدم من الجهاد الأصغر إلى الجهاد الأكبر قيل وما الجهاد الأكبر مجهادة العبد هواه ،

অর্থ: নবীজি সা. এর নিকট একদল মুজাহিদ আগমন করলেন তখন নবীজি বললেন: তোমরা জিহাদে আসগার থেকে জিহাদে আকবার এর দিকে প্রত্যাবর্তন করেছ। কেহ জিজ্ঞাসা করলো জিহাদে আকবর কি? নবীজি সা. বললেন: নিজ খাহেশাতের বিরুদ্ধে জিহাদ করা। (তাফসিরে কাশশাফ)

এ বর্ননায় নবীজি সা. আপন যবান মুবারকে মুজাহাদা ও আত্বশুদ্ধিকে শুধু জিহাদই বলেননি বরং জিহাদে আকবর বলেছেন। এতো স্পষ্ট বর্ননা থাকতে জিহাদের অর্থ শুধু ফী সাবীলিল্লাহ বলা কোন ভাবেই সঠিক নয়।

সমাধান -১

আসুন আমরা খুব সংক্ষেপে একটি জরিপ করি যে, মুহাদ্দিনে কেরাম এই বর্ননার ব্যপারে কি বলেছেন। মুখতাসার প্রনেতা আল্লামা পাটনি রহ. বলেন:

رجعنا من الجهاد الأصغر إلى الجهاد الأكبر ضعيف ـ تذكرة الموضوعات

এই বর্ননাটি জইফ দুর্বল। (তাজকিরাতুল মাওজুআত)

আল্লামা শাসুদ্দিন যাহাবী রহ. বলেন: ইহা হাদিস নয় বরং মুহাম্মাদ ইবনে আবালা এর বাণী। (সিয়ারু আলামিন নুবালা)

محمد بن زياد يقول : سمعت إبن أبى عبلة وهو يقول لمن جاء من الغزو قد جئتم من الجهاد الإصغر إلى الجهاد الأكبر جهاد القلب ـ سير أعلام النبلاء جـــــ6

মুফতীয়ে বাগদাদ আল্লাম আলুছি রহ. বলেন: এ বর্ণনাটির কোন ভিত্তি নেই। (রুহুল মাআনি) والحديث الذي ذكره لا أصل له ـ روح المعاني جـــــ3

আল্লামা ইবনে তাইমিয়্যা রহ. বলেন: এ বর্ণনাটির কোন ভিত্তি নেই।

أما الحديث الذي يرويه بعضهم أنه قال في غزوة تبوك : رجعنا من الجهاد الأصغر إلى الجهاد الأكبر فلا أصل له.

সমাধান -২

এ কথাটিকে যদি হাদীস বলে ধরে নেয় হয়, তাহলে কোরআনে কারীমের নিম্নক্ত আয়াতটির বিপরিত হয়ে যায়। অথচ কোরআন ও হাদীসের মাঝে বৈপরিত্ব অসম্ভব। সুতরাং ইহা বলতেই হবে যে, বর্ণনাটি হাদীস নয়।

দেখুন আল্লাহ তা’য়ালা বলেন:

فَضَّلَ اللهُ الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ عَلَى الْقَاعِدِينَ دَرَجَةً (سورة النساء-95)

অর্থ: নিজদের জান ও মাল দ্বারা জিহাদকারীদের মর্যাদা আল্লাহ্ বসে থাকা লোকদের উপর অনেক বাড়িয়ে দিয়েছেন।........

الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللهِ بِأَمْوَالِهِمْ وَأَنفُسِهِمْ أَعْظَمُ دَرَجَةً عِنْدَ اللهِ وَأُوْلَئِكَ هُمْ الْفَائِزُونَ (سورة التوبة -20)

অনুবাদ: যারা ঈমান এনেছে, হিজরত করেছে, আর আল্লাহর পথে নিজদের মাল ও জান দিয়ে জিহাদ করেছে, আল্লাহর কাছে তারা বড়ই মর্যাদাবান আর তারাই সফলকাম।

যদি উপরোক্ত বানীকে হাদীস বলে ধরে নেয়া তাহলে শরীয়তের অতিগুরুত্বপূর্ণ ফরজ বিধান জিহাদ ফি সাবীলিল্লাহকে ছোট করা আবশ্যক হয়ে হড়ে।

আল্লামা মুহাম্মাদ ইবনে লুতফী আদদ্ধবা বলেন: এই হাদীসটি দূর্বল। বরং আল্লামা ইরাকীর সিদ্ধান্ত অনুযায়ী বাতিল। কেননা ইহা সর্বোচ্চ চুড়া বলেছেন। (আল আসরারুল মারফুয়া)

সমাধান -৩

এই বর্ণনার উপর একটি আপত্তি হলো যদি "رجوع " প্রত্যাবর্তন এর অর্থ হয় এক অবস্থা থেকে আরেক অবস্থায় স্থানান্তর হওয়া। তাহলে এই বর্ণনার দ্বারা উদ্দেশ্য এটা সাব্যস্ত হবে যে, নবীজি সা. এরশাদ করেছেন: তোমরা জিহাদে আসগর থেকে অর্থাৎ এমন ক্বিতাল থেকে ফিসে এসেছ যার মধ্যে অত্বশুদ্ধি ও নফসের মুজাহাদা ছিলনা। আর এসেছ এমন জিহাদে আকবর অর্থাৎ এমন আমলের দিকে যার মধ্যে আত্বশুদ্ধি ও মুজাহাদায়ে নফস রয়েছে।

এখন খেয়াল করুন নাউযুবিল্লাহ এত সাহাবায়ে কেরামের কি পরিমান তুচ্ছ করা হলে এটা কি কারো কলিজা সহ্য করতে পারে? সাহাবায়ে কেরামের জিহাদ কি এমন

ছিল যে, তাতে কোন শরীয়তের সীমারেখা আত্মশুদ্ধি ও মুজাহাদার প্রতি কোন লক্ষ্য রাখা হত না। বরং মদিনায় এসে আত্মশুদ্ধি ও মুজাহাদার প্রতি নিমগ্ন হতেন? জিহাদের মধ্যে কি পরিমান মুজাহাদা হয় তা বলার অপেক্ষা রাখে না। বরং নিহত করা। নিহত হওয়া আহত করা, আহত হওয়া থেকে বড় মুজাহাদা আর কি আর কি আছে?

কুরআনে কারীমের ভাষ্য অনুযায়ী।

كُتِبَ عَلَيْكُمْ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَكُمْ (سورة البقرة-216)

তোমাদের উপর লড়াইয়ের বিধান দেয়া হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়........

ইহা মৌলিক ও সত্তাগত ভাবে অপছন্দনীয়।

এখানে এমন কিছু ঘটনার প্রতি ইঙ্গিত করা হবে যার দ্বারা স্পষ্ট হবে যে, সাহাবায়ে কেরাম ক্বিতালের সময়ে কি পরিমান শরীয়তের পাবন্দী ও আত্মশুদ্ধির প্রতি লক্ষ্য রাখতেন।

(১) হযরত উবাদা ইবনে বশির রা. রাতে পাহারা দিচ্ছিলেন এমতাবস্থায় সক্রুর তির এসে তার শরীরে বিদ্ধ হয়। তিনি তখন নামাজ পড়ছিলেন। তখন নামজ ছাড়লেন না ইহা কি মুজাহাদায়ে নফস ছিলেন না।

(২) হযরত মুয়ায রা. বদরের দিন আপন কর্তিত হাত দিয়ে সারা দিন জিহাদ করছেন কর্তিত যখন সমস্য মনে হলো তখন পায়ের নিচে রেখে টান দিয়ে ছিড়ে ফেললেন ইহা কি মুজাহাদায়ে নফস নয় ? জিহাদে মশগুল হলেন ।

(৩) খন্দকের যুদ্ধে রাসূল সা. এর সাথে সাহবায়ে কেরাম পেটে পাথর বেধে কাজ করছেন। ইহা কি মুজাহাদায়ে নফছ নয়?

(৪) তিন সাহাবী মৃত্যুর কাছাকাছি হয়েও সাহাদাতের পেয়লা পান করলেন। পিপাশার তিব্রতা সহ্য করে অপর ভাইকে প্রধান্য দিলেন। ইহা কি মুজাহাদায়ে নফস নয়?

(৫) হযরত আলী রা. এক ইয়াহুদিকে ধরাশায়ী করলেন যখন শরীর থেকে গর্দান পৃথক করবেন তখন আলী রা. কে থুতু মারলেন, তিনি তাকে ছেড়ে দিলেন। এই ভেবে যে, এতে আমার ব্যক্তিগত রাগ এসে গেছে। ইহা কি মুজাহাদায়ে নফস নয়?

(৬) সারিয়্যাতুল আম্বারে সাহাবায়ে কেরাম একটি করে খেজুর প্রতিদিন গ্রহন করতেন। ইহা কি মুজাহাদায়ে নফস নয়?

উপরোক্ত কতিপয় ঘটনা প্রক্ষান্তরে হিসেবে পেশ করা হল, যাতে স্পষ্ট হয়েছে যে, সাহাবায়ে কেরাম জিহাদের মূল সময়ও ইখলাস মুজাহাদাও আল্লাহা সুবহানাহু তা'য়ালার প্রতি মনোনিবেশ সামান্য পরিমান গাফেল হতেন না। হযরত শাইখুল হিন্দ রহ. এর বাণী: হযরত মাও মুফতী মুহাম্মাদ রাফি উসমানি সাহেব দা.বা. মুহতামিম দারুল উলুম করাচি লেখেন আমার সম্মানিত পিতা মুফতী আযম পাকিস্তান মুহাম্মাদ শফি রহ. বলতেন: যনৈক ব্যক্তি শাইখুল হিন্দ মাহমুদুল হাসান রহ. কে জিঞ্জাসা করল সুফিয়ায়ে কেরাম মুরিদদেরকে যেমন মুজাহাদ ও রিয়াজত করান নবীজি তো সাহাবায়ে কেরামদেরকে যেমন মুজাহাদা কখনো করান নি তবে কেন সুফিয়ায়ে কেরাম এমন করেন? হযরত শাইখুল হিন্দ রহ. বলেন হুবহু শব্দ তো স্বরণ নেই শুধু বিস্তারিত বর্ণনা করছি। মূল কথা হলো তরিকতের মধ্যে মুজাহাদা ও রিয়াজত আসল উদ্দেশ্যে হয় না। বরং অভ্যন্তরিন আখলাকের সংশোধন উদ্দেশ্য হয়ে থাকে। যার সার কথা হলো আল্লাহ তা'য়ালার সাথে সম্পর্ক গড়ে যায় এবং দৃড় হয়। আর নফস যেন শরীয়তের অনুশারী হয়ে যায়। এই উদ্দেশ্যকে অর্যন করার জন্য নফসের চিকিৎসা স্বরুপ মুজাহাদা করানো হয়। যাতে নফস কষ্টও খাহেশতের বিরোধিতা করতে অব্যস্ত হয়। যখন এই অভ্যাস বৃদ্ধি পায় তখন শরীয়তকে মান সহজ হয়ে যায়।

এর পর শরীয়তের উপর আমল করার জন্য শুধু দিক নির্দেশনার প্রয়োজন দেখা দেয় যা মুর্শিদ আগাম দেয়। এই উদ্দেশ্যে নবীজির সাহয্যে জিহাদের মাধ্যমে সাহবায়ে কেরামের এত পরিমান অর্যন হতো যে, অতিরিক্ত কোন মুজহাদা বা রিয়াজতের প্রয়োজন থাকতো না। তারা এক জিহাদের মধ্যে সুলক ও তরিকতের এমন উচ্চ মাকাম ত্বয় করতেন যা হাজার হাজার বছর ধারে অন্যদের অর্যন করা সম্ভব নয়। কেননা জিহাদই একটি বড় মুজাহাদা। রুহানি ও বাতেনি উন্নত ও তায়াল্লুক মা'আল্লাহ এর জন্য পরশ পাথর।

একটি স্মরনীয় ঘটনা

সমাধান -৪

আমার ভালো করে মনে আছে যে, আজ থেকে সতের বছর পূর্বের কথা: যখন আমি জামে মসজিদ বুরহাওয়ালী শাখার মন্ডিতে পড়তাম তখন উস্তাদে মুহতারাম শাইখুল হাদীস ইমামে আহলে সুন্নাত ওয়াল জামায়াত মাওলানা মুহাম্মাদ সাফরাজ খান সফদার সাকলের দরসে বলেন : رجعنا من الجهاد الأصغر إلى الجهاد الأكبر। এটাকে হাদীস বলে মেন নিলে এর উদ্দেশ্য হলো সাহবায়ে কেরাম এক গাজওয়া থেকে ফিরলেন। সেখানে অনেক আহত সাহাবী ছিলেন দৃর্ঘ দিন যবত ঘর থেকে দূরে ছিলেন এবং শহীদদের কারনে অন্তর ভারাক্রান্ত ছিলো। এমতাবস্থায় তার দ্বিতীয় বার জিহাদে ধাবিত হলেন। তখন রাসূল সা. বললেন: رجعتم من الجهاد الأصغر إلى الجهاد الأكبر তোমরা ছোট থেকে বড় জিহাদের প্রতি ফিরিতেছ। সুস্পষ্ট বিষয় হলো এখানে গাযওয়া সমুহের মধ্যে এক গাযওয়াকে বড় আর এক গাযওয়াকে ছোট বলা হয়েছে। সুতরাং এখন কোন আপত্তি থাকলো না।

জিহাদ আকবার তো হল স্বাধের প্রাণ বিসর্জন

জিহাদে আকবার তো হলো কুফুরের অনিষ্ট দমন।

জিহাদে আকবার:

এখন আসুন দেখি জিহাদে আকবারের বাস্তবতা কি এখানে বিস্তারিত আলোচনা না করে শুধু একটি বর্ণনা উল্লেখ করবো আল্লামা মোহাম্মাদ ইবনে আলী শাওকানী রহ. নিম্নোক্ত আয়াতের ব্যক্ষায় লেখেন: وَجَاهِدُوا فِي اللهِ حَقَّ جِهَادِه এর দ্বারা উদ্দেশ্য হলো বড় জিহাদ। আর তা হলো কফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা। তাদেকে প্রতি হত করা যখন তারা মুসলমান রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ করেন। (ফতহুল কাদির : ৩)

জিহাদে আকবার হলো প্রান উৎসর্গ কুফুরের বিনাশ। সংসয় । কিন্তু এই বর্ণনা উপর প্রশ্ন যাগে যে, ক্বিতালও গাযওয়ায়ে জিহাদে আকবার বলার দ্বারা অন্যান্য আমল সূমহ জিহাদ বলে সাব্যস্ত হবে। যদিও তা জিহাদে আসগর। সুতরাং আপনি যে জিহাদের অর্থ যে শুধু ক্বিতাল করছেন তা তিন খন্ড হয়ে গেল। পূর্বেই বলেছি যে, জিহাদ ফী সাবীলিল্লাহ র অর্থ ক্বিতাল ফী সাবীলিল্লাহ কিন্তু কখনো যেহেতু সাদৃশ্যতার কারনে রুপক অর্থে অন্য আমলকে জিহাদ বলা হয়েছে। প্রকিত পক্ষে এর মধ্যে আসল জিহাদ যেহেতু ক্বিতাল ফী সাবীলিল্লাহ । এই কারনে তাকে কখনোও তাকে জিহাদে আকবার বলা হয়েছে।

কিন্তু ক্বিতাল ফী সাবীলিল্লাহকে জিহাদে আকবার বলার কারনে এই ভুল ধারনার স্বীকার হওয়ার কোন অবকাশ নেই যে, অন্যান্য আমলও ইসতিলাহি জিহাদ ফী সাবীলিল্লাহ এর মধ্যে দাখিল হয়ে যাবে। যেমন ইহরাম, তাওয়াফ, হলক, সায়ী এটা তো এমন যে, উমরার কিছু কিছু কাজ হজ্জের সাদৃশ্য হওয়ায় কখনো উমরাকে হজ্জে আসগর ও হজ্জেকে হজ্জে আকবার বলা হয়। যেমনই কুরআন শরীফে বলা হয়।

وَأَذَانٌ مِنْ اللهِ وَرَسُولِهِ إِلَى النَّاسِ يَوْمَ الْحَجِّ الأَكْبَرِ (سورة التوبة -3)

এখন যদি এই রুপক অর্থ ব্যবহার করার কারনে উমরাকে আসল হজ্জ বলে গন্য করে তাহলে তার আমল বুদ্ধি বিবেকের উপর মতামত করা ছাড়া আর কি করা যেতে পারে?

লতিফা : দ্বীনি মাদ্রাসা সমুহের শেষ ক্লাশকে দাওরায়ে হাদীস বলে। এর পূর্বের বছরটা হল মাওকুফ আলাইহ। কেননা দাওরা হাদীস এর বছর ঐ বছরের উপর মওকুফ। আর অনেক হযরত দাওরা হদীসের পূর্বের বছরকে মেশকাত জামাত বলে। কিন্তু পাখতুনের ছাত্ররা মাওকুফ আলাইহ হওয়ার মুনাসাবাতে একে ছোট দাওরা বলে।

সংশয় -১১

عن أبى سعيد الخدرى ، قال : قال رسول الله صلى الله عليه وسلم : (أفضل الجهاد كلمة عدل عند سلطان جائر) أو (أمير جائر) .

- سنن أبي داؤود: 597/2 باب في الأمر والنهى . رقم الحديث:4344 - سنن إبن ماجة : 289 باب الأمر بالمعروف والنهى عن المنكر، - سنن الترمذى : 40/2 باب أفضل الجهاد كلمة عدل عند سلطان جائر،

"হযরত আবু সাঈদ খুদরী রা. বলেন রাসূল সা. ইরশাদ করেছেন: অত্যাচারী শাসকের সামনে সত্য ও ন্যায়ের কথা বলা নিশ্চয়ই সবচেয়ে বড় জিহদ"

উক্ত হাদীস শরীফে অত্যাচারী শাসকের সামনে সত্য বলাকে জিহাদ বলা হয়েছে। এর দ্বারা বুঝা যায় যে, মুখে সত্য কথা বলাও জিহাদ। সতরাং জিহাদের অর্থ শুধু অস্ত্রের যুদ্ধ নেয়া সঠিক নয়।

সামধান -১

মুহাদ্দিসীনে কেরাম একথা স্পষ্ট করেই বলেছেন যে, বাদশাহর সমনে সত্য কথা বলা তখনই জিহাদ বলে বিবেচিত হবে যখন সত্য বলার কারণে মাথা কেটে ফেলার শুধু আশংকাই না বরং দৃঢ় বিশ্বাস হবে। বাস্তবতা হলো, অত্যাচারী বাদশাহর বিরুদ্ধে সত্য বলা জীবনের সমূহ আশংকার কারনেই জিহাদ।

সত্য প্রকাশ শ্রেষ্ঠ জিহাদ জালিম শাহির কাছে

প্রাণ বিনাশের সমূহ বিপদ সামনে যে তার আছে।

এই ব্যাখ্যা অনুযায়ী তো উল্লেখিত হাদীসের অর্থ ও হত্যা করা এবং নিহত (শহীদ) হওয়া।

সামধান -২

আমরা একথা লিখে এসেছি যে, মুখের কোন কথা বা ভাষন যদি কিতালের সহায়ক হয় তাহলে তা কিতালের আংশ হিসেবেই গন্য হবে।

সমাধান -৩

আনেক সময় তীর-তরবারী চেয়ে মুখের কথাই কাফেরদের উপর বেশী প্রভাব ফেলে। আর এজাতীয় কথা নিঃসন্দেহে জিহাদ। কেননা মুখের কথা যখন কাফেরদের মনোবল দূর্বল করে যুদ্ধ থেকেই বিরত রাখে। আবার এই কথাই কখন মুসলমানদের মনোবল চাঙ্গা করে এবং তাদের আন্তর গুলোকে মজবুত করে কাফেরদের বিরুদ্ধে প্রেরণা যোগায়।

একটি জলন্ত প্রমান:

হযরত আনাস রা. বলেন: রাসূলসা. যখন “ওমরাতুল ক্বাযা” র জন্য মক্কা গমন করলেন তখন হযরত আব্দুল্লাহ বিন রাওয়াহা রা. (গলায় তরবারী ঝুলিয়ে রাসূলসা. এর উটনীর লাগাম ধরে) আগে আগে চলতে ছিলেন। এবং এই কবিতা অবৃত্তি করতে ছিলেন।

عن أنس أن النبي صلى الله عليه وسلم دخل مكة في عمرة القضاء وعبد الله بن رواحة بين يديه يمشي وهو يقول:

خلوا بني الكفار عن سبيله ،

اليوم نضربكم على تنزيله ،

ضربا يزيل الهام عن مقيله ،

ويذهل الخليل عن خليله
فقال له عمر يا بن رواحة بين يدي رسول الله صلى الله عليه وسلم وفي حرم الله تقول الشعر .فقال له النبي صلى الله عليه وسلم: خل عنه يا عمر فلهي أسرع فيهم من نضح النبل.
- سنن الترمذى: 112/2 باب ما جاء في إنشاد الشعر. رقم الحديث:2856 - شمائل المحمدية للترمذي: 16باب ما جاء في صفة كلام رسول الله صلى الله عليه وسلم في الشعر.

অর্থ:
"হে কাফেররা! সরে যাও, রাসূল সা. এর রাস্তা ছেড়ে দাও। রাসূল সা. এর পবিত্র মক্কায় আগমনে আজকে তোমাদেরকে এমন ধোলাই দিব যা শরীর থেকে মাথার খুপড়ী পৃথক করে দিবে। এবং বন্ধুকে বন্ধু থেকে দূরে সরিয়ে দিবে।

হযরত ওমর রা. বললেন: يا بن رواحة بين يدي رسول الله صلى الله عليه وسلم وفي حرم الله تقول الشعر "হে ইবনে রাওয়াহা! তুমি মক্কায় রাসূল সা. এর সামনে (এমন) করিতা আবৃতি করছো? (যেন তিনি বিরত রাখতে চাইলেন) রাসূল সা. বললেন: خل عنه يا عمر فلهي أسرع فيهم من نضح النبل"হে ওমর! তাকে বিরত রাখার চেষ্টা কর না। কেননা আব্দুল্লাহ বিন রাওয়াহা রা. এর কবিতা আজকে কাফেরদের উপর তীরের চেয়ে কঠিন আঘাত করবে।"(শামায়েলে তিরমিযী)

অতএব এই পুরো আলোচনা দ্বারা বুঝা গেল যে, একটি হাদীসের কারণে প্রত্যেক হক্ব কথাকে আল্লাহর পথে "জিহাদ" বলা কোন ভাবেই ঠিক না।

সংশয় -১২

سمعت عبد الله بن عمرو رضي الله عنهما يقول : جاء رجل إلى النبي صلى الله عليه و سلم فاستأذنه في الجهاد فقال (أحي والداك) . قال نعم قال (ففيهما فجاهد)

- صحيح البخاري: 883/2 باب لا يجاهد إلا بإذن الأبوين. رقم الحديث:5972 - مسند أحمد : 6858/11

"হযরত আব্দুল্লাহ বিন আমর রা. বলেন: এক ব্যক্তি রাসূল সা. এর দরবারে উপস্থিত হয়ে যুদ্ধে যাওয়ার অনুমতি চাইল। তখন রাসূল সা. প্রশ্ন করলেন তোমার বাবা-মা কি জীবিত? সে বলল: জী হ্যাঁ! রাসূল সা. বললেন, তুমি বাবা-মার সেবা করে যুদ্ধ কর। অর্থাৎ তুমি গিয়ে মা-বাবার সেবা কর তোমার জন্য এটাই জিহাদ।"

এই হাদীসে মা-বাবার সেবা করাকে জিহাদ বলা হয়েছে। এতে বুঝা গেল, শুধু অস্ত্রের যুদ্ধই "জিহাদ" না, বরং মা-বাবার সেবা করাও জিহাদ?

সমাধান -১

এতে কোন সন্দেহ নাই যে, বান্দাদের "হক্বের" মধ্যে সব চেয়ে বড় "হক্ব" মা-বাবার সেবা করা। বাবার সন্তুষ্টিতে রবের সন্তুষ্টি বলা হয়েছে। মায়ের পায়ের নীচে সন্তানের জান্নাত রাখা হয়েছে। সন্তানের সম্পদকে বাবার সম্পদ বলা হয়েছে। "শিরক" এর পর মা-বাবার অবাধ্যতাকেই সবচেয়ে বড় গুনাহ বলা হয়েছে। মা-বাবার অবাধ্য সন্তানের ধ্বংস ও অমঙ্গলের জন্য হযরত জিব্রাইল আ. বদদোয়া করেছেন। আর রাসূল সা. আমীন বলেছেন।

মায়ের অবাধ্য সন্তানের মুখে মৃত্যুর সময় "কালিমা" না আসা শরীর থেকে রূহ বের না হওয়া এবং ছটফট করতে থাকা। এবং মা মাফ করার পর মুখে কালিমা আসে আর সাথে সাথেই "রূহ" বের হওয়ার ঘটনাও হাদীসে বর্ণিত আছে।

মা-বাবার এসব হক্ব মা-বাবার সেবার বিষয়ে বর্ণিত ফাযায়েল এবং মা-বাবার অবাধ্যতা যে মারাত্যক অপরাধ তা নিজ যায়গায় ঠিক আছে তা আমরাও মানি। কিন্তু তাই এর কারনে সর্ববস্থায় সবার ক্ষেত্রে মা-বাবার সেবাকে আল্লাহর পথে জিহাদ বলা

কোন ভাবেই ঠিক না। কেননা জিহাদ ফী সাবীলিল্লাহ র একটি নির্দিষ্ট অর্থ আছে। আর তা হলো, আল্লাহর পথে সশস্ত্র যুদ্ধ।

তবে এখানে একটি প্রশ্ন থেকে যায় যে, তাহলে হাদীস শরীফে মা-বাবার খেদমতকে কেন বা কোন অর্থে জিহাদ বলা হয়েছে? এর সহজ একটি উত্তর হলো রাসূল সা. নবী ও রাসূল হওয়া হওয়ার সাথে সাথে মুফতী, কাযী, ইমাম, খতীব, মুবাল্লিগ এবং আমীরুল মুজাহিদীন ও ছিলেন। যদিও তাঁর মৌলিক দায়িত্ব "নবুওয়াত" ই ছিলো। কিন্তু তিনি উম্মত কে শিক্ষা দেয়ার জন্য উল্লেখিত অন্যান্য দায়িত্ব ও তিনি আঞ্জাম দিয়েছেন।

রাসূল সা. এর সাহাবী তো জিহাদের নিয়তেই উপস্থিত হয়েছিলেন। কিন্তু রাসূল সা. তাঁকে ময়দানে যুদ্ধের পরিবর্তে মা-বাবার খেদমতের কাজে লাগিয়েছিলেন। সুতরাং ঐ সাহাবীর জন্য মা-বাবার খেদমতই জিহাদ। বরং এজন্য জিহাদ ছিলো যে, তা ছিলো আমীরের আনুহত্য ও তাঁর দায়িত্ব বন্টন অনুযায়ী।

টাল বাহানা করে যারা বচায় আপন প্রাণ

বাস্তবে তার খোদার সাথে নেই দৃঢ় বন্ধন।

পিতা-মাতার সেবা করা জিহাদ হয় যদিও

কিন্তু তাহার যুদ্ধের সাথে সম্পর্ক নেই কোন

অথবা

মানি সেরা পিতা-মাতার যদিও বা জিহাদ

কিন্তু যে তার রনাঙ্গনের থেকে রয়েছে।

ব্যাখ্যা-বিশ্লেষন

মা-বাবার খেদমত তো অমনিতেই অনেক বড় বিষয়, আমীরুল মুজাহিদীন যদি কাউকে যুদ্ধের ময়দান থেকে পিছনে পঠান এবং টয়লেট পরিষ্কারের কাজে লাগান তাহলে টয়লেট পরিষ্কারের মত অতি নগন্য কাজটিও জিহাদ বলে বিবেচিত হবে। এই অর্থে যে, এর কারনে জিহাদের পূর্ণ ছাওয়াব সে পাবে।

আর এমন ঘটনা শুধু এই এক সাহাবীর মধ্যে সীমাবদ্ধ না। বরং এমন আরো বহু ঘটনা ইতিহাসে পাওয়া যায়।

উদাহরনতঃ হযরত উসমান রা. বদরী সাহাবীদের মধ্যে গন্য হতেন। এবং রাসূল সা, ও তাকে বদরের গনীমত থেকে অন্যদের সমান অংশ দিয়েছিলেন। অথচ হযরত উসমান রা. বদর যুদ্ধে ময়দানে শরীক ছিলেন না। বরং নিজ বিবি এবং রাসূল সা. এর মেয়ে হযরত রুকাইয়া রা. আসুস্থতার কারনে তাকে সেবা-যত্নে ব্যস্ত ছিলেন। কিন্তু বদরীদের মধ্যে তাকে শুধু এজন্য গন্য করা হয় যে, তিনি বিবির সেবা-যত্নের জন্য নিজের থেকেই পিছে থেকে যান নাই বরং রাসূল সা. তাকে একাজের দায়িত্ব দিয়েছিলেন।

তাহলে কি শুধু এই হাদীসের কারনে যে কেউ স্ত্রীর সেবা-যত্নকে জিহাদ বলে দিবে? যেহেতু ঘটনা দুটির মধ্যে কোন পার্থক্য নাই। বরং এক হিসেবে হযরত উসমান রা.এর ঘটনা আরো বেশী মজবুত। কেননা তিনি তো গনীমতের অংশও পেয়েছেন অথচ যুদ্ধে শরীক ছিলেন না।

ইতিহাসে হযরত উসমান রা. ছাড়াও আরো এমন আটজন সাহাবীর নাম পাওয়া যায় যাদেরকে বদর যুদ্ধে শরীক না থাকার পরও "বদরী" বলা হয়। আর তা শুধু এজন্য যে, তাদেরকে রাসূল সা. নিজেই কাজে পাঠিয়ে ছিলেন। আর ঐ আট জন সাহাবী হলেনঃ ১. হযরত তালহা রা. ২. হযরত সাঈদ ইবনে জায়েদ ৩. হযরত আবু লুবাবা আনসারী ৪. হযরত আছেম বিন আদী ৫. হযরত হারেছ বিন হাতেব ৬. হযরত হরেছ বিন ছমরাহ রা. ৭. হযরত খাওয়াত বিন যুবায়ের ৮. হযরত জাফর রা.

সারকথা:

সুতরাং এই হাদীসের উপর ভিত্তি করে আমীরের অনুমতি ব্যতিত তার দায়িত্ব বন্টনের বাইরে থেকে জিহাদ ছেড়ে দিয়ে মা-বাবার সেবা-যত্নে লেগে থাকা এবং এখানেই প্রকৃত জিহাদ মনে করে যুদ্ধের ময়দান থেকে বিমুখতা দেখানো আর (সময়মত) মুজাহিদদেরকে ওজর দেখানো নিজেই নিজেকে ধংসের সম্মুখীন করার নমান্তর। "این خیال است و محال است و جنوں " "আর তা আত্মতৃপ্তি এবং আসম্ভব বিষয় ও পাগলামীই বটে।"

মাসআলা:

জিহাদ "ফরজে আঈন" হলে মা-বাবার অনুমতি ছাড়াই বরং তাদের বাধা সত্বেও জিহাদে যাওয়া জরুরী। তবে বুঝানোর চেষ্টা করবে যেন মা-বাবা সেচ্ছায় আনুমতি দিয়ে দেয় এবং সন্তানের জিহাদের ছাওয়াবের ভাগী হয়।

আর যদি জিহাদ ফরজে কেফায়া হয় তাহলে মা-বাবার অনুমতি তখনই জরুরী যখন তাদের সেবা কারার মত আর কেউ না থাকে।

যদি মা-বাবর সেবা করার লোক থাকে আর মা-বাবা শুধু মুহাব্বতের কারনেই সন্তানকে জিহাদ থেকে ফিরিয়ে রাখতে চায় তাহলে মা-বাবার অনুমতি জরুরী না।(ফয়জুল বারী শরহে সহীহ বুখারী)

আমাদের পুর্বসীরী যারা:

এখানে দারুল উলুম দেওবন্দের প্রতিষ্ঠাতা কাসেমুল উলুমি ওয়াল খাইরাত হযরত মাওলানা কাসেম নানুতুবী রহ. এর ঘটনা উল্যেখ করা সমিচিন মনে করছি। যাতে করে আমাদের কড়দের "মেজাজ" বুঝতে সহায়ক হয়।

হযরত নানুতবী যখন জিহাদের অনুমতির জন্য মায়ের কাছে গেলেন তখন মাকে উদ্দেশ্য কারে বললেন: আল্লাহর পথে যান-মাল উৎসর্গ কার এমন। আর যে ব্যক্তি সেচ্ছায় আল্লাহর পথে জীবন দিয়ে দেয় তাঁর মর্যাদা এই। (অর্থাৎ তিনি ফাযায়েল বর্ননা করলেন) আর এখন জিহাদ ফরজ হয়ে গেছে।

আর মাসআলা হলো আল্লাহর আনুগত্য যদি মা-বাবার আনুগত্য বাঁধা হয় তখন মা-বাবার অনুগত্য বাদ দিতে হয়। আমি চাই যে, াাপনি সেচ্ছায় অনুমতি দিবেন এবং ছাওয়বের ভাগী হবেন।

মা বললেন: বেটা! তুমি আল্লাহর দেয়া ছেলে। আমি আনন্দ চিত্তে তোমাকে আল্লাহর হাওয়ালা করছি। যদি তুমি জীবিত ফিরে আস তাহরলে আবার দেখা হবে, না হয় তো আমরা খুব শিঘ্রই আখেরাতে মিলিত হব।

মায়ের অনুমতির পর যখন বাবার কাছে বিনম্র হয়ে নিজের সংকল্পের কথা জানালে তিনি তখন বললেন: বাবা আমার পগড়ীটা একটু নিয়ে আস। মাও: নানুতুবী : কেন? বাবা: আমি তো তোমার সাথে শহীদ হতে চাই। হযরত নানুতবী: আমার কারনে না। আপনি শহীদ হবেন তো আল্লাহর জন্যই। চলুন আমার সাথে।

মা-বাবার অনুমতি নিয়ে হযরত নানুতবী রহ. থানাভবন পৌছে গেলেন। (হায়াতে আমীরে শরীয়ত পৃষ্ঠা: ১৯১)

আল্লাহু আকবার! তারাই হলেন আমাদের পুর্বসূরী। এমনই ছিলেন আমাদের পূর্বসূরীগন।

হে আল্লাহ আমাদেরকে তাদের পদংঙ্ক অনুসরন করার তাওফিক দান করুন। আমীন ইয়া রাব্বাল আলামীন।

একটি উদাহরন:

বিষয়টি আরো স্পষ্ট করার জন্য শেষে আমি একটি উদাহরন দিচ্ছি। দুই ব্যক্তি, একজনের নাম রিয়াজ খান। অপরজনের নাম পিয়াজ খান। দুজনেই দোকনদার, রিয়াজ খান আমীরুল মুজাহিদীনের কাছে গিয়ে বলল: সম্মানিত আমীর সাহেব! আমার জান-মাল জিহাদের জন্য প্রস্তুত। আমাকে জিহাদের জন্য কবুল করে নেন। আমীর সাহেব তার অবস্থা বিস্তারিত জানার পর বললেন: তুমি দোকান চালাইতে থাক। এবং স্থানীয় মুজাহিদদেরকে সহযোগীতা করতে থাক। এই বেচার জিহাদে শরীক হওয়ার চিন্তা মাথায় নিয়ে দোকানও চালায় সন্তানদের দেখভালও করে আবার মুজাহিদদেরকে সহযোগীতাও করে।

অপর ব্যক্তি পিয়াজ খান, দোকান চালায় আর ভাবে যে, রিয়াজ খানও দোকানদার। আমীর সাহেব তাকে বলেছেন: তুমি দোকান চালাও, সন্তানদের দেখভাল কর। আর মুজাহিদদেরকে আর্থিক সহায়তা কর এটাই তোমার জিহাদ। তাহলে তো আমিও দোকান চালাই, সন্তানদের দেখভালও করি আমার সন্তান তো রিয়াজ খানের চেয়ে এক ডজন বেশী। কারন আমার স্ত্রী তিন জন। আমি তো খুব জিহাদ করছি, মুজাহিদদেরকে মাসিক সহায়তাও করছি আমি কি জিহাদের ছাওয়াব পাব না?

এখন আপনারা উভয় ব্যক্তির কাজের পার্থক্য দেখান। আশা করি যে, এই উদাহরন দ্বারা ব্যপারটি বুঝতে সহজ হবে যে, রিয়াজ খান তো আমীরের আনুগত্য করছে। কিন্তু পিয়জ খান আত্ম পূজায় লিপ্ত।

সংশয় -১৩

সহীহ বুখারীর হাদীস। রাসূল সা. এর দরবারে উপস্থিত হয়ে মহিলারা যুদ্ধে অংশ গ্রহনের অনুমতি চাইলে রাসূল সা. বলেন:

عن عائشة أم المؤمنين رضي الله عنها قالت : استأذنت النبي صلى الله عليه و سلم في الجهاد فقال (جهادكن الحج)

- صحيح البخارى: 402/1 باب جهاد النساء. رقم الحديث: 2175 - مسند أحمد : 17/ 315 - سنن بيهقى: 8881 باب حج النساء.

মকবুল হজ্জই তোমাদের জিহাদ।

এই হাদীসে “হজ্জ”কে জিহাদ বলা হয়েছে। অথচ “হজ্জ” ভিন্ন একটি ইবাদত। যুদ্ধের সাথে তার কি সম্পর্ক ? বরং এক হাদীসে স্পষ্ট করেই বলা হয়েছে:
عن عائشة قالت : يارسول الله على النساء جهاد ؟ قال : " نعم ، جهاد لا قتال فيه ، الحج والعمرة "

হজ্জ হলো রক্তপাতহীন যুদ্ধ ।

এখন তো স্পষ্ট হয়ে গেল যে, জিহাদের অর্থ শুধু কিতালই না বরং প্রত্যেক ঐ ইবাদতকেই জিহাদ বলা হবে যেখানে কষ্ট এবং চেষ্টা রয়েছে।

সমাধান -১

হজ্জ ও জিহাদ উভয়টি সতন্ত্র ইবাদত। উভয়টির আহকাম ও ভিন্ন ভিন্ন। অন্য অনেক হাদিসেই দুটিকে পৃথক পৃথক করে আলোচনা করা হয়েছে। সহীহ বুখারীর অন্য হাদীসে দেখুন রাসূল সা. কে জিজ্ঞাসা করা হয়েছে। সর্বোত্তম আমল কোনটি? أي العمل أفضل উত্তরে রাসূল সা. বললেন: إيمان بالله ورسوله অর্থাৎ আল্লাহ তা'য়ালা ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনা । এর পর প্রশ্ন করা হলো: ثم ماذا। অর্থাৎ তার পর কোনটি? রাসূল সা. বললেন: جهاد في سبيل الله অর্থাৎ আল্লাহর পথে জিহাদ করা। এর পর প্রশ্ন করা হলো: ثم ماذا। অর্থাৎ তার পর কোনটি? রাসূল সা. বললেন: حج مبرور অর্থাৎ কবুল হজ্জ তার পর সর্বোত্তম আমল।

পরিপূর্ণ হাদীসটি এই:

عن أبي هريرة : سئل النبي صلى الله عليه و سلم أي الأعمال أفضل ؟ قال (إيمان بالله ورسوله وجهاد في سبيله) . قيل ثم ما ذا؟ قال : جهاد في سبيل الله قيل ثم ماذا؟ قال حج مبرور.

- صحيح البخارى: 206/1 باب فضل حج المبرور . رقم الحديث:1519 - صحيح إبن حبان: 365/1 رقم الحديث:152

এমতাবস্থায় দেখুন কোন একটি হাদীস দেখেই ফলাফল বের করার চেষ্টা হলো শরীয়তের মেজাজ (নিয়ম-নীতি) সম্পর্ক অজ্ঞতার দলীল। এজন্য সবগুলো হাদীস সামনে রেখেই সিদ্ধান্ত নিতে হবে।

সমাধান-২

যদি কখন বিশেষ পরিস্থিতিতে বা রাষ্ট প্রধানের হুকুমের কারনে মহিলাদের উপর জিহাদ ফরজ হয়ে যায় আর তখন কোন মহিল বলে যে, আমি তো হজ্জ করব। জিহাদে কেন যাব? হজ্জই তো আমার জিহাদ। কেননা রাসূল সা. বলেছেন: হজ্জই মহিলাদের জিহাদ। তাহলে কি কোন জ্ঞানী ব্যক্তি তার এই যক্তি মানার জন্য তৈরী হবেন? আর এতেই কি মহিলার থেকে জিহাদদের হুকুম রহিত হয়ে যবে?

সমাধান-৩

হাদীসের মূল উদ্দেশ্য ও ব্যাখ্যা হলো। যেহেতু স্বাভাবিক অবস্থায় মহিলাদের উপর জিহাদ ফরজ না এজন্য তাদেরকে সান্তনা দেয়ার জন্য এই কথা বলা হয়েছে যে, পুরুষেরা যেমন যুদ্ধের ময়দানে অনেক পরিশ্রম করে এবং কষ্ট সহ্য করে তেমনি মহিলারা যদি আল্লাহর দেয়া সীমা রেখার প্রতি লক্ষ রেখে হজ্জ করে এবং তাতে কষ্ট সহ্য করে সবগুলো রুকন যথাযথ আদায় করে তাহলে তার এই হজ্জের কারনে জিহাদের ছাওয়াব পাবে।

এজন্যই মহিলাদের জিহাদ শুধু হজ্জ বলা হয় নাই বরং حج مبرور বলা হয়েছে। কেননা মহিলাদের মত নাযুক প্রকৃতির মানুষের জন্য হজ্জের কষ্ট করা এবং পর পুরুষদের উপস্থিতিতে পর্দার প্রতি লক্ষ রেখে এভাবে হজ্জ করা যে, حج مبرور অর্থৎ পরিপূর্ন এবং মাকবুল হজ্জ হয়। বাস্তবে তা যুদ্ধ ক্ষেত্রের কষ্টের চেয়ে কম নয়।

মূলত এর উপর ভিত্তি করেই তাদের হজ্জের ক্ষেত্রে রূপক অর্থে জিহাদ ব্যবহার করা হয়েছে।

হজ্জ ও জিহাদের মধ্য সামঞ্জাস্য ফায়েদার জন্য মুহতারাম উস্তদ জনাব মাও. আসলাম শেখপুরী দা.বা. এর “খাযীনা” নামক কিতাব থেকে কম বেশী করে কিছু ইবারত এখনে উল্লেখ করছি।

হজ্জ এবং জিহাদের সম্পর্ক।

(ক) জিহাদের ময়দানে একটি কেন্দ্রে থাকে যার থেকে মুজাহিদগন সম্পৃক্ত থাকেন। তেমনি হজ্জেও একটি কেন্দ্র থাকে যার সাথে সকল হাজির সাথে স্পপৃক্ত থাকেন।

(খ) যুদ্ধের ময়দানে মুজাহিদগন একজন আমীরের অধীনে থাকেন। তেমনি হজ্জের ক্ষেত্রেও একজন আমীর নির্ধারিত হয়ে থাকেন।

(গ) মুজাহিদদের কখন কয়েক সাপ্তাহ পর্যন্ত গোসলের সুযোগ হয়। যার কারণে শরির ময়লা হয়ে যায়। হাজি সাহেবদেরও কখন প্রায় এমন পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

(ঘ) যুদ্ধের জন্য যেমন ঘর-বাড়ি ছাড়তে হয় তেমনি হজ্জের জন্য ঘর-বাড়ি ছাড়তে হয়।

(ঙ) যুদ্ধে সাধারনত মুজাহিদদেরকে পর্যায়ক্রমে ক্যাম্প পরিবর্তন করতে হয়। তেমনি ভাবে হজ্জের ক্ষেত্রেও মক্কা থেকে মিনা, থেকে আরাফা, আরাফা থেকে মুজদালিফা, মুজদালিফা থেকে মিনা এবং মিনা থেকে মক্কায় যেতে হয়।

(চ) যুদ্ধ ক্ষেত্রে বিশেষ নিয়ম শৃংখলা থাকে। তেমনি হজ্জের ক্ষেত্রেও এর প্রতি গুরুত্বারোপ করা হয়।

(ছ) যুদ্ধ ক্ষেত্রে গুনাহ থেকে বেচে থাকার বিশেষ নির্দেশনা থাকে। তেমনি হজ্জের ক্ষেত্রে ও বিষয়াদি থেকে বিরত থাকার প্রতি বিশেষ গুরুত্ব দেয়া হয়।

(জ) জিহাদ শয়তানের এজেন্ট (কাফের) দেরকে হত্যা করা হয়। হজ্জে শয়তানের প্রতিকৃতিতে (কংকর) মায়া হয়।

(ঝ) জিহাদে মানুষের তাজা রক্তের নাযরানা পেশ করা হয়। আর হজ্জে পশুর রক্ত পেশ করা হয়। যা মূলত হযরত ইসমাইল আ. এর মানবীয় রক্তের বদলা।

(ঞ) জিহাদে বিজয়ের পর কেন্দ্রে সংবাদ পাঠানো হয় এবং বিস্তারিত রিপোর্ট করা হয়। হজ্জের ক্ষেত্রে হজ্জের কাজ সম্পন্ন করার পর মূল কেন্দ্রে বাইতুল্লায় হাজিরা দেয়া হয়।

(ট) মুজাহিদরা আল্লাহু আকবার ধ্বনীতে আকাশ-বাতাস প্রকম্পিত করে তোলে। এবং আল্লাহর একত্ববাদ ঘোষনা করতে থাকে। হাজীরাও তালবিয়ার মাধ্যমে আল্লাহর একত্ববাদের ঘোষনাদেয় এবং অন্তর জাগ্রত করে।

একল বিষয়ে সামাঞ্জস্য থাকার কারণে হজ্জকে রূপক আর্থে জিহাদ বলা তাও আবার শুধু মহিলাদের ক্ষেত্রে, এর থেকে আবশ্যকীয় ভাবে হজ্জকে জিহাদ মনে করে অযথা জিহাদের অর্থে ব্যপক সৃষ্টি করা কতটুকু যৌক্তিক? বিনা কারণে জিহাদের অর্থে ব্যপকতা আনার জন্য হজ্জকে জিহাদের অর্থে ব্যবহার করা কতটুকু যৌক্তিক ?

এর থেকে কি একথা প্রমানিত হয় যে, হজ্জকে জিহাদের অর্থেই ব্যবহার করতে হবে এবং অকারনে জিহাদের অর্থে অযথা জিহাদের অর্থে ব্যপকতা আনতে হবে?

সমাধান-৪

عن عائشة قالت : يارسول الله على النساء جهاد ؟ قال : " نعم ، جهاد لا قتال فيه ، الحج والعمرة "

হযরত মাও. উবইদুল্লাহ সিন্ধী রহ.এর ভাষ্য মতে "হজ্জ" মূলত জিহাদেরই প্রশিক্ষন, অনুশীলন ও পূর্বপ্রস্তুতি।

তাহলে তো উত্তর স্পষ্ট, ট্রেনিংয়ের মধ্যে যেমন যুদ্ধ হয় না। আবার ট্রেনিংকে যুদ্ধ ও বলতে পারবেন না। হ্যাঁ ট্রেনিং অবশ্যই যুদ্ধের প্রস্তুতি এবং এর গুরুত্ব যুদ্ধ থেকে কোন অংশে কম নয়। এবং ট্রেনিংকে যুদ্ধের অংশ মনে করা এক হিসেবে বাস্তব সম্মতও।

হযরত মাও. উবাইদুল্লাহ সিন্ধী রহ. এর কথার সারাংশ উল্যেখ করছি যা তিনি তার লেখা তাফসীর "ইলহামুর রহমান" এ লিখেছেন: সামরিক প্রশিক্ষন ও যুদ্ধের প্রস্তুতির জন্য হজ্জের হুকুম দেয়া হয়েছে। এর বর্ণনা সূরা বাকারার ১৯৬ নং আয়াত থেকে ২০৩ নং আয়াতে রয়েছে। এই সবগুলো আয়াতই হজ্জ বিষয়ক আর হাদীস শরীফে বলা হয়েছে:

عن عائشة قالت : يارسول الله على النساء جهاد ؟ قال : " نعم ، جهاد لا قتال فيه ، الحج والعمرة "

অর্থাৎ হজ্জ এমন জিহাদ যাতে শত্রুর মুখোমুখি হতে হয় না।

....
....
....

সংশয় -১৪

এই আপত্তিটি আলোচনা করার আগে একটি ঘটনা উল্যেখ করছি যা, আমার সাথেই ঘটেছে। এক বার আমি মুজাহিদ ভাইদের সাথে সাক্ষাৎ করার জন্য "সারগুধা" জেলার "মঢরাঞ্জা" এলাকায় যাই। এখন মুজাহিদ সাথীরা বললো : আমাদের "শুকরানী" জামে মসজিদে তাবলীগ জামাতের লোকেরা এসেছে। তারা তো আমাদেরকে অস্থির করে ফেলেছে।

তারা বলে হাদীস শরীফে এসেছে:

وعن أبي هريرة رضي الله عنه قال قال رسول الله صلى الله عليه و سلم : " من تمسك بسنتي عند فساد أمتي فله أجر مائة شهيد "

- مشكاة المصابيح للتبريزى:30 باب الاعتصام بالكتاب والسنة - الفصل الثانى،

অর্থ: ফেতনা ফাসাদের যুগে যে ব্যক্তি আমার একটি সুন্নত আকড়ে ধরবে সে একশত শহীদের ছাওয়াব পাবে।

আপনার (মুজাহীদরা) কেন অযথাই কাশ্মীর ও আফগানিস্থানের পাহাড়ে গিয়ে এত কষ্ট করছেন? ঘর-বাড়ি থেকে দূরে মা-বাবাকেও কষ্ট দিচ্ছেন যদি শহীদ হবেন আর বেশীর থেকে বেশী এক শহীদের ছাওয়াব পাবেন। এর চেয়ে ভালো ঘরে থেকে দিনের মেহনত করেন এবং দৈনিক কয়েকটি করে "সুন্নত" জিন্দা করেন তাহলে হাজার হাজার নয় লাখো শহীদের ছাওয়াব পাবেন।

অথচ বাস্তবতা হলো এই হাদীসটি সহ এজাতীয় অন্যান্য হাদীস যেগুলো মূলত দিনের প্রচার-প্রসারের ক্ষেত্রে। কিন্তু ইসলামের দুশমন মুনাফিক ও কিছু অবুঝ দ্বীন-দরদী মুসলমান অন্য মুসলমানদেরকে ধোকা দিয়ে যাচ্ছে। নিজেও ধ্বংশ হচ্ছে

অন্যকেও ধ্বংশ করেছে। এজন্য এই হাদীসটি বিস্তারিত আলোচনা করা জরুরী মনে হচ্ছে।

সমাধান -১

একটি গুরুত্বপূর্ণ কথা ভালো ভাবে বুঝে নেয়া চাই যে, সুন্নান দুই ধরনের সুন্নাতে আদাত ও সুন্নাতে ইবাদাত। অর্থাৎ রাসূল সা. কিছু কাজ আল্লাহর তা'য়ালার ইবাদত হিসেবে করেছেন। আর কিছু কাজ মানবীয় চাহিদার ভিত্তিতে করেছন। যদিও রাসূল সা. এর গোটা জিবনই ইবাদত।

যেমন দেখুন মাথায় তেল লাগানো, চিরুনি করা, খাবার পর মেসওয়াক করা, ঘুমানোর আগে মেসওয়াক করা, খাবার পূর্বে হাত ধোয়া, মিষ্ট দ্রব্য পছন্দ করা এবং জুতা ব্যবহার কর ইত্যাদি ইত্যাদি। এসব কাজ রাসূল সা, অভ্যাস ও প্রয়োজনের কারনে করেছন।

কিন্তু অজুর সময় মেসওয়াক ব্যবহার করা, নামযের জন্য আযু করা, যানাবতের গোসল ও শরীয়তের অন্যান্য আমল যেমন নামায, রোজা, হজ্জ ইত্যাদি। এগুলো রাসূল সা. ইবাদাত হিসাবেই করেছন। এই হাদীসে সুন্নাত দ্বারা উদ্দেশ্য হলো ঐসব সুন্নাত যেগুলো রাসূল সা. ইবাদাত হিসেবে করেছেন। যদিও রাসূল সা. এর ঐ সব সুন্নাতও অনুসরনীয় যেগুলো তিনি অভ্যাসের ভিত্তিতে করেছেন। এবং এটাও অনেক সাওয়াবের কাজ।

আপনি ব্যপারটি আরো স্পষ্ট করে এভাবে বলতে পারেন যে, সুন্নাত দুই ধরনের سنت طبعية ও سنت شرعية অনুসরন করা আবশ্যক হলো সুন্নাতে শরয়ীয়্যা এর, সুন্নাতে তাবয়ীয়্যার না।

সমাধান-২

সুন্নাত দ্বারা উদ্দেশ্য হলো শরীয়তের কোন হুকুম জিন্দা করা। যেমন অন্য বর্ননায় من أحى سنتى এসেছে। অথবা সুন্নাত দ্বারা উদ্দেশ্য হলো শরীয়তের কোন হুকুম মযবুত ভবে আকড়ে ধরা। যেমনটা এই হদীস থেকে বুঝে আসে। আর শরীয়তের আহকাম সমূহের মধ্যে "জিহাদ" হুকুমটির উপর যে অবহেলা করা হয়েছে অন্য কোনটির ক্ষেত্রে তা হয়নি। শত্রুদের কথা বাদই দিলাম, মিত্ররা তো হাত ধোয়ে বসেছে।

শত্রুদের শত্রুতা তো বুঝা যায় কিন্তু মিত্রুদের মারপ্যাচ তো বোঝা দায়। আর জিহাদ এমন একটি হুকুম যা জিন্দা হলে পূরা দ্বীনই জিন্দা হয়ে যাবে। জিহাদ শেষ হয়ে যাওয়া মানে দ্বীন শেষ হয়ে যাওয়া। এজন্য জিহাদের বিষয়ে যে গুরুত্ব দেয়া হয়েছে হয়তো শরীয়তের অন্য কোন হুকুমের ব্যাপারে এতো গুরুত্ব দেওয়া হয় নাই। আর জিহাদ যেহেতু পূরা দ্বীনের ভিত্তি সম্ভবত এ কারনেই হাদীস শরীফে জিহাদকে পরিপূর্ণ দ্বীন বলা হয়েছে।

عن ابن عمر ، قال : سمعت رسول الله صلى الله عليه وسلم يقول : (إذا تبايعتم بالعينة وأخذتم أذناب البقر ورضيتم بالزرع وتركتم الجهاد سلط الله عليكم ذلا لا ينزعه حتى ترجعوا إلى دينكم).

- سنن أبي داؤود :490/2 باب في النهى عن العينة . رقم الحديث:3462 - مسند أحمد:114/5 رقم الحديث:5562

অর্থ: যখন তোমরা পার্থিবও ধন-সম্পদের পিছনে পড়ে যাবে, গরুর লেজ ধরে বসে যাবে, এবং ক্ষেত-খামারের পিছে পড়ে জিহাদ ছেড়ে দিবে, তখন আল্লাহ তা'য়ালা তোমাদের উপর এমন লাঞ্চনা আরপ করে দিবেন যা দ্বীনের দিকে ফিরে আসা ব্যতিত তোমাদের থেকে হটাবেন না।

এই হাদীস শরীফে দ্বীন দ্বারা উদ্দেশ্য হলো জিহাদ। সুতরাং জিহাদ করাই প্রশ্নে উল্লেখিত হাদীসের কাছাকাছি অর্থ। (বজলুল মাজহুদ শরহে আবু দাউদ)

সমাধান-৩

এই হাদীস শরীফে যেমন সুন্নাত জিন্দা করা ফজিলত বর্ননা করা হয়েছে যে, একশত শহীদের সাওয়াব মিলবে, এর অর্থ যদি এই হয় ময়দানে গিয়ে আর যুদ্ধ করার প্রয়োজন নাই (নাউযুবিল্লাহ) আল্লাহ এমন ধারনা থেকে আমাদের হেফাজত করার তাওফিক দান করুন। তাহলে যেসব হাদীসে কোরআন শরীফের বিশেষ কিছু সূরার ফজিলত বর্ননা করা হয়েছে। যেমন সূরা ফতেহা সাওয়াবের দিক থেকে দুই তৃতীয় অংশ কোরআনের বরাবর, আর সূরা ইয়সিন হলো কোরআন শরীফের দিল। যে সূরা ইয়াসিন পড়বে আল্লাহ তা'য়ালা তাকে দশবার কোরআন খতমের সাওয়াব দিবেন। এবং চারবার সূরা কাফিরুন ও এক হাদীসে তিনবার সূরা ইখলাস পড়লে পুরা কোরআন শরীফ তেলওয়াত করার সাওয়াবের ওয়াদা করা হয়েছে।

এসব হাদীসের উদ্দেশ্য যাদি এই হয় যে, যেসব মাদ্রাসায় পুরা কোরআন শরীফ মুখস্ত করানো হচ্ছে সেগুলো বন্দ করানো হোক। কি প্রয়োজন আছে পূরা কোরআন শরীফ মুখস্ত করার? কোন বেয়াকূফ ব্যক্তিও কি এমন নির্বোদ্ধিতার কাজ করতে পরে? কখনো না। তাহলে জিহাদের সাথে এমন শত্রুতা-বিদ্বেষ কেন?

সমাধান-৪

এবর আসুন উল্লেখিত হাদীসে শরীফের সঠিক ব্যাক্ষা জেনে নেই। হাদীস শরীফে ফেৎনার যোগে কোন সুন্নাত মযবুত ভাবে আকড়ে ধরা বা জিন্দা করা উপর একশ শহীদের সাওয়াবের ওয়াদা করা হয়েছে। এজন্য এখনে খুব ভালো বাবে বুঝে নিন যে, এক হলো প্রতিধান অর্থাৎ পারিশ্রমিক আরেক হলো মানও পদ-মর্যাদা পারিশ্রমিক এক জিনিশ আর মান-মর্যাদা ভিন্ন জিনিষ। একশত শহীদের পারিশ্রমিক পাইলেই জরুরি নয় যে, সে একজন শহীদের মান-মর্যাদাও পেয়ে যাবে। এজন্য যুদ্ধের ময়দানে যুদ্ধ

করে শাহাদাতের অমিয় শুধা পানকারী মুজাহিদের জন্য আল্লাহ তা'য়ালা যে মর্যাদার ওয়াদা করেছেন, একশ কেন লাখ শহীদের পারিশ্রমিকও তার বরাবর হবে না।

শত শহীদের সওয়াব পাবে সুন্নাত জিন্দায়,

কিন্তু তাহার নেই কো প্রভাব শহীদের মর্যাদায়।

শহীদের মর্যাদা তো হাদীস শরীফে এসেছে, কিয়ামতের দিন যখন শহীদ আসবে তখন যদি তার (আসার) রাস্তায় ইব্রাহিম খলীলুল্লাহর মত নবী-রাসূলও থাকেন তাহলে তাকেও নির্দেশ দেয়া হবে। রাস্তা ছেড়ে দাও শহীদ তার রাস্তা থেকে সবাইকে একদিকে সরিয়ে রাস্তা খালী করা হবে।

শহীদের মর্যদা তো হলো, একজন শহীদ কিয়ামতের দিন পরিবারের সত্তর জন্য জাহান্নামের জন্য সুপারিশ করবে, এবং তার সুপারিস গৃহীত হবে। শহীদের মর্যাদা তো রাসূল সা. দশ দশ বার। শহীদ হওয়ার তামান্না করেছেন। অর্থাৎ নবুওয়াত পাওয়া সত্বেও "শাহাদাতের" মর্যাদার তামান্না করেছেন। আর অল্লাহ তা'য়ালা পুরাও করেছেন। কারন রাসূল সা. এর ওয়াফাত ঐ বিষের প্রভাবেই হয়েছে যা খয়বার যুদ্ধের সময় এক ইহুদী মহিলা (গোস্তের সাথে মিশিয়ে) রাসূল সা. কে দিয়ে ছিলো। আর বিষ প্রয়োগ মৃত্যু বরণ করলে শাহাদাতের মৃত্যুই হয়।

কিন্তু আল্লাহর আশ্রয় কক্ষনো এর উদ্দেশ্য, এই যে, শাহাদাতের মর্যাদা নবুওয়াতের উর্দ্ধে। বরং উদ্দেশ্য হলো নবুয়তের মর্যাদায় অধিষ্টিত হওয়ার তামান্না করেছেন।

শহিদের মর্যাদা এবং পরিশ্রমিকের ব্যপারটি একটি উদাহরণ থেকে বুঝে নিন।

বাংলাদেশের রাষ্ট্রপতির এক হলো মান ও পদমর্যাদা। থাকে আপনি প্রটোকল বলতে পারেন। আর এক হলো রাষ্ট্রপতির বেতন যেটাকে আপনি পরিশ্রমিক দিয়ে বুঝতে পারেন। এখন রাষ্ট্রপতির বেতন তো এত সামান্য যে, কোন ফ্যক্টরীর জেনারেল ম্যানেজার এবং কোন ব্যাংকের একজন বড় কর্মকর্তার বেতন ও তার কয়েকগুন বেশী

হতে পারে। কিন্তু দেশের সব ইঞ্জিনিয়ার বা বড় বড় ফার্মের জি, এমদের মান একসাথে করলেও রাষ্ট্রপতির মর্যাদার বরাবর হবে না।

সুতারাং শহিদের পরিশ্রমিক আর তার মানের এই পার্থক্য টি ভালোভাবে বুঝে নিন। তাহলে কোন সংশয় থাকবে না।

প্রিয় ভাই ও বন্দুরা! দিনের কাজ করুন এবং দিনের বুঝও হাসিল করুন। এবং কাফেরদের সুক্ষ্ম চালের শিকার হয়ে দিনের আকতি বিকৃতি করবেন না। আল্লাহ আমাদেরকে দিনের সহিহ বুঝ দান করেন। আমীন। ইয়া রব্বাল আলামীন!

সংশয় -১৫

কিছু দ্বীনি মহলে খুব জোড়ে-সোড়ে একথা প্রচার করা হচ্ছে যে, কোন ব্যক্তি যদি আল্লাহর রাস্তায় বের হবে নিজ প্রয়োজনে এক টাকা খরচ করে। সে এর বদলায় সাত লাখের ছাওয়াব পাবে। আর এক নামাজে উনপঞ্চাশ কোটি নামাজের ছাওয়াব পাবে। আর আমরা যেহেতু দিনের দাওয়াত ও তাবলীগের (প্রচার প্রশার) এর কাজে আর দাওয়াতেও তাবলীগের কাজ সবচে বড় কাজ। বাকি সব তো দ্বীনের শাখা প্রশাখা। দ্বীনের দাওয়াতের আমলই আসল এবং পাবে পরিপূর্ন দ্বীন। সুতরাং এই ছাওয়াব শুধু তারাই পাবে যারা দ্বীনের দাওয়াতও তাবলীগের কাজ করে। মূলত আল্লাহর রাস্তা এটাই। এর দ্বারাই দ্বীন জিন্দা হয়।

সমাধান-১

সর্ব প্রথম ঐ হাদীসটি দেখুন যাতে এক রুপি সাত লাখ টাকার প্রতিধান এবং নামাজে ৫০ কোটি নামাজের সাওয়াব পাওয়া যায়। এরপর দেখুন হাদীসগুলির মান কেমন? তৃতীয়ত দেখুন সাওয়াবের প্রথম হক্বদারকে? এখন আমরা এই তিনটি বিষয়কে ক্রমানুসারে বর্ণনা করবো।

নম্বর-১

হযরত আলী রা. হযরত আবু দারদা রা. হযরত আবু হুরায়রা রা. হযরত উসামা রা. হযরত আব্দুল্লাহ ইবনে আমর রা. হযরত জাবের ইবনে আব্দুল্লাহ রা. হযরত ইমরান ইবনে হুছাইন রা. বর্ননা করেন। রাসূল সা. ইরশাদ করেছেন:

من أرسل نفقة فى سبيل الله وأقام فى بيته فله بكل درهم سبعمائة درهم ومن غزا بنفسه فى سبيل الله وأنفق فى وجهه كل ذلك فله بكل درهم ألف درهم (ابن ماجه عن الحسن بن على ، وأبى الدرداء ، وأبى هريرة ، وأبى أمامة ، وابن عمر ، وابن عمرو ، وجابر ، وعمران بن حصين).

- جامع الأحاديث لجلال الدين :45532 - سنن إبن ماجة : 198 - باب فضل النفقة في سبيل الله .

যে ব্যক্তি আল্লাহর রাস্তায় বের হয়ে নামাজ রোজা ও যাকাতের ছাওয়াব আল্লাহর রাস্তায় টাকা খরচের ছাওয়াবের চেয়ে সাতাশগুন বেশী।

ফলাফল:

এভাবে এক টাকা খরচ করলে যেহেতু সাত লাখেকে সাতাশ দিয়ে পূরন দিলে উনপঞ্চাশ কোটি হয়ে যায়। এই হিসাবে আল্লাহর রাস্তায় নামাজ, রোজা, যাকাতের ছাওয়াব উনপঞ্চাশ কোটি হয়ে যায়।

নম্বার-২ হাদীসের মান

এই হাদীস দুইটি সানদের দিক থেকে একেবারেই "যইফ" এজন্য সমস্যা বর্ননা করা ছাড়া এসব হাদীসের শুধু ব্যখ্যা জায়েজ নাই। (তাবলীগ জামাত ও উনপঞ্চাশ কোটির সওয়াব যুগশ্রেষ্ঠ মুফতী শহীদ রশীদ আহমাদ লুধিয়ানবী রহ.)

নম্বর -৩ হাদীসের উদ্দেশ্য কারা:

যদি চিন্তা করা হয় তাহলে এককথা দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে যায় যে, এই হাদীসের সর্ব প্রথম ও সর্ব উত্তম মেছদাক হলো মুজাহীদগন। কেননা নামাজ, রোজা ও জিকিরের উনপঞ্চাশ কুটি সাওয়াব তো তখন যখন তাকে আল্লাহর রাস্তায় খরচ এর দ্বারা একথা সুস্পষ্ট হয়ে গেল যে, এই সাওয়াব তখন যখন একটি শর্ত পাওয়া যাবে, আর তা হলো " النفقة في سبيل الله। " অর্থাৎ আল্লাহর রাস্তায় লড়াই করা। আর এই যুদ্ধের কাজ মুজাহীদরা ছাড়া আর কে করে? আর ফুক্বাহায়ে কেরাম তো একথা সুস্পষ্ট বলে দিয়েছেন যে, স্বাভাবিক ভাবে যখন ফী সাবীলিল্লাহ্ বলা হবে তখন এর দ্বারা জিহাদ ফী সাবীলিল্লাহই হবে।

এজন্য একথা বলা একেবারেই যথার্থ হবে যে, এই হাদীসের সারাসরি উদ্দেশ্য মুজাহিদগন। যদিও পরোক্ষভাবে ঐসব ভাইয়েরাও এই হাদীসের অন্তরভুক্ত হবেন যারা দ্বীনের অন্যান্য শাখা প্রশাখায় কাজ করছেন।
দয়ার সাগর হতে ইহা নয় দূরে

তিনি চাইলে অসংখ্য সওয়াব দিতে পারেন মোরে,

তাহার জন্য লাগবে তবু জীবন বাকী খেলা

সখ-বিলাসের মাঝে ডুবে পাবে কি তা হেলা?

আল্লাহ তা'য়ালা আমাদের এই পুরুস্কার বরং এর চেয়ে আরো বেশী দান করেন। আমীন! ইয়া রব্বাল আলামীন।

এজন্য প্রিয় ভাই ও বন্দুরা আমার আবেদন হলো হাদীস গুলোর ব্যখ্যা করার সময় আল্লাহ ভয়ের ব্যপারটি সামনে রাখুন। নতুবা দুনিয়া ও আখেরাতে ব্যর্থ হয়ে যাবেন। দ্বীনের এটা যেমন করে ফেলবে এবং হাদীসের ব্যাখ্যা বিশ্লেষনে মনমত রদবদল করবে?

বিশেষ দ্রষ্টব্য: বর্তমান প্রচলিত দাওয়াত ও তাবলীগকে পূর্ন দ্বীন এবং দ্বীনের মৌলিক কাজ বলা দ্বীনের অন্যান্য খেদমতকে দাওয়াত ও তাবলীগের শাখা প্রশাখা বলা একেবারেই মূর্খতা বিস্তারিত আলোচনা সামনে আছে সেখানে দেখে নিবেন।

আল্লাহ তা'য়ালা আমাদেরকে দ্বীনের বিকৃতি সাধন কারা থেকে হেফাজত করেন। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

সংশয় -১৬

فقال (على رسلك حتى تنزل بساحتهم ثم ادعهم إلى الإسلام وأخبرهم بما يجب عليهم فوالله لأن يهدى بك رجل واحد خير لك من حمر النعم)

- صحيح البخاري: 413/1 باب دعاء النبي صلى الله عليه و سلم إلى الإسلام والنبوة وأن لا يتخذ بعضهم بعضا أربابا من دون الله. رقم الحديث:2942 - سنن أبي داؤود : 515/2 باب فضل نشر العلم. رقم الحديث:3661

খায়াবার যুদ্ধের সময় রাসূল সা. হযরত আলী রা. কে লক্ষ্য করে বলেন: হে আলী! তোমার কারণে একজন ব্যক্তি হেদায়েতের উপর এস যাওয়া একশত লাল উট সদকা থেকে উত্তম।

এজন্য আমাদের ও কাফেরদের সাথে যুদ্ধ করে শক্তি সামর্থ ব্যায় করার চেয়ে তাদের ইসলাম গ্রহণের চিন্তা করা উচিত।

সমাধান -১

এটা তো ঠিক আছে যে, একজন কাফেরের ইসলাম গ্রহন করা বিষয়ে ফিকির করা উচিত। কিন্তু এর থেকে এটা কি করে প্রমানিত হয়ে যে, যে কাফের নিজে ঈমান আনবে না বরং ইসলামের প্রচার-প্রসারের ক্ষেত্রে বাধা রাখাবে। এমন কাফেরকেও হত্যা করা উচিত না? অথচ কাফেরদেরকে হত্যা করাই মূলত অন্য কাফেরদের ঈমান আনার মাধ্যম।

সমাধান -২

তাহলে কি রাসূল সা. এর এই পবিত্র বানী শুনার পর ঐ খায়বার যুদ্ধে হযরত আলী রা. কোন কাফেরকে হত্যা করেন নাই। অন্যান্য সাহাবিও কি যুদ্ধ করা ছেড়ে দিয়ে ছিলেন? তাহলে বীর মোরাহহাবের হাশর কে করেছিল?

সমাধান -৩

যদি এই হাদীসের উদ্দেশ্য এটাই হয় যা আমার প্রিয় ভাইও বন্ধুরা করেছেন। তাহলে ঐসব হাদীসের কী উদ্দেশ্য নিবেন? যাতে রাসূল সা. কাফেরদেরকে হত্যা করার উৎসাহ দিয়েছেন এবং এক কাফেরকে হত্যার জন্য সুসংবাদ শুনিয়েছেন।

হয়ত যদি ঈমান আনে কোন কাফের জানে

শত উটের চেয়েও পণ্যের মুসলমানের তরে।

তাই বলে কী কেউ অর্থ কী তার এরূপ ভবতে পারে

দুষ্ট কাফের নিঠন করা তার চেয়ে কম হবে?

এজন্য আমার আন্তরিক আবেদন হল কাফেরদের ঈমানের ফিকির করা যদি জরুরী হয়, এবং তা অবশ্যই জরুরী তবে দম্বিক কফেরদের দম্বিকতা দূর করা এবং মস্তিষ্ক বিকৃত কাফেরদের মস্তিষ্ক ঠিক করার ফিকির করাও জরুরী। যাতে ইসলাম প্রচার প্রশার লাভ করে। এবং আমাদের ঈমান মজবুত হয়ে যায়। ইসলামের বিজয় ও শান-শাওকত দেখে লোক দলে দলে ইসলাম গ্রহণ করে। আল্লাহ তা'য়ালা আমাদেরকে দ্বীন বুঝার এবং পূর্ণ দ্বীনের উপর আমল করার তাওফীক দান করুন। আমীন!!

সংশয় -১৭

সংশয় ও সমাধান লেখার আগে একটি ঘঠনা উল্লেখ করছি। ১৯৯৮ সনের কথা। আমি কাবুলের পাশে এক এলাকায় মুজাহিদদের খালিদ বিন ওয়ালিদ ক্যাম্প পরিদর্শনে যাই। সেখানকার ট্রেনিং সেন্টারের প্রশিক্ষকগন বললেন : ট্রেনিং সেন্টারে দৈনিক যোহরের নামাজের পর "ফাজায়েলে আমল" তালীম করা হয়। কিন্তু উল্যেখিত একটি হাদীসের কারণে আমরা যথেষ্ট পেরেশানীর শিকার হয়েছি। এক পর্যায়ে পেরেশানীর কারণে ঐ হাদীসের তালীমই নিষিদ্ধ করে দিয়েছি।

কারণ এতে মুজাদিদের জেহেনে সংশয় সৃষ্টি হয়। এবং এই হাদীসের কোন যুক্তিসঙ্গত ব্যাখ্যা আমাদের জানা নেই। আমি নিজেই আশ্চর্য হলাম, এটা কি করে সম্ভব? কোন হাদীস কি এমন হতে পারে যা মুজহিদদের জন্য কেন দ্বীনের যে কোন শাখায় কর্মরত কোন মুসলমানের জন্য পেরেশানীর কারণ হবে? হাদীস তো দ্বীনই-দ্বীন। এর দ্বারা দ্বীনের উপর আমল করা সহজ হবে। পেশেনীর কারন হওয়ার তো প্রশ্নই আসে না।

সংক্ষিপ্ত ঘটনা হলো, আমি যোহরের নামাজের পর ঐ হাদীসটিই তালীম করি। এবং তার ব্যাখ্যা আলোচনা করি এতে মুজাহিদদের সাথে সাথে প্রশিক্ষকগনও ﷲ

كبر। প্রথমে আমি ফাযায়েলে আমলের থেকে ঐ হাদীসটি ব্যাখ্যা সহ লিখছি। তার পর আসল প্রশ্নের ব্যাখ্যা বিশ্লেষন করবো। ইনশাআল্লাহ। আল্লাহ তা'য়ালা আমাদের সাবাইকে সত্য বলার তাওফিক দান করুন। এবং সত্যের উপর আমল করার তাওফিক দান করুন। আমীন !!!

عَنْ أَبِى هُرَيْرَةَ، قَالَ: كَانَ رَجُلاَنِ مِنْ بَلِىٍّ حَيٍ مِنْ قُضَاعَةَ أَسْلَمَا مَعَ النَّبِىِّ صلى الله عليه وسلم، فَاسْتُشْهِدَ أَحَدُهُمَا، وَأُخِّرَ الآخَرُ سَنَةً. قَالَ طَلْحَةُ بْنُ عُبَيْدِ اللّٰه: فَرأَيتُ الْمُؤَخَّرَ مِنْهُمَا أُدْخِلَ قَبْلَ الشَّهِيدِ، فَتعَجِبْتُ لِذَلِكَ، فَأَصْبَحْتُ فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللّٰه صلى الله عليه وسلم، أَوْ ذُكِرَ ذَلِكَ لِرَسُولِ اللّٰه صلى الله عليه وسلم، فَقَالَ رَسُولُ اللّٰه صلى الله عليه وسلم: أَلَيْسَ قَدْ صَامَ بَعْدَهُ رَمَضَانَ، وَصَلَّى سِتَّةَ آلافِ رَكْعَةٍ، أَوْ كَذَا وَكَذَا رَكْعَةً صَلاَةَ السَّنَةِ.

তরজমা:

হযরত আবু হুরায়রা রা. বর্ণনা করেন যে, এক গোত্রের দুই সাহাবী একসাথে মুসলমান হন। তাদের একজন যুদ্ধে শহীদ হয়ে যান। অপর জন এক বছর পর মৃত্যু বরন করেন। হযরত ত্বলহা বিন উবাইদুল্লাহ বলেন: আমি স্বপ্নে দেখলাম যে, যেই সাহাবী এক বছর পর ইন্তেকাল করে ছিলেন। তিনি ঐ শহীদ সাহাবীর আগে জান্নাতে প্রবেশ করছেন। আমি খুব আশ্চর্য হলাম। (শহীদের মর্যদা তো অনেক উর্ধে তার তো আগে জান্নাতে প্রবেশ করার কথা।) সকালবেলা আমি নিজেই বা অন্য কেউ হুজুর সা. কে জিজ্ঞাসা করল। তখন রাসূল সা. বললেন: যে সাহাবীর ইন্তেকাল এক বছর পর হয়েছে, তার নেক আমল তো আনেক বেশী হয়েছে। এক রমজানের রোজা বেশী হয়েছে। এবং এক বছরে তার ছয় হাজার এত এত রাকাত নামাজ বেশী হয়েছে।

সমাধান

উত্তর দেয়ার আগে ভূমিকা স্বরূপ কিছু জরুরী কথা লিখছি। রাসূল সা. ইরশাদ করেন إنما الأعمال بالنيات ..... الصحيح للبخاري: ২/১ رقم الحديث: ১। এবং অন্য হাদীসে এসেছে,

عن سهل بن سعد الساعدي قال قال رسول الله صلى الله عليه و سلم : (نية المؤمن خير من عمله

অর্থাৎ অনেক সময় মুমিন কোন নেক কাজের নিয়্যাত করে কিন্তু কোন কারণ বসত ঐ কাজ করতে পারে না। তাহলে নিয়তের কারণে সে অবশ্যই প্রতিদান পাবে। দেখুন ! কোন ব্যক্তি যদি কুরআনে কারীম হেফজ করার নিয়ত করে এবং হিফজ শুরু করে এর জন্য আনেক মেহনতও করে কিন্তু সে মেধা সল্পতার কারণে শেষ করতে পারেনা অথবা মাঝেই তার মৃত্যু হয়ে যায়। তাহলে অবশ্যই তাকে কিয়ামতের দিন হাফেজদের সাথে উঠানো হবে। অমনি ভাবে কোন ব্যক্তি হজ্জের নিয়তে ঘর থেকে রওয়ানা হয়। কিন্তু রাস্তায় তার মৃত্যু হয়ে যায় তাহলে অবশ্যই সে কিয়ামতের দিন হাজ্বীদের কাতারে দাঁড়াবে এবং আল্লাহ চাহেতো তাকে নিজ দয়া ও অনুগ্রহে হজ্জের পূর্ণ সাওয়াবও প্রতিদান দান করবে। দেখুন আল্লাহ তা’য়ালা ঐ ব্যক্তির ব্যাপারে বলেছেন যে, হিজরতের নিয়্যাতে ঘর থেকে রওয়ানা হয় এবং পথে তার মৃত্যু হয়ে যায়:

وَمَنْ يُهَاجِرْ فِي سَبِيلِ ٱللهِ يَجِدْ فِي الأَرْضِ مُرَاغَماً كَثِيراً وَسَعَةً وَمَنْ يَخْرُجْ مِنْ بَيْتِهِ مُهَاجِراً إِلَى ٱللهِ وَرَسُولِهِ ثُمَّ يُدْرِكْهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ أَجْرُهُ عَلَى ٱللهِ وَكَانُ ٱللهُ غَفُوراً رَحِيماً (سورة النساء-100)

তরজমা : আর যে আল্লাহর রাস্তায় হিজরত করবে, সে যমীনে বহু আশ্রয়ের জায়গা ও সচ্ছলতা পাবে। আর যে আল্লাহ্‌ও তাঁর রাসূলের উদ্দেশ্যে মুহাজির হয়ে নিজ ঘর থেকে বের হয় তারপর তাকে মৃত্যু পেয়ে বসে, তাহলে তার প্রতিদান আল্লাহর উপর অবধারিত হয়। আর আল্লাহ্ ক্ষমাশীল ও পরম দয়ালু।

উল্লেখিত হাদীস ও আয়াতের দ্বারা প্রমানিত হলো যে, প্রত্যেক আমলেরই একটি বাহ্যিক রূপ এবং একটি বাস্তবতা রয়েছে। সাওয়াব ও প্রতিদান মূলত ঐ বাস্তবতার উপর ভিত্তি করেই হয়। বাহ্যিক রূপের উপর না। যদি নিয়্যত ঠিক না থাকে। শুধু বাহ্যিক রূপ থাকে তাহলে আখেরাতে কোন ছাওয়াবই পাবে না। যেমন একজন আলেম, আর একজন দানবীর তৃতীয় আর একজন শহীদ। কিয়ামতের দিন জাহান্নামের ইন্ধন হবে। কেননা তাদের নিয়ত আল্লাহর সন্তুষ্টি ছিলো না। বরং লোক দেখানো এবং সুনাম-সুখ্যাতি অর্জন উদ্দেশ্য ছিলো।

এখানে যদিও এলেম তালিম দানশীলতা শাহাদাতের বাহ্যিক রূপ আছে কিন্তু বাস্তবতা নাই। যার জন্য ফলাফল আসল না। আর পূর্বে আলোচিত সূরাতে যেখানে হাফেজে কুরআন বা হাজ্জী ও মুহাজির তাদের আমল পূর্ণ না করেই দুনিয়া থেকে বিদায় নিয়েছে। কিন্তু পূর্ণ সাওয়াব ও প্রতিদান তারা পেয়েছে। কেননা সেখানে নিয়ত সঠিক হওয়ার সাথে সাথে তাদের মেহনতও ছিল যার কারণে কাজের বাস্তবতা সেখানে ছিলো। সুতরাং আমল পরিপূর্ণ না হলেও তারা সফল। আর এ দিকে আমল পরিপূর্ণ হওয়া সত্বেও তারা ব্যর্থ। এমনিভাবে শহীদের ব্যপারে রাসূল সা. এর ফরমান

حدثني أبو شريح أن سهل بن أبي أمامة بن سهل بن حنيف حدثه عن أبيه عن جده أن النبي صلى الله عليه و سلم قال (من سأل الشهادة بصدق بلغه الله منازل الشهداء وإن مات على فراشه) ولم يذكر أبو الطاهر في حديثه (بصدق)

- صحيح المسلم : 141/2 باب استحباب طلب الشهادة في سبيل الله تعالى. رقم الحديث:4893 - صحيح إبن حبان 465/7: رقم الحديث:3192 . - سنن أبي داؤود : 213/1 باب الإستغفار. رقم الحديث:1520 ،

অর্থাৎ কোন ব্যক্তি যদি সত্য দিলে আল্লাহর কাছে শাহাদাতের মৃর্তু্য কামনা কারে। (এবং তার জন্য চেষ্টা করবে কেননা তা ব্যতিত সততা থাকবে না।) তাহলে আল্লাহ

তা'য়ালা তাকে শহীদের মর্যাদায় পৌঁছিয়ে দিবেন। যদিও নিজের বিছানায় তার স্বাভাবিক মৃত্যু হয়।

এখন এই হাদীসের আলোকে আমি আরজ করতে চাই যে, নববী যুগের উভয় ব্যক্তিই সাহাবী। এবং উভয়েই শহীদ। পার্থক্য শুধু এতটুকু যে, একজনের শাহাদাতের বাস্তবতার সাথে সাথে বাহ্যিক সুরত অর্থাৎ আল্লাহর রাস্তায় জীবন উৎসর্গ করার সৌভাগ্য হয়েছে। আর আন্যজনের শুধু শাহাদাতের বাস্তবতা অর্জন হয়েছে। বাহ্যিক রূপ অর্জন হয় নাই।

অতএব যখন উভয়েই শহীদ। তবে দ্বিতীয় শহীদের এক বছরের নামাজ বেশী আছে। এবং অন্যান্য আমলও বেশী আছে। তাহলে অবশ্যই দ্বিতীয় ব্যক্তি প্রথম ব্যক্তির চেয়ে আগে বেড়ে যাবে। তাহলে তো কোন প্রশ্ন বাকি থাকে না।

কেউ দিব্য শহীদ কেউ অর্থের বিচারে

উভয়েই সফল ভাই রবের দরবারে

একজন নামাজ , রোজায় অগ্রগামী তাই

প্রাধান্যের হেতু হল তার বর্ধিত আমল ভাই।

আমি যে বললাম, তার উভয়ে শহীদ ছিলেন তার কারণ স্পষ্ট। কেননা রাসূল সা. নিজে যখন বার বার শাহাদাতের মৃত্যুর তামান্না করতেন তখন কিভাবে সম্ভব যে, একজন সাহাবী শহাদাতের তামান্না করবেন না। এবং যুদ্ধের ময়দান থেকে তিনি পিছনে থেকে যাবেন। সাহাবায়ে কেরাম তো কাফেরদের সাথে যুদ্ধের জন্য ব্যকুল হয়ে থাকতেন।

একটি সংশয়

